অস্যার্থঃ। প্রিয়বর্গের সহিত কৃষ্ণে আকর্ষিয়া। ভক্তির বশীভূত হন প্রেমে বশ হৈয়া॥ সেই ভক্তি হয় পুনঃ তিন পরকার। সাধনভক্তি ভাবভক্তি প্রেমভক্তি আর॥ ক্লেশঘ্নী শুভদা দুই সাধনভক্তিতে হয়। সুদুর্লভা পর্য্যন্ত চারি ভাবভক্তিতে কয়॥ শ্রীকৃষ্ণাকর্ষিণাবধি হয় প্রেমভক্তি আকাশাদির গুণ যৈছে পরে পরে স্থিতি॥

অথ সাধনভক্তি।

কৃতিঃ সাধ্যা ভবেৎ সাধ্য ভাবা সা সাধানাভিধা।
নিত্যসিদ্ধস্য ভাবস্য প্রাকট্যং হৃদিসাধতা॥

অস্যার্থঃ। ইন্দ্রিয় দ্বারায় সাধ্য যেই ভক্তি হয়। সাধনভক্তি বলি তারে জানিহ নিশ্চয়॥ সাধন ভক্তির সাধ্য ভাবভক্তি হয়। নিত্যসিদ্ধভাব হৃদি প্রকট করয়॥ সেইত সাধনভক্তি দুই বিধ হয়। বৈধি আর রাগানুগা জানিহ নিশ্চয়॥

অথ বৈধি।

যত্র রাগানবাপ্তত্বাৎ প্রবৃত্তিরুপজায়তে।
শাসনে নৈব শাস্ত্রস্য সা বৈধিভক্তিরুচ্যতে॥

অস্যার্থঃ। শাস্ত্র কিম্বা সাধুমুখে কৃষ্ণের চরিত্র। শুনিয়া বিশ্বাস জন্মে এই হয় সত্য॥ ভজন করিতে যোদের আছে কি না আছে। ধর্ম্মশাস্ত্র দেখে কিম্বা বিজ্ঞজনে পুছে॥ শাস্ত্রে থাকে আর যদি বিজ্ঞজনে কয়। ভজন করিতে তবে প্রবৃত্তিজন্মায়॥ শাস্ত্রবিজ্ঞজনে পুছে প্রবৃত্তি উপায় পারাবার হেতু জিজ্ঞাসিলে রাগ তারে কয়॥ করি কি না করি তার লোভের হ্রাস জানি। অতএব বৈধিভক্তি কহিল বাখানি॥ কিম্বা এখন তখন করি করে বিলম্বন। কর্ম্ম সারি শেষে কৃষ্ণ করিব ভজন॥ ভজনে প্রবৃত্ত হতে ক্ষণাপেক্ষা করে। শাস্ত্রযুক্তি ক্ষণাপেক্ষা বৈধি বলি তারে॥ ভজন করি না করি সন্দেহ থাকে যার। পুরাণ শাস্ত্রে এই বিধি বিধি আছে তার॥

যথা পদ্মপুরাণে ॥

স্মর্ত্তব্যঃ সততং বিষ্ণু র্বিস্মর্ত্তব্যো ন জাতুচিৎ।
সর্ব্বেবিধি নিষেধাঃ স্যুরেতয়োরেব কিঙ্করাঃ ॥

অস্যার্থঃ। সদা কাল স্মরণ কর বিষ্ণুর চরণ। কদাচিত বিস্মৃতি না হইবে কখন ॥ স্মরণ করিতে বিধি নিষেধ বিস্মর। আর যত বিধি নিষেধ এ দুয়ের কিঙ্কর ॥ আগম নিগম বেদ পুরাণ যত হয়। শ্রীকৃষ্ণ ভজিতে বিধি না ভজিলে প্রত্যবায় ॥

একাদশে তু ব্যক্তমেবোক্তং। মুখবাহূরুপাদেভ্যঃ
পুরুষ্যাশ্রমৈঃ সহ। চত্বার জজ্ঞিরে বর্ণা গুণৈর্বিপ্রাদয়ঃ
পৃথক্ ॥ য এষা পুরুষ সাক্ষাদাত্ম প্রভব মীশ্বরং।
ন ভজন্ত্যবজানন্তি স্থানোদ্ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ।

অস্যার্থঃ। মুখ বাহু উরু পাদপদ্মে যাঁর জন্ম। ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র চারি বর্ণ ॥ আত্ম প্রভু শ্রীকৃষ্ণকে যদি নাহি ভজে। স্বধর্ম্ম করিয়া সে রৌরবে পড়ি মজে ॥

অথ অধিকারী।

য কেনাপ্যতি ভাগ্যেন জাত শ্রদ্ধাস্য সেবনে
নাতি শক্তো ন বৈরাগ্য ভাগস্যামধি কার্য্যসৌ ॥

অস্যার্থঃ। জন্ম জন্মান্তরে বহু পুণ্য থাকে যার। শ্রীকৃষ্ণ ভজিতে তবে শ্রদ্ধা হয় তাঁর ॥ যথাযোগ্য বৈরাগ্য করে ভক্তি অধিকারী। উত্তম মধ্যম কনিষ্ঠ তিন শ্রদ্ধা অনসারি ॥ শাস্ত্রযুক্তি জানে যেহোঁ দৃঢ় শ্রদ্ধাবান। উত্তম অধিকারী তেহোঁ তার যে ভুবন ॥ শাস্ত্রযুক্তি নাহি জানে

দৃঢ় শ্রদ্ধাবান। মধ্যম অধিককারী তার নাম কথন।। যাহার কমল শ্রদ্ধা সে কনিষ্ঠ জন। ক্রমে ক্রমেতে তেহোঁ হইবেন উত্তম।। সেই সাধনভক্তির অঙ্গ চৌষট্টি প্রকার। ক্রমে ক্রমে শুন নাম কহি যে সবার।। গুরুপাদাশ্রয় কৃষ্ণ-দীক্ষাদি শিক্ষণ। বিশ্বাসে গুরুর সেবা সাধুমার্গানুগমন।। স্বধর্ম্ম জিজ্ঞাসা ভোগাদি ত্যাগ কৃষ্ণের নিমিত্তে। দ্বার-কাদি বাস কিম্বা গঙ্গার সমীপে।। যাবৎ নির্ব্বাহ প্রতিগ্র-হণ করিবে। হরিবাসর সম্মান ধাত্র্যশ্বত্থাদি পূজিবে।। ভক্তির আরম্ভ এই দশ অঙ্গ হন। ত্যাগ দশ অবতার কহি বিবরণ।। শ্রীকৃষ্ণ বিমুখ জনের সঙ্গ তেয়াগিবে। মহারম্ভ উদ্যম বহু শিষ্য না করিবে।। বহু গ্রন্থ কলাভ্যাস ব্যাখ্যা বাদ বিবর্জ্জন। ব্যবহারে কৃপণতা না হবে কখন।। কাম-ক্রোধ শোকাদির বশ না হইবে। অন্য দেব অন্য শাস্ত্র নিন্দা না করিবে।। প্রাণিমাত্রে উদ্বেগ না দিবেক কখন। সেবা নাম অপরাধ দূরেতে বর্জ্জন।। কৃষ্ণ আর কৃষ্ণভ-ক্তের নিন্দা না সহিবে। এই দশ অঙ্গ ত্যাগ করিলে ভক্তি হবে।। আরম্ভ দশ ত্যাগ দশ অঙ্গ আর। এই বিশ অঙ্গ ভক্তি প্রবেশের দ্বার।। গুরুপাদাশ্রয় কৃষ্ণদীক্ষাদি শিক্ষণ গুরুসেবা তিন অঙ্গ হয়েন প্রধান।। ধরিব বৈষ্ণবচিহ্ন হরি নাম অঙ্কিব। নির্ম্মাল্য ধারণ ভক্ত অগ্রেতে নাচিব।।

অভ্যুত্থান অনুব্রজ্যা দণ্ডবৎ নতি। তৎস্থানে পরি-ক্রমা আর তৎস্থানে গতি।। অর্চ্চন পরিচর্য্যা গীত জপ সঙ্কীর্ত্তন। বিজ্ঞপ্তি স্তবপাঠ নৈবেদ্য আস্বাদন।।

পাদ্য অর্ঘ্য ধূপ দীপ সৌরভ্য গ্রহণ। শ্রীমূর্ত্তি স্পর্শন

আর শ্রীমূর্ত্তি দর্শন ॥ আরতি উৎসব আর শ্রবণ কৃপেক্ষণ স্মৃতি ধ্যান দাস্য সখ্য আত্মা নিবেদন ॥ নিজ প্রিয় উপহার কৃষ্ণে সমর্পিবে। কৃষ্ণের নিমিত্তে সমস্ত চেষ্টিত হইবে ॥ সর্ব্বথা শরণাপত্তি তদীয় সেবন। তুলসী মথুরা শাস্ত্র বৈষ্ণব চারি হন॥ যথাগোষ্ঠী লঞা মহোৎসব করিবে সতত। জন্মাষ্টমী ব্রত আর কার্ত্তিকাদি ব্রত ॥ শ্রদ্ধা বিশেষে করি শ্রীমূর্ত্তি সেবন। রসিকের সঙ্গে ভাগবত আস্বাদন ॥ স্বজাতীয়াশয় স্নিগ্ধ সাধুসঙ্গ হন। মথুরামণ্ডলে স্থিতি নামসঙ্কীর্ত্তন॥ সকল সাধন শ্রেষ্ঠ এই পঞ্চ অঙ্গ। কৃষ্ণপ্রেম জন্মায় এই পাঁচের অল্প সঙ্গ॥ চৌষট্টি অঙ্গ কহিল এই বিবরণ। সেবা নাম অপরাধের শুনহ কারণ ॥

যথা আগমে ॥

চর্ম্মকাষ্ঠপাদুকা কিম্বা যান আরোহণ। ভগবৎ মন্দিরে না করিবে গমন ॥ দেবতা অনোৎসব অগ্রে অপ্রণাম। উচ্ছিষ্টে বা অশৌচে বা ভগবান বন্দন ॥ এক হস্তে প্রণাম আর অগ্রে প্রদক্ষিণ। পাদ প্রসারণ অগ্রে পর্য্যঙ্ক বন্ধন শয়ন ভক্ষণ আর মিথ্যাভাষণ। উচ্চভাষা অনর্থ ভাষা মিথ্যা রোদন ॥ নিগ্রহ অনুগ্রহ অগ্রে সামর্থ জানায়। ভেদ বাক্য ক্রূরবাক্য মনুষ্যেরে কয় ॥ পরনিন্দা পরস্তুতি কম্বলাবরণ। অধোবায়ুত্যাগ আর অশ্লীল ভাষণ ॥ শক্তি থাকিতে অনোপচারেতে সেবন। কৃষ্ণে নিবেদন বিনে করয়ে ভোজন ॥ যে কালে যে ফল হয় অর্পণ না করে। অগ্রভাগ দ্রব্য যেজন না দেয় কৃষ্ণেরে ॥ শ্রীমূর্ত্তি পশ্চাৎ করি করয়ে আসন। বিষ্ণুর মন্দিরে আনে করে অভিবাদন ॥

গুরু স্থানে মৌন থাকে নিজ স্তবন। অন্য দেবতা সেবা করয় নিন্দন॥ বিষ্ণুসম্বন্ধে বত্রিশ অপরাধ এই। বরাহ পুরাণের মত শুন কিছু কই॥ অন্ধকারে হরির স্পর্শ রাজান্ন ভক্ষণ। বেদ বিধির মত বিনা হরি উপাসন॥ বাদ্যোদ্যম বিনা তৎদ্বার উদ্ঘাটন। কুক্কুর দৃষ্টে ভোগ সংগ্রহ করে যেই জন॥ অর্চ্চনে মৌন ভঙ্গ বিষ্ণু নৈর্গায় দ্রমর্পণ। গন্ধ মাল্যাদি আহরি না করে অর্পণ। অযোগ্য পুষ্পেতে করে শ্রীবিষ্ণু পূজন। দন্ত ধাবন না করে করে নিধুবন॥ রজঃস্বলা স্ত্রী দীপ মৃতক স্পর্শন। রক্ত নীল অধৌত বস্ত্র পরিধান॥ অধোবায়ু ত্যাগ আর শ্মশান ভ্রমণ। মৃত্যু দৃষ্টে ক্রোধ যুক্তে অজীর্ণ ভোজন॥ তৈল মর্দ্দন আর কয়েগ দ্রব্য খায়। হরি স্পর্শ হরির কর্ম্ম করিলে অপরাধ হয়॥ অন্যত্রে॥ ভক্তিশাস্ত্রে অনাদর অন্য শাস্ত্রে প্রবর্ত্তন। শ্রীমূর্ত্তির অগ্রে করে তাম্বূল চর্ব্বণ॥ এরণ্ড পত্রে স্থিতি পুষ্পে করয়ে অর্চ্চন। আসুর কালেতে করে শ্রীবিষ্ণু পূজন॥ পীঠে কিম্বা ভূমে বসি করয়ে অর্চ্চন। স্নান কালে বামহস্তে শ্রীমূর্ত্তি স্পর্শন॥ বাসিপুষ্প যাচিতপুষ্পে অর্চ্চয়ে কৃষ্ণেরে। পূজাকালে মুখের অমৃত ত্যাগ করে॥ পূজা করিতে গর্ব্ব করে যেই জন। তীর্য্যক পুণ্ড্রী তিলক করয়ে ধারণ॥ অপ্রক্ষালিত পদে শ্রীমন্দিরে গমন। অবৈষ্ণবের পক্ক অন্ন করে নিবেদন॥ অবৈষ্ণব কপালির দৃষ্টে শ্রীবিষ্ণু পূজয়। নখ স্পর্শ জলে বিষ্ণুর স্নান করায়॥ ঘর্ম্ম লিপ্ত না করিয়া করয়ে পূজন। গণেশপূজা না করি করে নির্ম্মাল্য লংঘন॥ সেবা অপরাধ

এই কৈল বিবরণ। ইথে সাবধান সদা হবে ভক্তগণ॥ সর্ব্ব পাপ করি হয় শ্রীকৃষ্ণের আশ্রয়। কৃষ্ণ তারে মুক্ত করি করেন নির্ভয়॥ কৃষ্ণস্থানে অপরাধ করে সেবা জন। নামাশ্রয় কদাচিৎ হয়ত মোচন॥ নাম সকলের সুহৃদ জানিহ কারণ। তাহে অপরাধ হইলে না হয় মোচন॥

অথ নামাপরাধ।

শিবাদি দেবতায় করে বিষ্ণুর সমান। বেদ পুরাণ শাস্ত্র করযে নিন্দন॥ গুরুতে মনষ্য বুদ্ধি বৈষ্ণব নিন্দন। নামে অর্থবাদ আর কুব্যাখ্যা কল্পন॥ অন্য শুভকর্ম্ম করি নামের সমকক্ষ। নামবলে পাপে প্রবৃত্তি যেই জন হয় অযোগ্য জনেরে করে নাম উপদেশ। নাম মাহাত্ম্য শুনি হয় অবিশ্বাস॥ সেবানবম অপরাধের কৈল বিবরণ। এবেত কহিয়ে কিছু রাগের লক্ষণ॥

অথ রাগানুগা॥

বিরাজন্তি মভিব্যক্ত ব্রজবাসিজনাদিষু।
রাগাত্মিকা মনুস্মৃতা যা সা রাগানুগোচ্যতে॥

অস্যার্থঃ। রাগ ভক্তি বিরাজয় ব্রজবাসীগণে। তার অনুগত ভক্তের রাগানুগাখ্যানে॥

তথাহি।

তত্তদ্ভাবাদি মাধুর্য্যে শ্রুতে ধীর্ঘদপেক্ষতে। নাত্রশাস্ত্রং ন যুক্তিঞ্চ তল্লোভোৎপত্তিলক্ষণং॥

অস্যার্থঃ। সাধুমুখে শাস্ত্রে শুনে কৃষ্ণের চরিত্র। অসাধারণ রূপগুণ সর্ব্বলোকাতীত॥ শুনিয়া প্রবৃত্তি জন্মে যাহার অন্তরে। শাস্ত্র যুক্তির অপেক্ষা কিছুই না করে॥

শাস্ত্র বিজ্ঞজনে পুছে পাবার উপায়। প্রবৃত্তি জিজ্ঞাসিলে তারে বৈধিভক্তি কয়॥ শ্রীকৃষ্ণ ভজিব বলি লোভ যার হয়। শাস্ত্র বিনে সাধন তত্ত্ব জানা নাহি যায়॥ যদি কহ শাস্ত্র বিনে জানিব অনুমানে। অনুমানের অস্থায়িত্ব গোসাঞির লিখনে॥

তথাহি।

যত্নেনাপাদিতোপ্যর্থঃ কুশলৈরনুমাতৃভিঃ।
অভিযুক্ততরৈরন্যৈরন্যথৈবোপপদ্যতে॥

অস্যার্থঃ।

এক অনুমানির অনুমানে যেবা হয়। অন্য অনুমানি পুনঃ অন্য অর্থ কয়॥ যদি কহ একান্ত করি করিব ভজন শাস্ত্র মত বিনা তাহা উৎপাত কল্পন॥

তথাহি নারদপঞ্চরাত্রে।

শ্রুতিস্মৃতিপুরাণাদি পঞ্চরাত্র বিধিং বিনা।
ঐকান্তিকী হরের্ভক্তি রুৎপাতায়ৈব কল্পতে॥

অস্যার্থঃ।

শ্রুতি স্মৃতি পঞ্চরাত্রি আদির মত বিনা। একান্তি করিলে হয় উৎপাত কল্পনা॥

ভক্তিরৈকান্তিকীমেব যঃ বিচারাৎ প্রতীয়তে।
বস্তুতস্তু তথানৈবদয়শাস্ত্রীয়তে ক্ষতে॥

অবিচার ভক্তি ঐকান্তিকীর ন্যায়। প্রতীত জন্মায় মাত্র ঐকান্তিকী নয়॥ পাবার উপায় শাস্ত্র পুছে যেই জন। তাহার কর্ত্তব্য এই গোঁসাঞির লিখন॥

তথাহি।

কৃষ্ণং স্মরন্ জনঞ্চাস্য প্রেষ্ঠং নিজ সমীহিতং।
তত্তৎকথারতশ্চাসৌ কুর্য্যাদ্বাসং ব্রজেসদা॥

কৃষ্ণ আর নিজ ভাবে কৃষ্ণ প্রেষ্ঠজন। ব্রজে বাস করি সদা করহ স্মরণ॥

সেবাসাধকরূপেণ সিদ্ধিরূপেণ চাত্র হি।
তদ্ভাবলিপ্সুনাকার্য্যা ব্রজলোকানুসারতঃ॥

অস্যার্থঃ।

ব্রজভাব লভিতেই ইচ্ছা থাকে যার। সাধক রূপে সিদ্ধি রূপে সেবা কার্য্য তার॥ সাধক রূপেতে সাক্ষাৎ শ্রীগুরু সেবন। সিদ্ধদেহ চিন্তে রাধা কৃষ্ণের চরণ॥

তথাহি

শ্রবণাৎ কীর্ত্তনাদীনি বৈধভক্ত্যাদিতানি তু।
যান্যঙ্গানি চ তান্যত্র বিজ্ঞেয়ানি মনীষিভিঃ॥

অস্যার্থঃ।

শ্রবণাদি চৌষট্টি অঙ্গ কহিল বৈধিতে। রাগানুগা ভক্তিতে তাহা জানিহ নিশ্চিতে॥ পুনঃ সেই ভক্তি কহি দুই পরকার। কামানুগা এক হয় সম্বন্ধানুগা আর॥ সেই কামানুগা পুনঃ দুই বিধা কহি। তদ্ভাব ইচ্ছময়ী আর সম্ভোগেচ্ছাময়ী॥ তদ্ভাব ইচ্ছাময়ী গোপীর ভাবে অনুগত। সম্ভোগ ইচ্ছাময়ী মহিষীর ভাবপ্রাপ্ত॥ সম্বন্ধানুগা পিতৃত্বাদি হয় দুইমত। আপনাতে পিতৃভাব আর অনুগত॥ সংক্ষেপে কহিল সাধন ভক্তির বিবরণ। এবে কহি শুন ভাবভক্তির লক্ষণ॥

তথাহি।

শুদ্ধসত্ত্ববিশেষাত্মা প্রেমসূর্য্যাংশু সাম্যভাক্।
রুচিভিশ্চিত্তমাসৃণ্যকৃদসৌভাব উচ্যতে॥

অস্যার্থঃ।

সেই সামান্য লক্ষিতা ভক্তি তারে ভাব কয়। শুদ্ধ সত্ত্ব বিশেষ যদি আত্মা যদি হয়॥ কৃষ্ণে রুচি হঞা তবে চিত্ত আর্দ্র হয়। প্রেমসূর্য্য স্থানী যেন ভাবজ্যোতিঃ প্রায়

তথাহি।

প্রেমস্তু প্রথমাবস্থা ভাব ইত্যভিধীয়তে।
সাত্ত্বিকাঃ স্বল্পমাত্রাস্যু রত্রাশ্রুপুলকাদয়ঃ॥

অস্যার্থঃ। প্রেমের প্রথমাবস্থা ভাব তারে কয়। অল্প সাত্ত্বিক অশ্রু পুলকাদি অল্প হয়॥

তথাহি।

আবির্ভূত মনোবৃত্তৌ ব্রজন্তি তৎস্বরূপতাং।
স্বয়ং প্রকাশরূপাপি ভাসমানা প্রকাশ্যবৎ॥

অস্যার্থঃ। মনে আবির্ভূত হঞা তৎস্বরূপ হয়। স্বয়ং প্রকাশরূপ হঞা প্রকাশ্যের ন্যায়॥ সেই ভাব উৎপিত হয় দুই পরকার। কৃষ্ণকৃপা ভক্তকৃপা সাধন হৈতে আর

অথ ভাবের অনুভাব।

ক্ষান্তিরব্যর্থকালত্বং বিরক্তির্মানশূন্যতা।
আশাবন্ধ সমুৎকণ্ঠা নামগানে সদারুচিঃ॥
আসক্তিস্তদ্গুণাখ্যানে প্রীতিস্তদ্বসতিস্থলে।
ইত্যাদয়োঽনুভাবাস্যুর্জাতভাবাঙ্কুরে জনে॥

কিরণ।

নাম্না কৃষ্ণরসজ্ঞশীলেনোদ্দীপয়ন্ সদানন্দং।
নিজরূপোৎসবদায়ী সনাতনাত্মা প্রভুর্জয়তি।।

মধুরারতিভে বিভাবাদির মিলনে। আস্বাদ্য হইলে মধুর রস কহি তানে।।

তত্র বিভাবঃ।

তত্র জ্ঞেয়া বিভাবাস্তু রত্যাস্বাদন হেতবঃ।
তে দ্বিধালম্বনা এক তথৈবোদ্দীপনাঃ পরে।।

বিভাব কহিয়ে রতির আস্বাদ হেতু যেই। আলম্বন উদ্দীপন এই দুই বিধা কই।।

তত্র আলম্বনাঃ।

অস্মিন্নালম্বনাঃ প্রোক্তাঃ কৃষ্ণস্তস্য চ বল্লভাঃ।

কৃষ্ণ আর কৃষ্ণপ্রিয়া হয় আলম্বন। বিষয়ালম্বন কৃষ্ণ আশ্রয় প্রিয়াগণ।।

তত্র বিষয়ালম্বন কৃষ্ণঃ।

কোটি কন্দর্প জিনি রূপ নবঘনশ্যাম। দিব্যলীলা নিধি নয়নের অভিরাম।।

অথ কৃষ্ণের গুণ।

অয়ং সুরম্যো ১ মধুরঃ ২ সর্ব্বসল্লক্ষণান্বিতঃ ৩।
বলীয়ান্ ৪ নবতারুণ্যো ৫ বাবদূক ৬ প্রিয়ম্বদঃ ৭।।
সুধীঃ৮সপ্রতিভো৯ধীরো১০ বিদগ্ধ১১শ্চতুর১২সুখী১৩।
কৃতজ্ঞো ১৪ দক্ষিণঃ১৫প্রেমবশ্যো১৬গম্ভীরত্মুধিঃ১৭।।

বরীয়ান্১৮কীর্ত্তিমান্১৯নারীমোহনো২০নিত্যনূতনঃ২১
অতুল্যকেলি২২সৌন্দর্য্য২৩প্রেষ্ঠ২৪বংশীস্বনাঙ্কিত২৫ ॥
ইত্যাদয়স্তু মধুরে গুণাঃ কৃষ্ণস্য কীর্ত্তিতাঃ।
ধীরোদাত্তধীরললিত ধীরশান্ত ধীরোদ্ধত ॥
পতি উপপতি পুনঃ হন দুই মত।

তত্র পতিঃ।

উক্তঃ পতিঃ স কন্যায়াঃ যঃ প্রাণিগ্রাহকো ভবেৎ।
পতি কহি পাণিগ্রহণকর্ত্তা হন যেই।
যথা। রুক্ম রাজা জিনি কৃষ্ণ রুক্মিণী আনিঞা। পাণিগ্রহণ কৈল পুরী আহলাদ করিয়া ॥
কাত্যায়নি মহামায়ে মহাযোগিনাধীশ্বরি।
নন্দগোপসুতং দেবি পতিং মে কুরুতে নমঃ ॥
এই সঙ্কল্পাপালার যে সব কন্যা কৈল। তার মধ্যে কারো কারো কৃষ্ণে পতিভাব হৈল ॥

অথ উপপতিঃ।

রাগেণোল্লংঘয়ন্ ধর্ম্মং পরকীয়াবলার্থিনা।
তদীয় প্রেমসর্ব্বস্বং বুধৈরুপপতিঃ স্মৃতঃ ॥
পরস্ত্রীর লোভে ধর্ম্ম করয় লংঘন। তাতে প্রেমসর্ব্বস্ব সেই উপপতি হন ॥
যথা। কোকিল ধ্বনি সঙ্কেত কৃষ্ণ তাহা কৈল। বৃদ্ধাভয়ে না আইসে রাধা লতকুলে রাত্রি জাগিল ॥
লঘুত্বমত্র যৎপ্রোক্তং তত্তু প্রাকৃতনায়কে।
ন কৃষ্ণে রসনির্য্যাস স্বাদার্থ মবতারিণী ॥
লঘুত্ব আদি দোষ যত প্রাকৃত লোকেতে। কৃষ্ণে

তাহা নহে অবতারি রস আস্বাদিতে॥ অনুকূল দক্ষিণ শঠ ধৃষ্ট চারি হন। ধীরোদাত্তাদি প্রত্যেকে চারি করিবে গণন॥

অত্র অনুকূল।

অনুরক্ত স্ত্রিয়ামেকাং ত্যক্তান্যললনাস্পৃহঃ।
সীতায়াং রামবৎসোয়মনুকূলঃ প্রকীর্তিতঃ॥

অন্য নারীস্পৃহা ত্যাগি একে মন যুক্ত। অনুকূল হয় সেই সীতাতে রামবত্ত॥ রাধাতে কৃষ্ণের শুদ্ধ অনুকূল কয়। তাঁর সঙ্গে অন্য নারী স্মৃতি নাহি হয়॥

অথ ধীরোদাত্তানুকূল।

যথা। পদ্ম নয়নী সবে সঙ্কেত করিয়া। রাধা অ-ভিসার পথে আছে লক্ষ হৈয়া॥ রাধা রঙ্গ ব্রত বিলা-সিত কৃষ্ণ চিত্ত। তাহারা দেখি না ঘটে শৈথিল্য লেশ মাত্র॥

ধীর ললিতানুকূল।

মাতা পিতা হতে দূর কৈল গৃহকৃত্য ভার। রাধা সহ বেহারি কৈল বৃন্দাবন অলঙ্কার॥

ধীর শান্তানুকূল॥

যথা। সূর্য্য পূজাছলে কৃষ্ণ ব্রাহ্মণ হইল। ধীর শান্ত আদি গুণ তাতে প্রকাশিল॥

অথ ধীরোদ্ধতানুকূল।

যথা। কৃষ্ণ কহে ললিতে তব সখী পরিহরি। স্বপ্নে কভু অন্য নারী পরশ না করি॥ সারগ্রাহী সগুণী

আমি মুক্তব্যালীকেতে। ক্রোধময়ী মুদ্রা কেনে বিস্তার আমাতে॥

অথ দক্ষিণঃ।

নায়িকা স্বপ্যনেকাসু তুল্যা দক্ষিণ উচ্যতে।

যথা। পদ্মাকরে দৃগ্‌ভঙ্গ কমলার অঙ্গ ভঙ্গ। তারা দোমূল প্রকাশয় করি নানা রঙ্গ॥ কর্ণ কণ্ঠ সুকেশী শৈব্যানী বিবিধাব। একে কালে আহ্বানে কৃষ্ণ ক্ষণেক কুণ্ঠ হন॥

অথ শঠঃ।

প্রিয়ংবক্তি পুরোঽন্যত্র বিপ্রিয়ং কুরুতে ভৃশং।

নিগূঢমপরাধঞ্চ শঠোঽয়ং কথিতো বুধৈঃ॥

পরক্ষে অপ্রিয় সাক্ষাৎ প্রিয়কথা কয়। নিগূঢ় অপরাধ করে সেই শঠ হয়॥

যথা। আমি তোমার বলি কৃষ্ণ তুমি শ্যামরায়। রতি রঙ্গরসে শেষে কৃষ্ণের নিদ্রা হয়॥ স্বপ্নে কহে পালি আমি তোমার মাত্র জানি। শুনি শ্যামার দীর্ঘশ্বাস না পোহায় রজনী॥

অথ ধৃষ্টঃ॥

অভিব্যক্তান্যতরুণীভোগলক্ষ্মাপি নির্ভয়ঃ।

মিথ্যাবচনদক্ষশ্চ ধৃষ্টোঽয়ং খলু কথ্যতে॥

ব্যক্তানা তরুণী ভোগচিহ্ন তাহাতে নির্ভয়। মিথ্যা বচনে দক্ষ সেই ধৃষ্ট হয়॥

যথা। হে শ্যাম ঘন চন্দনে কর নখাঙ্কজ্ঞান। গিরেতে আলতা বুদ্ধি মৃগমদে অঞ্জন॥ তরুণী তোমার দৃষ্টি

বিপরীত কেনে। উদাত্তাদি চারি পূর্ণ তমাদিতে বার। পতি উপপতি ভেদ পুনঃ চব্বিশ প্রকার॥ অনুকূল দক্ষিণ শঠ ধৃষ্ট প্রভৃতি এক। চারি চব্বিশে হইল ছেয়ানব্বই নায়ক॥

অথ তস্য সহায়াঃ স্যুপঞ্চধা চেটকোবিটঃ।
বিদূষকঃ পীঠমর্দ্দঃ প্রিয়নর্ম্মঃ সখস্তথা॥

পরিহাসে পণ্ডিত গাঢ় অনুরাগি হয়। দেশকাল জ্ঞাতা কৃষ্ণ গোপী প্রসাদয়॥ নিগূঢ় মন্ত্রণা আদি এই সহায়ের গুন।

অথ চেটঃ।

সন্ধানচতুরশ্চেটো গূঢ়কর্ম্মা প্রগল্‌ভধীঃ।
স তু ভঙ্গুর ভৃঙ্গারাদি কঃ প্রোক্তোত্র গোকুলে॥

যথা। শারদী মাধবী এই বসন্তে ফুটিল। এই ছলে রাধা আনি কৃষ্ণে মিলাইল॥

অথ বিটঃ।

বেশোপচার কুশলো ধূর্ত্তগোষ্ঠীবিশারদঃ।
কামতন্ত্রা কলাবেদী বিট ইত্যভিধীয়তে॥
কড়ারো ভারতী বন্ধ ইত্যাদির্ব্বিট ঈরিতঃ।

যথা। তোমার বন্ধুর সখা আমি সাধি পুনঃ পুনঃ। বংশীধ্বনিতে মাত্র না রহিবে মান॥

অথ বিদূষকঃ॥

বসন্তাদ্যভিধো লোলো ভোজনে কলহপ্রিয়ঃ।
বিকৃতাঙ্গ বচোবেশৈর্হাস্যকারী বিদূষকঃ॥
বিদগ্ধমাধবে খ্যাত যথাসৌ মধুমঙ্গলঃ।

অথ পীঠমর্দ্দঃ ॥

গুণৈর্নায়ক কল্পোয়ঃ প্রেমাতত্রানুবৃত্তিমান্।
পীঠমর্দ্দঃ স কথিতঃ শ্রীদামস্যাদ্‌যথা হরে ॥

তোমার বাক্যে শ্রীদাম আমার বিশ্বাস জন্ময়। দুর্গার প্রসাদ কি চপলাতে হয় ॥ দুর্গা পূজিবারে মোর বধূ বনে যায়। তাহাতেই খললোকে কুৎসা নানা কথা কয় ॥

অথ প্রিয়নর্ম্মসখঃ ॥

আত্যন্তিক রহস্যজ্ঞঃ সখীভাব সমাশ্রিতঃ। সর্ব্বেভ্যঃ প্রণয়িভ্যোহসৌ প্রিয়নর্ম্মঃ সখোবরঃ ॥ স গোকুলে তু সুবলস্তথাস্যাদর্জুনাদিকঃ।

যথা। নায়িকা সাধিয়া ক্রীড়ার নিকুঞ্জে আনেন। কন্দর্প লীলার শয্যা রচনা করেন ॥ কৃষ্ণবক্ষে শ্রান্তা কান্তায় করেন বীজন। কোন সেবার অধিকারী সুবল না হন ॥

অথ কৃষ্ণস্য দূতী ॥

স্বয়ং দূতী আপ্ত দূতী দুই বিধা জানি। স্বয়ং দূতী কটাক্ষাদি আর বংশীধ্বনি ॥ বীরা বৃন্দাদি কৃষ্ণের আপ্ত দূতী কহিল। বীরা প্রগল্ভ বচনা বৃন্দা চাটূক্তিপ্রেশলা ॥

ইতি নায়ক সহায় প্রকরণং ॥

অথ কৃষ্ণবল্লভাঃ ॥

প্রণয়িন্যাঃ পরমমাধুরীভূতঃ কৃতপুণ্যপুঞ্জ রমণী শিরোমণিঃ।

উপসন্ন যৌবন গুরোরধীতয়াঃ স্মরকেলি কৌশল

মুদাহরন্ হরৌ। স্বকীয়াঃ পরকীয়াশ্চ দ্বিধাতাঃ পরিকীর্ত্তিতাঃ॥ তত্র স্বকীয়া।

করগ্রহ বিধিং প্রাপ্তাঃ পত্যুরাদেশতৎপরাঃ।
পাতিব্রাত্যাদবিচলাঃ স্বকীয়াঃ কথিতা ইহ॥

স্বকীয়া কৃষ্ণের ষোল হাজার একশত। আর অষ্ট প্রধান দ্বারিকাতে সুবিখ্যাত॥ প্রত্যেকের সখী দাসী হাজারে হাজার।

তাস্তু শ্রীযদুবীরস্য সহস্রাণ্যস্য ষোড়শ। অষ্টোত্তরশতাগ্রাণি দ্বারবত্যাং সুবিশ্রুতাঃ॥ আসাং সখ্যশ্চ দাস্যশ্চ প্রত্যেকং স্যুঃ সহস্রশঃ। তুল্য রূপগুণাঃ সখ্যঃ কিঞ্চিন্ন্যূনাস্তু দাসিকাঃ॥ তত্রাপি রুক্মিণী সত্যা জাম্ববত্যার্কনন্দিনী। শৈব্যাভদ্রা চ কৌশল্যা মাদ্রীত্যষ্টৌগণাগ্রিমাঃ॥

ব্রজে দুর্গা পরার কৃষ্ণ পতি তায় হয়। অব্যক্ত বিবাহ হেতু পিতাদির ভয়॥

অথ পরকীয়াঃ॥

রাগেণৈবাপিতাত্মানো লোকযুগ্মানপেক্ষিণা।
ধর্ম্মেনাস্বীকৃতায়াস্তু পরকীয়া ভবন্তিতাঃ॥
কন্যাকাশ্চ পরোঢাশ্চ পরকীয়া দ্বিধামতাঃ।
প্রচ্ছন্নকামুকত্বঞ্চ গোকুলেন্দ্রস্য সৌখ্যদা॥

তথাহি রুদ্র॥

বামতাদুর্ল্লভত্বঞ্চ স্ত্রীণাংযাচ নিবারণা।
তদেব পঞ্চবাণস্য মন্যে পরমমায়ুধং॥
ব্রর্ত্তিতব্য সমিচ্ছদ্ভিঃ ভক্তবৎ নতু কৃষ্ণবৎ।

কৃষ্ণবন্নিত্য সৌন্দর্য্য বৈদগ্ধ্যাদি গুণাশ্রয়াঃ ॥
মঙ্গলা বিমলা লীলা কৃষ্ণসারিবিশারদা।
তারাবলি চকোরাক্ষি শঙ্করী কুঙ্কুমাদয়ঃ ॥
ইত্যাদীনান্তু শতোসো যূথানি ব্রজশুভ্রবাং।
লক্ষসংখ্যাস্তু কথিতা যূথে যূথে বরাঙ্গনাঃ ॥
সর্ব্বযূথাধীপাত্রতা রাধাদ্যা কুঙ্কুমাস্তিমাঃ।
তত্রাপি সর্ব্বথা শ্রেষ্ঠ রাধা চন্দ্রাবলীত্যুভে ॥
যথোস্তু যয়োঃ সন্তি কোটিসংখ্যা মৃগীদৃশঃ।
তয়োরপ্যুভয়োর্ম্মধ্যে রাধিকা সর্ব্বসাধিকা ॥
মহাভাব স্বরূপেয়ং গুণৈরতিবরীয়সী।
সুষ্ঠু কান্ত স্বরূপেয়ং সর্ব্বদা বার্ষভানবী ॥
ধৃতষোড়শসিঙ্গারা দ্বাদশাভরণাশ্রিতা ॥

তত্র সুষ্ঠুকান্ত স্বরূপা যথা।

কচাস্তবসুকঞ্চিতামুখমধীরদীর্ঘেক্ষণং।
কঠোরকুচভাগুরুং কৃশিমশালিমধ্যোশস্থলং ॥
নতে শিরসি দোর্লতে করজরত্নরম্যৌ করৌ।
বিধুনয়তি রাধিকে ত্রিজগদেশ রূপোৎসবঃ ॥

অথ ধৃত ষোড়শ সিঙ্গারাঃ।

স্নাতানাসাগ্রজাগ্রমণি রসিতপটা সূত্রীনিবদ্ধবেণী সোক্তং সাচর্চ্চিতাঙ্গি কুসুমিতা চিকুরা স্রগিনি পদ্মহস্তা। তাম্বূলাস্তোরুবিন্দ স্তবকিত চিবুকা। কজ্জলাক্ষী সুচিত্রাং রাধারক্তোজ্জলাংঘ্রি স্ফুরতি তিলকিনী ষোড়শা কল্পনীয়ং ॥

অথ দ্বাদশাভরণাশ্রিতাঃ।

দিব্যশ্চূড়মণীন্দ্রপুরটবিরচিতাঃ কুণ্ডলদ্বন্দ্বকাঞ্চী নিস্কাশ্চক্রীশলাকা যুগবলয়ঘটাকণ্ঠভূষোর্মিকাশ্চ। হারাস্তারানুকারা ভুজকটকতুলা কোটয়রত্নকৢপ্তাস্তুঙ্গাপাদাঙ্গরীয়চ্ছবিরিতিরবিভি ভূষয়ে ভাতি রাধা॥

অথ বৃন্দাবনেশ্বর্য্যা কীর্ত্যন্তে প্রবরাঃ গুণাঃ।
মধুরেয়ং নববয়াশ্চলাপাঙ্গোজ্জ্বলাস্মিতা॥ ৪॥
চারুসৌভাগ্যরেখাঢ্যাং গন্ধোন্মাদিতা মাধবা॥ ৬॥
সংগীত প্রসরাভিজ্ঞা রম্যবাক্ নর্ম্মপণ্ডিতা॥ ৯॥
বিনীতাকরুণাপূর্ণা বিদগ্ধাপাটবান্বিতা॥ ৩॥
লজ্জাশীলাসুমর্য্যাদাধৈর্য্যগাম্ভীর্য্যশালিনী।
সুবিলাসা মহাভাব পরমোৎকর্ষতর্ষিণী॥ ৯॥
গোকুলপ্রেমবসতি র্জগৎশ্রেণী লসদ্যশা॥ ২১॥
গুর্ব্বার্পিতগুরুস্নেহা সখী প্রণয়িতাবশা।
কৃষ্ণপ্রীয়াবলী মুখ্যা সন্ততা শ্রবকেশবা।
বহুনা কিং গুণা স্তস্যা সংখ্যাতীত হরেরিবা॥
ইত্যুঙ্গোক্তি মনঃস্থাত্তে পরসম্বন্ধগা স্তথা।
গুণাঃ বৃন্দাবনেশ্বর্য্যা ইহ প্রোক্তা চতুর্ব্বিধাঃ॥

নব বয়ঃ মধ্যম কৈশোর কহয়। সৌভাগ্যরেখা পাদাদি স্থিত চন্দ্রকলাদয়॥ মর্য্যাদা কহিয়ে সাধুমার্গ অচলন। লজ্জাশীলা সুশীলা ধৈর্য্য দুঃখ সহন॥

তত্র সৌভাগ্যরেখা যথা।

যবচক্র কমলধ্বজ পতাকা ঊর্দ্ধরেখা। অঙ্কুশাদি এই

গণ্ড্র বামপদে লেখা ॥ শঙ্খ মৎস্যবেদী রথ শৈল কুণ্ডল। গদা শেলাদি অষ্ট দক্ষিণে প্রবলী ॥ কুঞ্জর বাজী বৃষ অঙ্কুশ ব্যাজ শ্রীবৃক্ষ। যূপ বাণ তুমরাদি বামকরে লক্ষ ॥ শঙ্খ চামর অঙ্কুশ প্রাসাদ দুন্দভি বজ্র সূনে। শকটযুগ কোদণ্ড অসি ভৃঙ্গারাদি দক্ষিণে ॥

তাস্তু বৃন্দাবনেশ্বর্য্যাঃ সখ্য পঞ্চবিধামতাঃ।
সখ্যশ্চ নিত্যসখ্যশ্চ প্রাণসখ্যশ্চ কাশ্চন ॥
প্রিয়সখ্যশ্চ পরমপ্রেষ্ঠসখ্যশ্চ বিশ্রুতাঃ।
সখ্যঃ কুসুমিকা বৃন্দা ধনিষ্ঠাদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ ॥
নিত্যসখ্যশ্চ কস্তুরীমণিমঞ্জরীকাদয়ঃ।
প্রাণসখ্যঃ শশিমুখী বাসন্তী নাসিকাদয়ঃ ॥
গতে বৃন্দাবনেশ্বর্য্যাঃ প্রায়েণেমাঃ স্বরূপতাং।
প্রিয়সখ্যঃ কুরঙ্গাক্ষী সুমধ্যা মদন লসা ॥
কমলামাধবীমঞ্জুকেশী কন্দর্প সুন্দরী।
মাধুরী মালতী কামলতা শশিকলাদয়ঃ ॥
পরম প্রেষ্ঠা সখ্যস্তু ললিতা স বিশাখিকা। সুচিত্রা চম্পকলতা তুঙ্গবিদোন্দুরেখিকা ॥

রঙ্গদেবী সুদেবীচেত্যষ্টো সর্ব্বগুণশ্রিমাঃ।
আশাংসুষ্ঠুদ্বয়োরেব প্রেম পরমকাষ্ঠয়া ॥
কৃচিজ্জাতুকচিজ্জাতু তদাধিকা মিবেক্ষ্যতে।
নেষ্টায়দাক্ষিনিরসে করিভিঃ পরোঢ়াস্তদ্গোকুলা
স্বুজদৃশাং কুলমণ্ডলেন।
আশাংসয়ারসবিধে রব তারিতানাং কংসারিনা
রসিক মণ্ডলশেখরেণ ॥

তথাচ প্রাঞ্চ।

সামান্যবনিতা বেশ্যা সা দ্রব্যং পরমিচ্ছতি।
গুণহীনেচ নর্দ্বেষো নানুরাগো গুণিনাপি ॥
শৃঙ্গারাভাস এতাসু নশাঙ্কার কদাচনেতি ॥

অথ নায়িকা ভেদাঃ।

স্বকীয়াশ্চ পরোঢ়াশ্চ যদ্বিধা পরিকীর্ত্তিতা।
মুগ্ধামধ্যা প্রগল্‌ভেতি প্রত্যেকং তা স্ত্রিধামতাঃ ॥

তত্র মুগ্ধা।

মুগ্ধা নববয়ঃ কামারতৌ বামাসখীবশা।
রতি চেষ্টাতে অতি লজ্জা গোপনে প্রযত্না। অপরাধি দয়িতে বাষ্প রুদ্ধাবলোকনা ॥

অথ মধ্যা।

সমান লজ্জামদনা প্রোদ্যত্তারুণ্যশালিনী।
কিঞ্চিৎ প্রগল্‌ভাবচনা মোহন্তে সুরতক্ষমা ॥
মধ্যাস্যাৎ কোমলাক্বাপি মানে কুত্রাপি কর্কশা।
ধীরা অধীরা ধরাধীরা মধ্য তিন মত ॥

তত্র ধীরা।

ধীরাত্তবক্তি বক্রোক্ত্যা সোৎপ্রাসং সাগসং প্রিয়ং।
যথা। অঞ্জন আলক্তে নীল লোহিত তনু পশুপতি হৈলে। দেহার্দ্ধ দয়িতে কেনে তারে না আনিলে ॥

অথ ধীরমধ্যা।

অধীর পুরুষৈ বাক্যে নিরস্যেৎ বল্লভং রুষা।
যথা। স্তন সথাহার কণ্ঠে রাত্রি বিলসিতে। সকল কহিছে ধূর্ত্ত যাহ এথা হৈতে ॥

অথ ধীরাধীরা।

ধীরাধীরাতুবক্রোক্ত্যা সবাষ্পং বদতি প্রিয়ং।

যথা। গোপেন্দ্রনন্দন নরোদয়ঃ যাহি যাহি
সাতে বিধাস্যতি সখং হৃদয়াদিদেবী।
তম্মৌলিমালাহৃৎযাবক পঙ্কমঞ্জুঃ।
পাদদ্বয়ং পুনরননে বিভূষয়াদ্য॥

অথ প্রগল্ভা।

প্রগল্ভা পূর্ণতারুণ্যা মদান্ধোরুরতোৎসুকা।
ভূরিভাবোদ্গমাভিজ্ঞারসেনাক্রান্তবল্লভা॥
অতিপ্রৌঢ়োক্তি চেষ্টাসৌ মানেচাত্যন্তকর্কশা।
মানবৃত্তে প্রগল্ভাপি ত্রিধা ধীরাদিভেদতঃ॥

তত্র ধীরপ্রগল্ভা।

উদাস্তে সুরতে ধীরা সা বহির্ধা চ সাদরা।

যথা। দেবী পূজা করিতে হবে তাম্বূল না খাইব। শিল্প তোমার চিনি পরিজনে ভর্ৎসিব॥ ব্রজেশ্বরীর আজ্ঞা শীঘ্র যাইতে হইল। বিনয়েতে ভদ্রামান প্রমাণ করিল॥

অথ অধীরপ্রগল্ভা।

সন্তর্য্য নিষ্ঠুরোষাৎ অধীরা তাড়য়েৎ প্রিয়ং।

যথা। মুগ্ধা মোরা না জানিয়ে তোমার উচিত।
মল্লিদামে বান্ধে শ্যামা উৎপলে তাড়িত॥

অথ ধীরাধীর প্রগল্ভা।

ধীরাধীর গুণোপেতা ধীরাধীরেতি কথ্যতে।

যথা। তোমা প্রতি ক্রোধগন্ধ মোর নাহি হয়

শীঘ্র যাহ নহে সখী বান্ধিবে তোমায় ॥ কন্যা মুগ্ধা স্বীয় মুগ্ধা পরোঢ়া মুগ্ধা হয়। মধ্যা তিন স্বীয়ে পরোঢ়াতে হয়ে হয় ॥ প্রগল্‌ভা তিন স্বীয়া পরোঢ়াতে হয় হন। নায়িকার ভেদ এই পঞ্চদশ কন॥ এবেত কহি যে অষ্ট নায়িকা অবস্থা। অভিসারিকা বাসকসজ্জা আর উৎকণ্ঠিতা ॥ খণ্ডিতা বিপ্রলব্ধা আর কলহান্তরিতা প্রোষিতভর্ত্তৃকা আর স্বাধীনভর্ত্তৃকা ॥

অভিসারয়তে কান্তং স্বয়ং বাভির সত্যত।
নজোৎস্নীতামসীজাম যোগ্যাবেশাভিসারিকা।
লজ্জয়ানাঃস্বলীনেব নিঃশব্দাখিলমণ্ডনা।
কৃতাবগুণ্ঠা স্নিগ্ধৈঃ ক সখিং যুক্তা প্রিয়ং ব্রজেৎ ॥

তত্র অভিসার যত্রী।

যথা। মোর মনের কন্দর্প যেন নাহি জানে। কাজি সারে যেন কেহো করিয়া প্রার্থনে ॥ চাতুর্য্য করহ যাতে স্নেহে আইসয়। প্রাণহয় চন্দ্র যাবৎ না হয় উদয় ॥

অথ জ্যোৎস্নায়াং স্বয়ং অভিসারিকা।

যথা। বৃন্দাবনে পূর্ণচন্দ্র হইল উদয়। কুঞ্জমাঝে কৃষ্ণ তব পথ নিরীক্ষয় ॥ চন্দন কর্পূর অঙ্গে মাখি পট্টবস্ত্র পর। শ্রীকৃষ্ণ দরশনে তুমি শীঘ্র অভিসার ॥

তামস্যাং যথা বিদগ্ধমাধবে।

কালো বস্ত্রে অঙ্গ ঢাকি চলে কত নারী। আপনার রূপ তোমার হইল যে বৈরি ॥

অথ বাসকসজ্জা।

স বাসকবশাৎকান্তে সমেষ্যতি নিজং বপুঃ।

সজ্জীকরোতি গেহঞ্চ যা বাসকসজ্জিকা ॥
চেষ্টা চাস্যাঃ স্মরক্রীড়া সঙ্কল্পবর্ত্ম বীক্ষণং।
সখী বিনোদবার্ত্তা চ মুহুর্দূতীক্ষণাদয়ঃ ॥

পুষ্পশয্যা সালঙ্কার বপু হাস্যমুখে। মুহুর্মুহু কৃষ্ণ সহ সঙ্গম স্মঙরে ॥

অথ উৎকণ্ঠিতা।

অনাগসি প্রিয়তমে চিরায়ত্যুৎসুকাতুরা।
বিরহোৎকণ্ঠিতাভাববেদিভিঃ সা সমীরিতা ॥
অস্যাস্তুচেষ্টাহৃত্তাপোবেপথুর্হেতুতর্কনং।
আয়তির্বাষ্পমোক্ষশ্চ স্বাবস্থাকথনাদয়ঃ ॥

যথা।

রাধার কটাক্ষগুণে কিবা বদ্ধ হৈল। অসুরের সঙ্গে কিবা যুদ্ধ আরম্ভিল ॥ কৃষ্ণপক্ষে অষ্টমীর চন্দ্র হইল উদয়। তব প্রাণনাথ কেনে মোরে না স্মরয় ॥ বাসকসজ্জাদশা শেষে মানের বিরত। পরতন্ত্রে তথা দুয়ের উৎকণ্ঠা অসঙ্গতঃ ॥

অথ খণ্ডিতা।

উল্লংঘ্যসময়ং যস্যাঃ প্রেয়াণান্যোপভোগবান্।
ভোগলক্ষ্মিতঃ প্রাতেঃ রাগচ্ছেৎ খণ্ডিতা হি সা ॥
এষাত্তুরোষনিশ্বাসতুষ্টিস্তাবাদিভাগ্ ভবেৎ।

যথা।

শিরে যাবকচিহ্ন ভুজে তাড়ঙ্কে অঙ্কিত। স্তন কুঙ্কুমে উজ্জ্বল বক্ষ মালার প্লাবিত ॥ ঘূর্ণা কুণ্ডলিত চক্ষু কৃষ্ণের ...শি প্রাতে। মুখে মুনি ব্রত শ্যামের রুদ্রগণ চিত্তে ॥

অথ বিপ্রলব্ধা।

কৃত্বাসঙ্কেতমপ্রাপ্তে দৈবাৎ জীবিতবল্লভে।
ব্যথমানান্তরা প্রোক্তা বিপ্রলব্ধা মনীষিভিঃ॥
নির্ব্বেদচিন্তাখেদাশ্রুমূর্চ্ছানিশ্বসিতাদিভাক্॥

যথা। চন্দ্র দিবাপাগু কৃষ্ণ হইনু বঞ্চিত। বলসখী কি করি বলি হইল মূর্চ্ছিত॥

অথ কলহান্তরিতা।

যা সখীনাং পুরঃপাদপতিতং বল্লভং রুষা।
নিরস্য পশ্চাৎতপতি কলহান্তরিতা হি সা॥
অস্যাপ্রলাপসন্তাপগ্লানিনিশ্বাসিতাদয়ঃ।

যথা। পুষ্পমালা দিলেন তাহা ফেলাইনু দূরে। প্রিয় বাক্য তাহার না শুনিল কর্ণ দ্বারে॥ নমস্কারে শিখি পিচ্ছলুটে ভূমিতলে। মন মোর পুটপাক হেন তাতে জ্বলে॥

অথ প্রোষিতভর্ত্তৃকা।

দূরদেশং গতে কৃষ্ণে ভবেৎ প্রোষিতভর্ত্তৃকা।
প্রিয়সংকীর্ত্তনদৈন্য মস্যাস্তা নবজাগরৌ॥
মালিন্য মনবস্থানং জাড্যং চিন্তাদয়ো মতাঃ।

যথা। স্বচ্ছন্দে বিলাসী মথুরায় বৈসে হরি। বসন্ত সন্তাপ বৈরি তাহাতে কি করি॥

অথ স্বাধীনভর্ত্তৃকা।

স্বয়ত্তাসন্নদয়িতা ভবেৎ স্বাধীনভর্ত্তৃকা।
সলীলারণ্যবিক্রিড় কুসুমাবচয়াদিকৃৎ॥

কুচে পত্র রচ চিত্র কর কপোলেতে। জঘনেতে দেহ

কাঞ্চি সৃক কবরীতে॥ হস্তে বলয় দেহ নূপুর চরণে। রাধিকা কহিল কৃষ্ণ কৈল ততক্ষণে॥

হৃষ্টাঃ স্বাধীনপতিকাবাসঃ সজ্জাভিসারিকাঃ।
খণ্ডিতাশ্চ পরাঃপঞ্চখিন্নামণ্ডলবর্জ্জিতা॥
বামগণ্ডা প্রিতকরাচিন্তা সন্তৎ মানসা।
উত্তমামধ্যমা চাত্র কনিষ্ঠাচেতি তা স্ত্রিধা॥
ব্রজেন্দ্রনন্দনে প্রেমতারতম্যেন কীর্ত্তিতাঃ।
ভাবঃ স্যাদুত্তমাদীনাং যস্যা যাবান প্রিয়ে হরৌ॥
তস্যাপি তাবান্ স্যাদ্ধি ইতি সর্ব্বত্র যুজ্যতে॥

পঞ্চদশ এই অষ্টে একশত বিশ। পূর্ণতমাদিতে তিনে তিনশত বিশ॥ নায়কের গুণ যত হয় স্থানেং। সকল প্রসন্ন আসি নন্দের নন্দনে॥ রাধিকা হয়েন সর্ব্ব নায়িকা অবতংসে। অতএব সবার গুণ রাধিকাতে বৈসে॥ এবেত কহিব যূথেশ্বরীর গণন। অধিকা সমা লঘু এই তিন হন॥ সৌভাগ্য অধিক অধিকা সম হেতু সমা। লঘু হেতু লঘু ত্রিধা গোকুল শক্রবা॥

প্রত্যেকং মুখরামধ্যা মৃদ্বীচেতি পুন স্ত্রিধা।
প্রলাবাক্যা প্রখরাখ্যাতত্তুলঙ্ঘ্য ভাষিতা॥
তদুনত্বে ভবেৎ মৃদ্বীমধ্যা তাৎসাম্যমাগতা॥

তত্রাধিকত্রীকঃ।

আত্যন্তিকী তথৈবাপেক্ষিকীচেত্যধিকা দ্বিধা।

তত্র আত্যন্তিকাধিকা।

সর্ব্বথৈবাসমোর্দ্ধা যা সা স্যাৎ আত্যন্তিকাধিকা।
সা রাধা সাতু মধ্যৈব যমান্যাসদৃশী ব্রজে॥

যথা।

তাবৎ ভদ্রা বদতি চটুলং কুন্তলামেতি পাণশালী
নস্তং ত্যজতি বিমলাশ্যামালাহৃং করোতি। স্বৈরং
চন্দ্রাবলিরপি চলেত্যন্নমর্য্যোত্তমাঙ্গং যাবৎ কর্ণে
নহি নিবসতি হন্তরাধেতি মন্ত্রঃ ॥

আপেক্ষিকাধিক সেই তিন মত কহি। অধিকা প্রখরা অধিক মধ্যা অধিক মৃদ্বী॥ সম প্রখরা সম মধ্যা সম মৃদ্বী আত্যন্তিকী আপেক্ষিকী লঘু দুই কহি॥ আপেক্ষিকী লঘু সেই তিন মত কহি। লঘু প্রখরা লঘুমধ্যা আর লঘু মৃদ্বী॥ আত্যন্তিকী লঘু সেই দুইত প্রকার। আত্যন্তিকী মধ্যা আত্যন্তিকী মৃদ্বী আর॥

আদ্যে কৈবান্তিমাদ্বেধা মধ্যস্থা নবধোদিতাঃ।
ইত্যসৌ যূথনাথানাং ভিধা দ্বাদশধোদিতে॥

ইতি নায়িকাভেদাঃ।

অথ দূতীপ্রকরণং।

দূতী স্বয়ং তথাপ্তা চ দ্বিধাত্র পরিকীর্ত্তিতাঃ।

তত্র স্বয়ং দূতী।

অতি ঔৎসুক্যে লজ্জা টুটে রাগেতে মোহিত। স্বয়ং অভিযোগ করে স্বয়ং দূতী কথিত॥

স্বাভিযোগ স্ত্রিধা প্রোক্তা বাচিকাঙ্গিক চাক্ষুষা।

তত্র বাচিকঃ।

শব্দব্যঙ্গ অর্থব্যঙ্গ বাচিক দুই হয়। কৃষ্ণবিষয় পুরস্থ বিষয় দুইতে দুই কয়॥

তত্র কৃষ্ণবিষয়।

স সাক্ষাৎ ব্যপদেশাভ্যাং স্যাৎকৃষ্ণবিষয়ো দ্বিধা ॥

তত্র সাক্ষাৎ।

সাক্ষাৎ বহুবিধো গর্ব্বাক্ষেপয়াঞ্চাদিভি র্ভবেৎ

তত্র সাক্ষাৎ গর্ব্বেণ শব্দোর্থ যথা বিদগ্ধমাধবে।

সাধ্বীনাং ধুরিধার্য্যা ললিতাসঙ্গে গর্ব্বিতাচাস্মি।

হিতমালপামি মাধব পতিমাত্তভুজঙ্গতাং রচয় ॥

অর্থাথো ব্যঙ্গ যথা।

তমালশ্যামাঙ্গ ক্ষিপসি কিমাপাঙ্গশ্রিয়মিতঃ।

প্রসিদ্ধাহংশ্যামা ত্রিজগতি সতিনাং কুলগুরুঃ ॥

সমারম্ভে যস্যাঃ কথমপি মনাক্ বাধনবিধৌ মৃগী

মালাপ্যেষা প্রসভমভিতোহন্তিকোপিতা ॥

তমালস্যা মাঙ্গকেনে অপাঙ্গ ক্ষেপহ। সতীকুলের গুরু শ্যামা প্রসিদ্ধ জানহ ॥ কোন মতে অল্প মোরে যে হয় বাধিত। এ সখী সকল তারে হয়ত কুপিত ॥

অথ আক্ষেপ।

শব্দব্যঙ্গ অর্থব্যঙ্গ আক্ষেপ দুই হয়। স্বার্থাপরার্থায়া চঞা দুই কয় ॥ শব্দার্থব্যঙ্গ দুই স্বার্থাপরার্থাতে।ব্যপদেশ বলি কহেন যে কোন ছলেতে ॥

অথ পুরস্থাবিষয়ঃ।

কৃষ্ণ অগ্রেস্থিত অন্য তাহারে কহয়। কৃষ্ণের অশ্রুতবৎ পুরস্থাবিষয় ॥

অথ আঙ্গিকাঃ।

অঙ্গুলিস্ফোটনং ব্যাজসংভ্রমাত্তঙ্গসংবৃতি।

পদাম্বুলেখনং কর্ণ কণ্ডূতিস্তিলকক্রিয়া ॥
বেশক্রিয়া ভ্রুবোর্ধৃতিঃ সখ্যামাশ্লেষতাড়নে।
দংশোধরস্যহারাদি গুল্ফোমণ্ডলশিঞ্জিতং ॥
দোর্মূলাদি প্রকটনং কৃষ্ণনামাভিলেখনং।
তরৌ লতায়া-যোগাদ্যাঃ কৃষ্ণস্যাগ্রে স্মরেঙ্গিকাঃ ॥

তত্র অঙ্গুলিস্ফোটনং।

বিশাখার লোভে বড় দুঃখ হইল মনে। সব দুঃখ গেল মোর অঙ্গুলিস্ফোটনে ॥

অথ চাক্ষুষাঃ।

নেত্রস্মিতার্দ্ধস্ফুরতো নেত্রান্তভ্রমকূণতে।
সা চীক্ষা বামদৃক্ প্রেক্ষাকটাক্ষাদ্যাশ্চ চাক্ষুষাঃ ॥

তত্র নেত্রস্মিতং।

কন্দর্পের বিলাস স্থগিত কর কপটেতে। তাহা জানি গূঢ় হাসে তোমার নেত্রেতে ॥ এ সকল অসংখ্য দেখাইল দিঙ্মাত্র। নায়কে কৃষ্ণেতে ইহা জান যথোচিত ॥ স্বাভিযোগ কাহি যদি বুদ্ধি পূর্ব্বক হয়। স্বভাবজা হইলে মাত্র অনুভাব কয় ॥

অথ আপ্তদূতী।

প্রাণ গেলে বিশ্বাসের ভঙ্গ নাই করে। স্নিগ্ধা বাগ্মিনী সেই দূতী নাম ধরে ॥

অমিতার্থাঃ নিসৃষ্টার্থঃ পত্রহারীতি সা ত্রিধা।

তত্র অমিতার্থাঃ।

দুয়ের এক তরের ভাব ইঙ্গিতে জানিয়ে। উপায়ে মিলায়ে দুয়ে অমিতার্থ হয়ে ॥

অথ নিসৃষ্টার্থাঃ।

দুয়ের এক তরের কার্য্যভার পায়। যুক্তিতে ঘটয়ে দুয়ে নিসৃষ্টার্থ হয়॥

অথ পত্রহারী।

সন্দেশ মাত্রয়া যূনোর্নয়েৎ সা পত্রহারিকা।
তা শিল্পকারীদৈবজ্ঞালিঙ্গিনী পরিচারিকা॥
ধাত্রেয়ী বনদেবীচ সখীচেত্যাদয়ো ব্রজে।
বাচ্যং ব্যঙ্গমিতি দ্বেধাতদ্দুতা মুভয়োরপি॥

কৃষ্ণ প্রিয়াতে বাচ্য ব্যঙ্গ দুই হয়। কৃষ্ণের বাচ্য ব্যঙ্গ সেহো দুই মত কয়॥

ইতি দূতী প্রকরণং।

প্রেমলীলা বিহারাণাং সম্যগবিস্তারিকা সখী।
বিশ্রম্ভ রত্নপেটী চ ততঃ সুষ্ঠু বিবিচ্যতে॥ একযূথা
নুসক্তানাং সখী নামেব মথোক্তঃ। অধিকাদেক্তি
দাজ্ঞেয়া প্রখরাদেশ্চ পূর্ব্ববৎ॥ প্রেমসৌভাগ্য
সাদ্গুণ্যাদ্যাধিক্যাদধিকা সখী। সমাতৎসাম্য
তো জ্ঞেয়া তল্লঘুত্বাৎ তথালঘুঃ॥ দুর্লঙ্ঘ্য বাক্য
প্রখরাখ্যাতা গৌরবোচিতা। তদূনত্বে ভবেৎ
মৃদ্বীমধ্যাতৎ সাম্যমাগতা॥ আত্যন্তিকাধিক
ত্বোদিভেদঃ পূর্ব্বনদত্র মঃ। সযূথে যূথেনাথৈব স্যা
দত্রাত্যন্তিকাধিকা॥ সা কাপি প্রখরা যূথে কাপি
মধ্যামৃদ্বঃ কচিৎ॥

তত্রাত্যন্তিকাধিকাত্রিকং।

তত্ত্রিকং সকলাপেক্ষ্যং নাতীবান্যবশবং তথা।
স্বযূথে তদ্বাবস্থাতি ব্যক্তয়ে পুনরুচ্যতে॥

তত্র আত্যন্তিকাধিকা প্রথরা।

অধিক প্রথরাঃ শ্যামামঙ্গলাদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ।
ভক্ত্যধিকা মধ্যাস্তু শ্রীরাধা পালিকাদয়ঃ॥ অধি
ক মৃদবশ্চন্দ্রালী ভদ্রাদয়োমতাঃ॥

অথ আপেক্ষিকাধিকাত্রিকং।

যৌথিকী সখীর মধ্যে অধিকা যে একা। যূথেশ্বরী হতে লঘু আপেক্ষিকাধিকা॥ রাধিকার যূথে ললিতাদি প্রথরা হয়েন। বিশাখাদিকে অধিক মধ্যম কহেন॥ অধিক মৃদ্বী চিত্রা আর মধুরিকা আদি।

অথ সমত্রিকং।

গার্গীবিশ্রুতানি র্ভেদঃ প্রেমবন্ধঃ সমত্রিকং॥

অথ লঘুত্রিকং।

আপেক্ষিকী লঘু অত্যন্তিকী লঘু দুই। আপেক্ষিকী লঘু সেই তিনমত কই॥

তত্র লঘু প্রথরাঃ।

লঘু প্রথরা বামাদক্ষিণা হয়েন। মধ্যা মৃদ্বী আত্যন্তিক লঘু দুই কহেন॥ প্রথরাদি যূথেশ্বরী তিনে এক হয়। মধ্যোক্তা নয় আর অন্তে দুই কয়॥ এক এক যূথেশ্বরীর সখী এই বার হয়। এবে লিখি এসভার দূত্যার্থকরণ॥ দূরে থাকি কৃষ্ণে সখীর করান মিলন॥ যে সখীতে যার অতি অনুরাগ হয়। যূথেশ্বরী তার দূত্যে তারে নিয়ো

অস্য ।। তথাপি প্রণয়ে কান্তো গৌণ দূতী দেখি। দুরেগত্যা গতি বিনে গৌণ দূতী লেখি ॥ কৃষ্ণের সমক্ষ পরোক্ষ গৌণ এই দুই। সঙ্কেত বাচিক সমক্ষ দুই মত কই ॥

তত্রাদ্যং স্যাৎ দৃগন্তাদ্যৈঃ কৃষ্ণং প্রের্য্যস্বনিহ্নুতিঃ।

যথা। প্রিয়সখি তোমার কর্ম্ম জানিনু সকলি। চক্ষু ঠারি কৃষ্ণ পাঠাই আপনি লুকালি ॥ কণ্টকিণ্যোলতা যদি তথা না থাকিত। না জানি ধূর্ত্তের হাতে কি গতি হইত ॥

অথ বাচিকং।

নায়ক নায়িকা মিথঃ পুরোবা পশ্চাৎ বা বাক্য মেকত্র বাচিকং ॥

অথ হরেঃ পরোক্ষং।

পরোক্ষ কহি যে সখী সখী দ্বারায় অর্পণ। ব্যপদেশ দিতে কৃষ্ণের নিকটে প্রেরণ ॥ আপেক্ষাধিকা তিন লঘুর বিষয়। কদাচিৎ দূতী হেন নায়িকাত্ব প্রায় ॥ সমা প্রখরা মধ্যা মৃদ্বী পরস্পর। দূত্য নায়িকাত্ব হন সমাহেতু তার ॥

অথ সখী প্রায়াত্রিকং।

লঘু প্রখরা মধ্যা মৃদ্বী সদা দূতী হন। তেকারণে লঘু তিনে সখী প্রায় কন ॥

অথ নিত্য সখী।

সখীত্ব সর্ব্বদা প্রীত নায়িকাত্ব অনপেক্ষি। অত্যন্তিক লঘু দুই হন নিত্য সখী ॥ দূতী ক্রিয়াতে নির্জ্জনে কৃষ্ণের সঙ্গতি। কৃষ্ণের প্রার্থনায় কভু না হন সম্মতি ॥

যথা। সখীর নিমিত্তে, এই নির্জ্জনেতে, নিকটে

নারী। কামধনু হেন, এতনু কম্পন, বুঝি ইচ্ছা কর মোর ॥ বরং এ পরাণ, করিব অর্পণ, শুন বৃন্দাটবী চন্দ্র। তথাপি এতনু, দিতে যে নারিনু সখীর কৃত্যান্ধ বন্ধ ॥

মিথঃ প্রেমগুণোৎকীর্ত্তি। ১। তয়োরাক্তিকারিতা। ২। অভিসারোদ্বয়োরেব। ৩। সখ্যাঃ কৃষ্ণে সমর্পণং। ৪। নর্ম্ম। ৫। শ্বাসন। ৬। নেপথ্যং। ৭। হৃদয়োদ্ঘাটপাটবং। ৮। ছিদ্রসংবৃত্তি ॥ ৯। রেতস্যাঃ পত্যাদেঃ পরিবঞ্চনা। ১০। শিক্ষা। ১১। সঙ্গমনং কালে। ১২ ॥ সেবনং ব্যজনাদিভিঃ ॥ ১৩ ॥ তয়োর্দ্বয়োরুপালম্ভঃ। ১৪। সন্দেশ প্রেষণং তথা ১৫ ॥ নায়িকা প্রাণসংরক্ষা প্রযত্নাদ্যাঃ সখী ক্রিয়াঃ ॥ ১৬ ॥

অসমস্নেহা সমস্নেহা সপক্ষগা সখী। কৃষ্ণে যূথেশ্বরীতে এই দুই মত দেখি ॥

তত্র অসমস্নেহা।

কৃষ্ণে স্নেহাধিকা সখী স্নেহাধিকা কেহ। কৃষ্ণ স্নেহাধিকা পূর্ব্ব সখী খ্যাত যেহ ॥ প্রাণসখী নিত্যসখী পুর্ব্বে যে কহয়। সখী স্নেহাধিকা তারা জানিহ নিশ্চয় ॥ তুল্যপ্রেম দুয়ে যার সমস্নেহা কয়। তথাপি রাধিকার মোরা অভিমান হয় ॥ পরম প্রেষ্ঠা সখী আর প্রিয় সখী কয়। স্বপক্ষ সুহৃৎপক্ষ তটস্থপক্ষ আর। প্রতিপক্ষে এই চারি পক্ষের বিচার ॥ রাধিকার স্বপক্ষ শ্রীললিতাদি করি। সুহৃৎপক্ষ

শ্যামলা আদি যথেশ্বরী। তটস্থপক্ষ ভদ্রাদি প্রতিপক্ষ চন্দ্রাবলী॥

তত্র সুহৃদপক্ষাঃ।

সুহৃদ্পক্ষো ভবেৎ ইষ্টসাধকোঽনিষ্টবাধকঃ॥

অথ তটস্থপক্ষাঃ।

যো বিপক্ষঃ সুহৃদপক্ষঃ স তটস্থ ইহোচ্যতে।

অথ বিপক্ষঃ।

মিথোদ্বেষী বিপক্ষস্যাৎ ইষ্টহাঽনিষ্টকারকঃ।

ছদ্মের্ষ্যাচাপল্যাসূয়ামৎসরামর্ষগর্ব্বিতং॥

ব্যক্তিস্যাত্ম্যাক্ত চেষ্টাভিঃ প্রতিপক্ষ সখীষ্বিদং।

তত্র গর্ব্বিতং।

অহঙ্কারোঽভিমানশ্চ দর্পউদ্ধাসিতং তথা। মদ ঔদ্ধত্য মিত্যেব গর্ব্বঃ ষোঢ়া নিগদ্যতে॥

তত্র অহঙ্কারঃ।

অহঙ্কারঃ পরাক্ষেপঃ স্বপক্ষ গুণবর্ণনাৎ। হরিপ্রিয়জনে ভাবাদ্বেষাদ্যানোচিতা ইতি॥ যো ব্যাহরন্তি তে জ্ঞেয়া অপূর্ব্বরসিকাঃ ক্ষিতৌ।

কোটি কোটি কাম জিনি মোহনতা যার। মূর্ত্তিমান শৃঙ্গার ব্রজে নর্ম্মসখা তার॥ স্বকীয় মদীয় বিজাতীয় ভাব পক্ষ হয়েতে। ঈর্ষাদি ক্ষেপেন যোগে কৃষ্ণের তুষ্টার্থে॥ অতএব স্নেহ তাদের হয়ত বিচ্ছেদ।

ইতি হরিবল্লভা প্রকরণং।

অথ উদ্দীপনাঃ।

উদ্দীপনাবিভাবা হরে স্তদীয়া প্রিয়ানাঞ্চ।

কথিতা গুণনামানঃ চরিত্তসমন্বিত ভটস্থশ্চ॥

তত্র গুণাঃ।

মানস বাচিক কায়িক গুণ তিন হয়। কৃতজ্ঞ কান্তি করুণাদি মানসগুণ কয়॥

অথ বাচিকঃ।

কর্ণের আনন্দদায়ী বাচিক গুণ হয়।

অথ কায়িকাঃ।

তে বয়োরূপলাবণ্যসৌন্দর্য্য সভিরূপতা।
মাধুর্য্যং মার্দ্দবাগ্রাশ্চ কথিতা কায়িকা গুণাঃ॥

তত্র বয়ঃ।

বয়শ্চতুর্ব্বিধস্তত্র কথিতং মধুরে রসে।
বয়ঃসন্ধি স্তথা নব্যং ব্যক্তং পূর্ণমিতি ক্রমাৎ॥

তত্র বয়ঃসন্ধিঃ

বাল্যযৌবনয়োঃ সন্ধির্ব্বয়ঃসন্ধিরিতীর্য্যতে।

অথ নব্যং।

দরোদ্ভিন্নস্তনং কিঞ্চিচ্চলাক্ষং মন্দস্মিতং।
মনাগভিস্ফুরদ্ভাবং নব্যং যৌবন মুচ্যতে॥

অথ ব্যক্তং।

বক্ষঃ প্রব্যক্তবক্ষোজং মধ্যঞ্চ স্ববলি স্ফুরং।
উজ্জ্বলানি তথাঙ্গানি ব্যক্তে স্ফুরতি যৌবনে॥

অথ পূর্ণং।

নিতম্বো বিপুলোমধ্যং কৃশমঙ্গং স্ফুরদ্দ্যুতিঃ।
পীনৌ কুচাবুরুযুগ্মং রম্ভাভং পূর্ণযৌবনে॥

যথা। সফরি উল্লাস জিনি বঙ্কিম নয়ন। বিধু মধুর

রিমা জিনি অখণ্ড বদন ॥ কুচকুম্ভ ভ্রান্তি মুহুঃ অলিকুল গতি। অপূর্ব্ব শরীর পূর্ণ বয় লীলাবতি ॥

তস্যামাধুর্য্যং।

রূপ দেখি ত্রাস পায় বিপক্ষ যুবতী। প্রণয়বৃষ্টিতে আদ্র নহে কোন সতী ॥ তোমার কলায় ব্রজে শিষ্য নহে কে। কৃষ্ণের নিকুঞ্জ রাজ্যে মহিষী রাধিকে ॥

অথ রূপং।

অভূষিত অঙ্গ কোন ভূষণ আদিতে। ভূষিতের ন্যায় হয় রূপ কহি তাতে ॥

যথা দানকেলিকৌমুদ্যাং।

বিনা অলঙ্কারে, দেখিয়া রাধারে, লজ্জিত হইল পদ্মা মণিময় যত, ভূষণে ভূষিত, কেনবা কর ললিতা ॥

অথ লাবণ্যং।

মুক্তাফল মধ্যে ছায়া চঞ্চল যে হয়। তার ন্যায় অঙ্গে হয় লাবণ্য কহি তায় ॥

যথা। অমল রুচিতে রাধা তব অঙ্গ হয়। মণির দর্পণ কিরণ গণে বিড়ম্বয় ॥

অথ সৌন্দর্য্যং।

অঙ্গ প্রত্যঙ্গের অবয়ব যথোচিত। সুগঠন সন্ধিবন্ধ সৌন্দর্য্য কথিত ॥

অথ অভিরূপতা

আপন উৎকর্ষ গুণে নিকটবস্তু স্থিত। সারূপ্য লওয়ান তারে অভিরূপ কথিত ॥

অথ মাধুর্য্যং।

রূপং কিমপ্যনর্ব্বাচ্যং তনোর্ম্মাধুর্য্য মুচ্যতে।

অথ মার্দ্দবং।

মার্দ্দবং কোমলস্যাপি সংস্পর্শাসহতোচ্যতে।

অথ চরিতং।

লীলাস্যাৎ চারুবিক্রীড়া তাণ্ডবং বেণুবাদনং।
গোদোহঃ পর্ব্বতোদ্ধারো গোহূতি গমনাদিকা।।

অথ মণ্ডলং।

চতুর্দ্ধামণ্ডলং বাসোভূষামাল্যানুলেপনৈঃ।

অথ সম্বন্ধিনঃ।

লগ্নসন্নিহিতাশ্চেতি দ্বিধা সম্বন্ধিনো মতঃ।

তত্র লগ্নাঃ।

বংশীশৃঙ্গরবোগীতং সৌরভ্যং ভূষণক্বণঃ।
পাদক্ষোত্থা বিপঞ্চ্যাদি নিক্বাণঃ শিল্পকৌশলং।।

অথ সন্নিহিতাঃ।

নির্ম্মাল্যস্থাঃ সন্নিহিতাবর্হগুঞ্জাদ্রি ধাতবঃ।
নৈচিকীনাং সমুদয়ো লগুড়ীবেণুশৃঙ্গিকাঃ।।
তৎপ্রেষ্ঠ দৃষ্টিগোধূলি বৃন্দারণ্যং তদাশ্রিতাঃ।
গোবর্দ্ধনো রবিসুতা তথা রাসস্থলাদয়ঃ।।

অথ তদাশ্রিতাঃ।

তদাশ্রিতাঃ খগাভৃঙ্গামৃগাঃ কুঞ্জলতাস্তথা।
তুলসীকর্ণিকারশ্চ কদম্বাদ্যাশ্চ কীর্ত্তিতাঃ।।

অথ তটস্থঃ।

তটস্থাশ্চন্দ্রিকা মেঘবিদ্যুতৌ [illegible]।

শরৎপূর্ণসুধাংশুশ্চ গন্ধবাহখগাদয়ঃ ॥

ইতি উদ্দীপনাঃ।

অথ অনুভাবাঃ।

অলঙ্কার উদ্ভাস্বর বাচিক্ অনুভাব তিন।

তত্র অলঙ্কারাঃ।

যৌবনে সত্ত্বজাস্তাসামলঙ্কারাস্ত বিংশতিঃ।

উদয়ন্ত্যদ্ভুতাং কান্তে সর্ব্বথাভিনিবেশতঃ ॥

ভাব হাব হেলা তিন হয়েন অঙ্গজা। শোভা কান্তি দীপ্তি মাধুর্য্য প্রগল্ভতা ঔদার্য্য ধৈর্য্য অযত্নজা ॥ লীলা বিলাস বিচ্ছিত্তি বিভ্রম কিলকিঞ্চিৎ। মোট্টায়িত কুট্টমিত বিব্বোক ললিত ॥ বিকৃতাদি এই দশ হন স্বভাবজা।

তত্র ভাবঃ।১।

প্রাদুর্ভাবং ব্রজত্যেব রত্যাভাব উজ্জ্বলে।

নির্বিকারাত্মকে চিত্তে ভাবঃ প্রথমবিক্রিয়া ॥

যথা। ইন্দ্র দেখি মনস্পন্দন নহিল তোমার। কৃষ্ণ দেখি চক্ষু আন্দোলে শ্রুতি কুম্ভ হইল ইন্দীবর ॥

অথ হাবঃ।২।

গ্রীবারেচক সংযুক্তো জ্রনেত্রাদি বিকাশকৃৎ।

ভাবাদীষৎ প্রকাশোয়ঃ স হাব ইতি কথ্যতে ॥

যথা। বেণু শুনে কুচ কম্পে পুলক বদন। বস্ত্রশ্লথ ধীর হও বাদে গুরুজন ॥

যথা। বাক্যেতে বিনয় স্তব শারণ্য নয়নে। আশা-

ন্তে সংভ্রম রাধা হৃদি মধ্যে জেনে॥

অথ ঔদার্য্যং। ১০।

স্থিরচিত্তোন্নতির্যাস্তু তদৌদার্য্যমিতি কথ্যতে।

যথা। কঠিন হয় প্রিয় যদি সহস্র বৎসর। ভ্রান্তি-

ভরে দায় নাহি ছাড়ে চিত্ত মোর॥

অথ স্বভাবজাঃ।

তত্র লীলা। ১১।

প্রিয়ানুকরণং লীলা রম্যৈর্বেশক্রিয়াদিভিঃ।

যথা বিষ্ণুপুরাণে।

দুষ্টকালিয় তিষ্ঠাদ্য কৃষ্ণোঽহমিতি চাপরা।

বাহুমাস্ফোট্য কৃষ্ণস্য লীলাসর্ব্বস্বমাদদে॥

অথ বিলাসঃ॥ ১২॥

গতিস্থানাসনাদীনাং মুখনেত্রাদি কর্ম্মণাম্।

তাৎকালিকন্তু বৈশিষ্ট্যং বিলাসঃ প্রিয়সঙ্গজঃ॥

যথা। কৃষ্ণ দেখি অঙ্গ ঢাকি কৈল আবরণ। দন্ত

কান্তি চন্দ্র জ্যোৎস্না করে বিস্তরণ॥

অথ বিচ্ছিত্তিঃ। ১৩।

আকল্পকল্পনাল্পাপি বিচ্ছিত্তিঃ কান্তিপোষকৃৎ।

যথা।

গান্দলপত্রেণ মুকুন্দচেতঃ প্রমোদিনা মারুতক-

ম্পিতেন। রত্নেন কর্ণাভরণীকৃতেন রাধামুখাম্ভো-

রুহমুল্ললাস॥

তত্র গর্ব্বেণ যথা ।

প্রিয়োক্তিলক্ষণে বিপক্ষনামিধো স্বীকারীতাং পঞ্চ
শিখণ্ডমৌলিনা । শ্যামাতিবামাহৃদয়ঙ্গমানপি স্র-
জং দরব্রায়নিরাসচেষ্টয়া ॥

অথ ললিতং । ১৯ ।

বিন্যাসভঙ্গিরঙ্গানাং ভ্রূবিলাস মনোহরা ।
সুকুমারা ভবেৎ যত্র ললিতং তদুদীরিতং ॥

যথা । ভ্রূভঙ্গি করিলতা দেখেন পদের চালন । পঙ্কা-
কুট ভ্রমর হস্তে করেন তাড়ন ॥

বিকৃতিং । ২০ ।

হ্রীমানের্ষ্যাদিভির্যত্র নোচ্যতে স্ববিবক্ষিতং ।
ব্যজ্যতে চেষ্টয়ৈবেদং বিকৃতং তদ্বিদুর্বুধাঃ ॥

তত্র হ্রীয়া যথা ।

তোমার প্রার্থনা মোর মুখে শুনি ধনী । বাক্যে না প্র-
সংশে কিন্তু অঙ্গ পুলকিনী ॥ বিংশতি অলঙ্কার এই রূপে
যথোচিত । অধিক আর দুই কহি মুগ্ধ চকিত ॥

অথ মৌগ্ধ্যং ।

অজ্ঞস্যাপাজ্ঞিবৎ পৃচ্ছা প্রিয়াগ্রে মৌগ্ধ্যমীরিতং ।

যথা মুক্তাচরিতে ।

কাস্তা লতাঃ ক বাসন্তি কেন বা কিলরোপিতাঃ ।
কৃষ্ণমৎ কঙ্কণন্যস্তং যা সাং মুক্তাফলং ফলং ॥

চকিতং । প্রিয়াগ্রে চকিতং ভীতেরস্থানেপি ভয়ং
মহৎ ॥ যথা । রক্ষ রক্ষ মুহুরেষ ভীষণো ধাবতি

শ্রবণ চম্পকং মম। ইত্যুদীর্য্য মধুপাদ্রিশঙ্কিতা
সম্বজে হরিণ লোচনা হরিং॥

অথ উদ্ভাস্বরাঃ।

উদ্ভাসন্তে স্বধাম্নীতি প্রোক্তা উদ্ভাস্বরা বুধৈঃ।
নীব্যুত্তরীয়ধর্ম্মিল্ল স্রংসনং গাত্রমোটনং॥
জৃম্ভাঘ্রাণস্য ফুল্লত্বং নিশ্বাসাদ্যাশ্চ তে মতাঃ।

তত্র নীবিস্রংসনং, যথা বিদগ্ধ মাধবে।

অশ্রুতে অঞ্জন গেল স্বেদ বিলেপন। যোগোৎসুক্যে
উরুযুগে নীবিশ্লথ গুণ॥

অথ বাচিকাঃ।

আলাপশ্চ বিলাপশ্চ সংলাপশ্চ প্রলাপকঃ।
অনুলাপোঽপলাপশ্চ সন্দেশশ্চাতিদেশকঃ॥
অপদেশোপদেশৌ চ নির্দ্দেশো ব্যপদেশকঃ।
কীর্ত্তিতা বচনারম্ভা দ্বাদশামী মনীষিভিঃ॥

অথ আলাপঃ। ১।

চাটুপ্রিয়োক্তিরালাপঃ।

যথা। তব বেণুগান আর রূপ দরশনে। মন না চলে
হেন স্ত্রী কে আছে ভুবনে॥

অথ বিলাপঃ। ২।

বিলাপো দুঃখজং বচ॥

যথা দশমে।

নৈরাশ্য পরম সুখ পিঙ্গলা কহিল। জানি তবু কৃষ্ণে
আশা ছাড়িতে নারিল॥

ক্রমঃ। অনুভাবা ভবন্ত্যেতে রসে সর্ব্বত্র বাচিকা।
মাধুর্য্যাধিক্যপোষ্টিত্বাৎ ইহৈব পরিকীর্ত্তিতাঃ ॥

ইতি অনুভাব প্রকরণং।

অথ সাত্ত্বিকাঃ।

সাত্ত্বিকাঃ সর্ব্বে সুদীপ্তা পর্য্যন্তাঃ।

তত্র স্তম্ভঃ।

তত্র হর্ষাৎ যথা দানকেলিকৌমুদ্যাং।

শিরে নিক্ষপড়ে ঘর্ম্ম নিষ্কম্পাঙ্গিতা।
গঞ্চালিকা ধর্ম্ম কেনে পঞ্চালিকা প্রাপ্তি।
ভয়াৎ যথা ঘনস্তনিত চক্রেণ চকিতেয়ং ঘনস্তনী।
বভূব হরিমালিঙ্গ্যানিশ্চলাঙ্গী ব্রজাঙ্গনা ॥

অথ সুদীপ্তাঃ।

স্বেদৈ দুর্দ্দিন অশ্রুবৃষ্টি রোম মুকুলিমা। তব মুরলী শুনি যেন ভারতী প্রতিমা ॥

ইতি সাত্ত্বিকপ্রকরণং।

অথ ব্যভিচারিণঃ।

উগ্রালস্যাবিনাত্রেত্র বিজ্ঞেয়া ব্যভিচারিণঃ।

তত্র নির্ব্বেদঃ। তত্র মাহাত্ম্য যথা।

যার আশায় লজ্জা পথ সখীও ক্লেশিতা। ধিক ধৈর্য্য প্রাণ কেন তাহার উপেক্ষিতা ॥

ইতি ব্যভিচারিণঃ।

অথ স্থায়ীভাবঃ।

স্থায়ীভাবোত্র শৃঙ্গারে কথ্যতে মধুরারতিঃ।
অভিযোগাৎ বিষয়তঃ সম্বন্ধাদভিমানতঃ॥
সা তদীয় বিশেষেভ্য উপমাতঃ স্বভাবতঃ।
রতিরাবির্ভবেদেষামুত্তমত্বং যথোত্তরং॥
তত্রাভিযোগো ভবেদ্ভাব ব্যক্তিঃ স্বেনপরেন চ॥

শব্দ স্পর্শ রূপ রস গন্ধ পঞ্চ বিষয়। কুল রূপ আদি আধিক্য সম্বন্ধ তারে কয়॥ থাকু অন্যে মোর এই নিশ্চয় অভিমান। বিশেষ বলি পদচিহ্ন গোষ্ঠ প্রিয়োজন॥ যে কোন সাদৃশ্য তাতে উপমা কহেন। বহি হেতু অনপেক্ষ স্বভাব হয়েন॥ নিঃসর্গ স্বরূপ সেই স্বভাব দুই হন। দৃঢ়াভ্যাস নিঃসর্গ অল্প গুণাদি শ্রবণ॥ অজন্য স্বতঃসিদ্ধ স্বরূপ তারে কয়। বিলাসাধিক্য হেতু এই অভিযোগাদি হয় সাধারণী সমঞ্জসা সমর্থা তিন রতি। কুব্জাদিতে মহিষীতে ব্রজদেবী প্রতি॥ মণিবৎ চিন্তামণিবৎ আর কৌস্তুভ। দুর্ল্লভ সুদুর্ল্লভ আর অনন্য লভ্য॥

তত্র সাধারণী।

নাতিসান্দ্রাহরেঃ প্রায় সাক্ষাদ্দর্শনসম্ভবা।
সম্ভোগেচ্ছা নিদানেয়ং রতিঃ সাধারণীমতাঃ॥

যথা দশমে।

কতক দিন মোর সঙ্গে এথা বাস করি। রমণ কর তব সঙ্গ ছাড়িতে না পারি॥

অসান্দ্রত্বাৎ রতেরস্যাঃ সম্ভোগেচ্ছা বিভিদ্যতে।
এতস্যা হ্রাসতোহ্রাস স্তদ্ধেতুত্বাৎ রতেরপি॥

অথ সমঞ্জসা।

পত্নীভাবাভিমানাত্মা গুণাদি শ্রবণাদিজা।
ক্বচিৎ ভেদিতসম্ভোগতৃষ্ণাসান্দ্রা সমঞ্জসা॥

যথা তত্রৈব।

কুল শীল রূপ বিদ্যাদি মনোভিরমণ। কোন কন্যা শুনি তোমায় না করে বরণ॥

সমঞ্জসাতঃ সম্ভোগস্পৃহায়া ভিন্নত যদা।
তদা তদুত্থিতৈ র্ভাবৈর্ব্বশ্যতা দুষ্করা হরেঃ॥

অথ সমর্থা।

কঞ্চিৎ বিশেষমায়ান্ত্যা সম্ভোগেচ্ছায় যাভিতঃ।
রত্যাতাদাত্ম্যমাপন্না সা সামর্থেতি ভণ্যতে॥

যথা। অশেষ মধুরা বধূ দেখি তোমার শঙ্কায়। বধূ পাশে গুরুগণে তোমার প্রসঙ্গ না কয়॥ তথাপি দূরে শুনি তোমার নূপুরের নাদ। হা কৃষ্ণ অশ্রুভরে কহি হয়েন উন্মাদ॥

সর্ব্বাদ্ভুতবিলাসোর্ম্মি চমৎকারকরশ্রিয়ঃ।
সম্ভোগেচ্ছাবিশেষোঽস্যা রতের্জাতু ন ভিদ্যতে॥
ইত্যস্যাং কৃষ্ণসৌখ্যার্থমেব কেবলমুদ্যমঃ।
ইয়মেব রতিঃ প্রৌঢ়া মহাভাবদশাং ব্রজেৎ॥
যা মৃগ্যাস্যাদ্বিমুক্তানাং ভক্তানাঞ্চ বরীয়সাং।

এই দৃঢ়রতি প্রেমস্নেহ ক্রমে মান। প্রণয়রাগানুরাগ মহাভাব হন॥ বীজ ইক্ষুরস গুড়খণ্ড শর্করা হন। সিতা-সিতোপলাক্রমে উত্তম যেমন॥

অতঃ প্রেমবিলাসাংস্যু র্ভাবাঃ স্নেহাদয়স্তুষট্।

যস্যা যাদৃশজাতীয়ঃ কৃষ্ণপ্রেমাভ্যুদঞ্চতি ॥
তস্যাং তাদৃশজাতীয়ঃ স কৃষ্ণস্যাপ্যুদীয়তে।

তত্র প্রেমা।

ধ্বংসভাববন্ধনঃ যূনোঃ স প্রেমা পরিকীর্ত্তিতে ॥

যথা। তোমার দিব্য স্থিতি আমি বিশুদ্ধ ধর্ম্মেতে। বার বার নিরাশ করি উগ্রতা বাক্যেতে ॥ শ্যাম নাহি ছাড়ে পথ আপদে গিলিলে। কি করিব গৃহপতি তর্জ্জন করিলে ॥

স ত্রিধা কথ্যতে প্রৌঢ় মধ্যমন্দবিভেদতঃ।

তত্র প্রৌঢ়ঃ।

বিলম্বাদিভিরজ্ঞাতচিত্তবৃত্তৌ প্রিয়জনে।
ইতরক্লেশকারীয়ঃ স প্রেমা প্রৌঢ় উচ্যতে ॥

যথা। বিলম্বে ক্ষীণপ্রিয়া কুঞ্জে তারে কহ যাঞা। অপ্রত্যয় না করে যাব অসুর মারিয়া ॥

অথ মধ্যঃ।

ইতরানুভবাপেক্ষাং সহতে যঃ স মধ্যমঃ।

যথা। শরৎ রাত্র উচিত লীলা চন্দ্রাবলী সনে। তথাপি রাধার গুণ কৃষ্ণের হয় মনে ॥

অথ মন্দঃ।

সদা পরিচিতত্বাদেঃ করোত্যাতন্তিকাত্তু যঃ।
নৈরোপেক্ষাং নচাপেক্ষাং স প্রেমামন্দ উচ্যতে ॥

যথা। আনুনীয় কৃতমানাভামাসখীমশোকলতাং।
ভবতি প্রেমবতীনাং মনাগুপেক্ষাপি দোষায় অথ
বা প্রৌঢ়ঃ প্রেমা স যত্র স্যাদ্বিশ্লেষস্য সহিষ্ণুতা।

যথা উদ্ধবসন্দেশে।

মান আদেশ যদি দেহ কৃষ্ণমূর্ত্তি চিত্র। তাহা দেখি কর্ণ রুধি যাপন করি রাত্র॥

অথ মধ্যঃ।

কৃচ্ছ্রাৎ সহিষ্ণুতা যত্র সতু মধ্যম উচ্যতে।

যথা। দীর্ঘ দিন যাবে নিশারম্ভ কি আসিবে। ধূলি সহ মুখ দেখি চক্ষের দুঃখ যাবে॥

অথ মন্দঃ।

সম্বন্ধঃ কথিতো যত্র ভবেৎ কুত্রাপি বিস্মৃতিঃ।

যথা। বিপক্ষ দর্শাতে মালা গাঁথা ভুলি গেনু। কি করিব হাম্বা রব করে সব ধেনু॥

অথ স্নেহঃ।

আরুহ্য পরমাং কাষ্ঠাং প্রেমাচ্চিদ্দীপদীপনঃ।

হৃদয়ং দ্রাবয়ন্নেষ স্নেহ ইত্যভিধীয়তে॥

অত্রোদিতে ভবেৎ জাতু ন তৃপ্তির্দর্শনাদিষু।

যথা। হরিমুখচন্দ্র সুধাপানে অতিশয়। নয়ন চকোর তোমার তৃপ্তি নাহি হয়॥ আঘূর্ণিত মত্ততা হইয়া পুনঃ২ বাষ্পপূর ছলে সদা করয় বমন॥

অঙ্গসঙ্গবিলোকে চ শ্রবণাদৌ চ স ক্রমাৎ।

কনিষ্ঠোমধ্যমঃশ্রেষ্ঠস্ত্রিবিধোয়ং মনোদ্রবঃ॥

ঘৃতং মধুচেত্যুক্তঃ স্নেহোদ্বেধা স্বরূপতঃ॥

তত্র ঘৃতস্নেহঃ।

আত্যান্তিকাদরময়ঃ স্নেহোঘৃতমিতীর্য্যতে।

ভাবান্তরান্বিতো গচ্ছন্ স্বাদোদ্রেকং নতু স্বয়ং॥

যথা। দূরেতে আহ্বানি কৃষ্ণে করে আলিঙ্গন। পবিত্র গুরু স্নেহে যার কৃষ্ণ বশ হন॥ কৃষ্ণকেলি বৃন্দে আর্দ্র সিতোপমা ন্যায়। মোর সখী চন্দ্রাবলী সম কেবা হয়॥

অথ মধুস্নেহঃ।

মদীয়ত্বাতিশয়ভাক্ প্রিয়ে স্নেহো ভবেৎ মধু।
স্বয়ং প্রকটমাধুর্য্যো নানারস সমাহৃতিঃ॥
মত্ততো মধুরঃ স্নেহো মধুসাম্যান্মধূচ্যতে।

যথা। স্নেহময় নির্ম্মিত রাধা সুধা প্রতিকৃতি। যার নামানন্দে কৃষ্ণ জগৎ বিস্মৃতি॥

অথ মানঃ।

স্নেহস্তূৎকৃষ্টতা ব্যাপ্ত্যা মাধুর্য্যং মানয়ন্নবং।
যো ধারয়ত্য দাক্ষিণ্যং সমান ইতি কীর্ত্ততে॥

যথা। তোমার গোধূলিতে যেই অশ্রুনয়ন। একে বদনানিলে বিরস বলি ভ্রুকুটি ধারণ॥

উদাত্তোললিতশ্চেতি মানোহয়ং দ্বিবিধোমতঃ।

তত্র উদাত্তঃ।

উদাত্তঃস্যাৎ ঘৃতস্নেহো ধারয়ন্ গহনক্রমং।
দাক্ষিণ্য ভাগদাক্ষিণ্যং বাম্যাগন্ধঞ্চ কুত্রচিৎ॥

তত্র দাক্ষিণ্যোদাত্তো যথা।

রাধা এই সখুত বাক্যে অন্তরে দুঃখিতা। মোর বৈলক্ষ্য সম্যায় হাস্যমুখী বাক্য কোমলতা॥

অথ বাম্যাগন্ধোদাত্ত যথা বিষ্ণুপুরাণে।

কাচিৎ ভ্রূভঙ্গুরং কৃত্বা ললাটফলকং হরিং।
বিলোক্য নেত্রভৃঙ্গাভ্যাং পপৌ তন্মুখপঙ্কজং॥

অথ ললিতঃ।

অধুমে হস্ত কৌটিল্যং স্বাতন্ত্র্যাচ্ছ্রদয়ঙ্গমং।
বিভ্রমর্ম্ম বিশেষঞ্চ ললিতোম্ম মুদীর্য্যতে॥

তত্র কৌটিল্য ললিতো যথা শ্রীদশমে।
কাচিৎ ভ্রূকুটিমাবধ্য প্রেমসংরম্ভবিহ্বলা।
ঘ্নতীবৈক্ষাৎ কটাক্ষেপৈ র্নির্দ্দিষ্টা দশনচ্ছদা॥

অথ নর্ম্মললিতো যথা দানকেলিকৌমুদ্যাং।

মিথ্যা কেনে কহিবেন তোমার রসনা। সাধ্বী সহস্রের অধরপানে যেহ পুণ্য॥ কি হেতুবা বন্ধন করিব তোমার করে। নারীগণের বিবন্ধ যে সহিতে নারে॥

অথ প্রণয়ঃ।

মানোদধানো বিশ্রম্ভং প্রণয়ঃ প্রোচ্যতে বুধৈঃ।
স্বরূপং প্রণয়স্যাস্য বিশ্রম্ভঃ কথিতে বুধৈঃ॥
বিশ্রম্ভোপি দ্বিধা মৈত্রং সখ্যঞ্চেতি নিগদ্যতে॥

তত্র মৈত্রং।

ভাবজ্ঞৈঃ প্রোচ্যতে মৈত্রং বিশ্রম্ভো বিনয়ান্বিতঃ।

যথা শ্রীদশমে।

কাচিৎ করাম্বুজং শৌরে র্জগৃহেহঞ্জলিনামুদা।
কাচিৎ দধার তদ্বাহুমংশে চন্দনরুষিতং॥

অথ সখ্যং।

বিশ্রম্ভঃ সাধ্বসোন্মুক্তং সখ্যং স্ববশতাময়ঃ।

যথা শ্রীদশমে।

ততো গত্বাবতোদেশং দৃপ্তা কেশবমব্রবীৎ।
ন পারয়েহহং চলিতুং নয়মাং যত্র তে মনঃ॥

স্নেহের পর প্রণয় কোথাও মান হয়। স্নেহের পর মান
হও্যা কোথাও প্রণয়॥ প্রণয় মান পরস্পর কার্য্য কারণ হয়

উদাত্তললিতাভ্যান্তু মৈত্রসখ্যো সুসঙ্গতে।

স্বেষু মৈত্রন্তু সুখ্যাখ্যো যথা সখ্যমুদীরিতে॥

অথ রাগঃ।

দুঃখমপ্যধিকং চিত্রে সুখত্বে নৈব রজ্যতে।

যতস্তু প্রণয়োৎকর্ষাৎ স রাগ ইতি কীর্ত্ত্যতে॥

যথা। সূর্য্যতাপে তপ্তশীলার দাঁড়াইয়া উপরে। কৃষ্ণ
দেখি প্রেমানন্দে আপনা পাসরে॥

নীলিমারক্তিমা চেতি রাগোহয়ং দ্বিবিধো মতঃ।

তত্র

নীলিশ্যামা ভবে রাগো নীলিমা কথ্যতে বুধৈঃ।

তত্র নীলিরাগঃ।

ব্যয়সম্ভাবনা হীনো বহির্নাতিপ্রকাশবান্।

স্বলগ্নভাবাবরণো নীলিরাগঃ সতাম্মতঃ॥

যথাবলোক্যতে চৈব চন্দ্রাবলী মুকুন্দয়োঃ।

প্রসন্ন নির্ম্মল মন বিবিধ মুদ্রায়। প্রতারণা কর তাহা
গুণ করি লয়॥ ওহে কৃষ্ণ চন্দ্রাবলীর ব্যভার এমন। সখী
র অনুমান তোমায় তটস্থ যেমন॥

অথ শ্যামারাগঃ।

ভীরুতৌষধিসেকাদি রাস্তাৎ কিঞ্চিৎ প্রকাশভাক্।

যশ্চিরেণৈব সাধ্যঃস্যাৎ স শ্যামরাগ উচ্যতে॥

যথা। দিবার্দ্ধে অল্পান্ধকারে কৃষ্ণপাশে নাহি যাও।
রাত্রার্দ্ধে আনন্দে এবে কৃষ্ণ অন্বেষও॥

অথ রক্তিমা।

রাগঃ কুসুম্ভ মঞ্জিষ্ঠ সম্ভবো রক্তিমামকঃ।

তত্র কুসুম্ভরাগঃ।

কুসুম্ভরাগঃ স জ্ঞেয়ো যশ্চিত্তে সজ্জতিদ্রুতং।
অন্যরাগচ্ছবিব্যঞ্জীশোভতে চ যথোচিতং॥

যথা। শ্রবণাবধি সখি তোমায় বর্দ্ধিত হৃদয়। সর্পে ভুজ উদ্দীপনে প্রেমোন্মাদ হয়। তোমা দেখি কি অপূর্ব্ব দশা প্রাপ্ত হয়ে। রাগ বিরাগ হেন কিছু না জানিয়ে॥

অথ মঞ্জিষ্ঠারাগঃ।

অহার্য্যোঽনন্যাপেক্ষ যঃ কান্ত্যাবর্দ্ধতে সদা।
ভবেৎ মঞ্জিষ্ঠারাগোঽসৌ রাধামাধবয়ো যথা॥

অনুপাধি অন্য কোন বিধিতে না দোলে। পরস্পর বশ হয় উৎপাত পড়িলে॥ চমৎকার প্রেমোন্মাদ সম্পত্তি সঞ্চর। রাধামাধবের প্রেম উপমা না হয়॥

পূর্ব্বপূর্ব্বস্তয়োভাবঃ সোমাভাদৌ বিরাজতে।
তথা ভীষ্মসুতাদৌ চ শ্রীহরের্ম্মহিষীগণে॥
য উত্তরোত্তরো দিব্যা রাধিকাদৌ স দীব্যতি।
তথা শ্রীসত্যভামায়াং লক্ষণায়ামপি কৃচিৎ॥

অথ অনুরাগঃ।

সদানুভূতমপি যঃ কুর্য্যান্নবনবং প্রিয়ং।
রাগোভবন্নবনবঃ সোঽনুরাগ ইতীর্য্যতে॥

এমন অপূর্ব্ব হরি কভু না দেখিনু। এক অঙ্গের মাধুর্য্য লব পিয়িতে নারিনু॥

পরস্পরবশীভাবঃ প্রেমবৈচিত্যকং তথা।

অপ্রাপিন্যাপি জন্মাদ্যৌ লালসাভর উন্নতঃ ॥
বিপ্রলম্ভে স্যবিস্ফূর্ত্তিরিত্যাদ্যাঃস্যুরিহ ক্রিয়াঃ।

অথ ভাবঃ।

অনুরাগঃ স্বসম্বেদ্য দশাং প্রাপ্য প্রকাশিতঃ।
যাবদাশ্রয়বৃত্তিশ্চেদ্ভাব ইত্যভিধীয়তে ॥
রাধায়া ভবতশ্চ চিত্তজতনীস্বেদৈর্বিলাপ্য ক্রমাৎ
যুঞ্জন্নদ্রিনিকুঞ্জকুঞ্জরপতে নির্ধূত ভেদভ্রমং ॥
চিত্রায় স্বয়মন্বরঞ্জ যদিহ ব্রহ্মাণ্ডহর্ম্যোদরে
ভূয়োভির্নবরাগহিঙ্গুলভরৈঃ শৃঙ্গারকারুঃকৃতী ॥
মুকুন্দমহিষীবৃন্দৈরপ্যসাবতি দুর্লভঃ।
ব্রজদেব্যেক সম্বেদ্যো মহাভাবাখ্যয়োচ্যতে ॥
স রূঢ়শ্চাধিরূঢ়শ্চেত্যুচ্যতে দ্বিবিধো বুধৈঃ।

তত্র রূঢ়ঃ।

উদ্দীপ্তাঃ সাত্ত্বিকা যত্র সরূঢ় ইতি ভণ্যতে ॥
গোপীর অনুরাগ সম্বিৎ রাসে রস তেনে।
কলহং সগদগদরবা কম্পাতিক্ষোভণে ॥
পৃথুরোম হর্ষাদ্যাতি বাষ্পচ্ছটোদ্ধারিণি।
জাড্যোৎসেকপরিপূর্ণা কুবলয় উল্লাসিনী ॥
নিমেষাসাহতাসন্নজনতাহৃদ্বিলোড়নং।
কল্পক্ষণত্বং খিন্নত্বং তৎসৌ খেপ্যার্ত্তিশঙ্কয়া ॥
মোহাদ্যভাবেপ্যাত্মাদি সর্ব্ববিস্মরণং সদা।
ক্ষণস্য কল্পতে ত্যাভ্যা যত্র যোগবিয়োগয়োঃ ॥

অথ অধিরূঢ়ঃ।

রূঢ়োক্তেভ্যোঽনুভাবেভ্যঃ কামপ্যাপ্তাবিশিষ্টতাং

যত্রানুভাবা দৃশ্যন্তে সোধিরূঢ়ো নিগদ্যতে ॥

যথা। কোটি ব্রহ্মাণ্ড লোকাতীত সুখ দুঃখ যত। রাধাপ্রেম সুখদুঃখাব্ধির বিন্দু নহে প্রাপ্ত ॥

মোদনোমাদনশ্চাসা রধিরূঢ়ো দ্বিধোচ্যতে।

তত্র মোদনঃ।

মোদনঃ স্বদ্বয়োর্যত্র সাত্বিকোদ্দীপ্তিসৌষ্ঠবং।

যথা ললিতমাধবে।

রাধামাধবের উল্লাস কল্পদ্রুম বিরাজিত। কর্ণকণ্ঠনাদস্তম্ভ শ্রিয় প্রকাশিত ॥ ভূয়িষ্ঠোৎফুল্লদন্তুর স্বেদাম্বু কলবান। বাষ্পমকরন্দ স্থির বিলাসে কম্পমান ॥

হরের্যত্র স কান্তসা বিক্ষোভরকারিতা।

প্রেমোরুসম্পদ বিখ্যাত কান্তাদভিশরিতাদয়ঃ ॥

রাধিকা যূথত্রবাসৌ মোদনোনভুসর্ব্বতঃ।

যঃশ্রীমান্ হ্লাদিনীশক্তেঃ স্ববিলাসঃ প্রিয়োবরঃ ॥

মোদনোয়ং প্রবিশ্লেষ দশায়াং মোহনো ভবেৎ।

যস্মিন বিরহ বৈবশ্যাৎ সুদ্দীপ্তা এব সাত্বিকাঃ ॥

যথা।

উদ্যৎ বেপথুবাদ্য মানদশনা কণ্ঠস্থলাস্তব্দুটৎজল্পা গোকুলমণ্ডলং বিদধতীবাষ্পে নদীমাভ্যকং ॥

রাধাকণ্ঠেকি তেন কণ্ঠকিরুলং গাত্রেণ ধিককুর্ব্বতি।

চিত্রং তৎঘনরাগ রাশিভিরপি স্বেতিকৃতা বর্ত্ততে ॥

অত্রানভাবা গোবিন্দে কান্তাশ্লিষ্টেপি মূর্চ্ছনা।

অসহ্যদুঃখ স্বীকারাদপি তৎসখকামতা।

ব্রহ্মাণ্ডকোভকারিত্বং তিরশ্চামপি রোদনং ॥

স ভূতৈরপি তৎসঙ্গ কৃষ্ণামৃত্যপ্রতিশ্রবাৎ।
দিব্যোন্মাদাদয়োপ্যন্যে বিজ্ঞৈরনুকীর্ত্তিতাঃ॥
প্রায়ো বৃন্দাবনৈশ্বর্য্যাং মোহনোয় মুদঞ্চতি।
সম্যগ্বিলক্ষণং যস্য কার্য্যং সঞ্চারিমোহতঃ॥

অথ দিব্যোন্মাদঃ।

এতস্য মোহনাখ্যস্য গতিং কামপ্যপেয়ুষঃ।
ভ্রমাভাকাপি বৈচিত্রী দিব্যোন্মাদ ইতীর্য্যতে॥
উদ্ঘূর্ণাচিত্রজল্পাদ্যা স্তদ্ভেদা বহবো মতা।

তত্র উদ্ঘূর্ণা।

স্যাদ্বিলক্ষণমুদ্ঘূর্ণা নানাবৈবশ্য চেষ্টিতং।

যথা।

শয্যাং কুঞ্জগৃহে কচিৎ বিতনুতে সা বাসশব্দায়িতা।
লীলাভ্রুং ধৃতখণ্ডিতা ব্যবহ্নাতশ্চণ্ডী কচিৎ তর্জ্জতি॥
আঘূর্ণত্যভিসারসংভ্রমবতী ধ্বান্তে কচিৎ দারুণে।
রাধা তে বিরহোদ্ভ্রম প্রমথিতাধত্তেন কাম্নাদশাং॥
মথুরানগরং কৃষ্ণে লব্ধে ললিতমাধবে॥
উদ্ঘূর্ণেয়ং তৃতীয়াঙ্কে রাধায়াঃ স্ফুটমীরিতা।

অথ চিত্রজল্পাঃ।

প্রেষ্ঠস্য সুহৃদালোকে গূঢ়রোষবিজৃম্ভিত।
ভূরিভাবময়ো জল্পোয় স্তীব্রেৎ কণ্ঠিতান্তিমঃ॥
চিত্রজল্পোদশাঙ্গোয়ং প্রজল্প পরিজল্পিতং।
বিজল্পঃ সংজল্পা অবজল্পোভিজল্পিতং॥
আজল্পঃ প্রতিজল্পশ্চ সুজল্পশ্চেতি কীর্ত্তিতাঃ॥
এষ ভ্রমগীতাখ্যো দশমে প্রকটীকৃতঃ॥

সমর্থ। ব্রজদেবীতে মহাভাব হয়। প্রিয়নর্ম্ম সখা আদি অনুরাগ পায়॥ তার মধ্যে সুবলাদির মহাভাব হয়। এই ত কহিল স্থায়ীভাবের নির্ণয়॥

ইতি স্থায়ীভাব প্রকরণং।

শৃঙ্গারভেদাঃ।

স বিপ্রলম্ভঃ সম্ভোগ ইতি দ্বেধোজ্জ্বলো মতঃ।

তত্র বিপ্রলম্ভঃ।

যূনোরযুক্তয়োর্ভাবো যুক্তয়োর্বাথযোর্মিথঃ।

অভীষ্টালিঙ্গনাদীনি মনবাপ্তৌ প্রকৃষ্যতে॥

স বিপ্রলম্ভো বিজ্ঞেয়ঃ সম্ভোগোন্নতিকারকঃ।

বিপ্রলম্ভ বিনা সম্ভোগের পুষ্টি নয়। কষায়িতে বস্ত্রে যেন রাগ বৃদ্ধি হয়॥ পূর্ব্বরাগ মান প্রেমবৈচিত্ত্য প্রবাস। বিপ্রলম্ভ এই চারি প্রকার প্রকাশ॥

তত্র পূর্ব্বরাগঃ।

রতির্যা সঙ্গমাৎ পূর্ব্বং দর্শন শ্রবণাদিজা।

তয়োরুন্মীলতি প্রাজ্ঞৈঃ পূর্ব্বরাগঃ স উচ্যতে॥

তত্র দর্শনং।

সাক্ষাৎ কৃষ্ণস্য চিত্রে চ স্যাৎ স্বপ্নাদৌ চ দর্শনং।

অথ শ্রবণং।

বন্দিদূতী সখীবক্ত্রাৎ গীতাদেশ্চ শ্রুতি র্ভবেৎ।

পুরোক্তায়েঽভিযোগাস্তাঃ হেতব রতিজন্মনি॥

অত্রতে পূর্ব্বরাগেপি জ্ঞেয়া ধীরৈ র্যথোচিতং।

অত্র দশদশা।

লালসোদ্বেগজাগর্য্যা তানবং জড়িমাত্রতঃ।
বৈয়গ্র্যং ব্যাধিরুন্মাদো মোহোমৃত্যুর্দশাদশ ॥
প্রৌঢ়ত্বাৎ পূর্ব্বরাগস্য প্রৌঢ়াঃ সর্ব্বদশা অপি।
ভবেৎ সমঞ্জস রতি স্বরূপোয়ং সমঞ্জসঃ॥
অত্রোভিলাষ চিন্তাস্মৃতি গুণ সংকীর্ত্তনোদ্বেগাঃ।
সবিলাপা উন্মাদব্যাধী জড়তামৃতিশ্চতাঃ ক্রমশঃ॥

অথ সাধারণঃ।

সাধারণ রতিপ্রায়ঃ সাধারণ ইতিরিতঃ।
অত্র প্রোক্ত বিলাপান্তা ষড়দশান্তাশ্চ কোমলাঃ॥
পূর্ব্বরাগে প্রহীয়েতকামলেখস্রগাদিকং।
বয়স্যাদি করেণাত্র কৃষ্ণেনা সাচ কান্তয়া॥
এবং ক্রমেণ বিজ্ঞেয়ঃ পূর্ব্বরাগ হরেরপি।

অথ মান।

দম্পত্যভাব একত্র সতোরপ্যনুরক্তয়োঃ।
স্বাভীষ্টাশ্লেষবীক্ষাদি নিরোধীমান উচ্যতে॥
সঞ্চারিণোত্র তির্ব্বেদ শঙ্কামর্ষাঃ সচাপলাঃ।
গর্ব্বাসূয়া বহিত্থাশ্চ গ্লানি চিন্তাদয়োপ্যমী॥
অস্য প্রণয় এবস্যান্মানস্য পদমুত্তমং।
সোহয়ং সহেতুর্নির্হেতু ভদেন দ্বিবিধোমতঃ॥

তত্র সহেতুঃ।

হেতুরীর্ষ্যা বিপক্ষাদের্বৈশিষ্ট্যে প্রেয়সাকৃতে।
ভাবঃপ্রণয়মুখোয়মীর্ষ্যামানত্ব মৃচ্ছতি॥

তথাচোক্তং ।

স্নেহং বিনা ভয়ং নস্যাৎ নের্ষ্যাচ প্রণয়ং বিনা ।
তস্মিন্ মান প্রকারোয়ং দ্বয়োঃ প্রেম প্রকাশকঃ ।
শ্রুতশ্চানুমিতং দৃষ্টং তৎ বৈশিষ্ট্যং ত্রিধামিতং ॥

তত্র শ্রবণং ।

শ্রবণন্তু প্রিয়সখী শুকাদীনাং মুখাদ্ভবেৎ ॥

তত্র সখীমুখাৎ যথা ।

শশিমুখী কঠিন সখীর মিথ্যাকথা শুনে । প্রণয়ী হৃদিতে মান বৃথা কর কেনে ॥

অনুমতিঃ ।

ভোগাঙ্কগোত্র স্খলন স্বপ্নেদনুমতি স্ত্রিধা ॥

তত্র ভোগাঙ্কঃ ।

ভোগাঙ্কোদৃশ্যতে গাত্রে বিপক্ষস্থ প্রিয়স্থিত ।

তত্র বিপক্ষ গাত্রে যথা ।

ওহে ধূর্ত্ত হর রাখ বাহ ত্বরা করি । ললিতার ললাটে কহে সকল চাতুরী ॥

গোত্র স্খলনং ।

বিপক্ষ সংজ্ঞয়াহ্বান মার্ষাতিশয় কারণং ।
আশান্তু গোত্রস্খলনং দুঃখদং মরণাদপি ॥

তেন যথা বিল্বমঙ্গলে ।

রাধামোহনমন্দিরা দুপগতশ্চন্দ্রাবলী মুচিবান্ রাধে ক্ষেমমিহেতি তস্য বচনং শ্রুত্বাহ চন্দ্রাবলী ॥ কংস ক্ষেমময়ে বিমগ্ধহৃদয়ে কংসক্কদৃষ্টহরি পাণ্ডবঃ ॥

দ্বয়োরেব যুগপদ্ যথা।

কুঞ্জেতুন্টি নম্র শির কেন হে মুরারি। ওহে রাধে তুমি কেনে মৌন মুদ্রাধারী॥ জানিলাম স্মিত বিলাসিত দুই রাখে। যোগ্যক্রীড়া বলবতী বাদ আছে ইথে॥

নির্হেতুঃ কঃ স্বয়ং স্যাদেষ স্বয়ং গ্রাহ্যস্মিতাদিভিঃ।
হেতুজস্তুশমং যাতি যথাযোগ্য প্রকল্পিতৈঃ॥
সামভেদক্রিয়াদান নত্যুপেক্ষা রসান্তরৈঃ।
মানোপশমনস্যাঙ্কা বাষ্পমোক্ষ স্মিতাদয়ঃ॥

তত্র সাম।

প্রিয়বাক্যস্য রচনং বস্তুস্যাম গীয়তে।

অথ ভেদঃ ২।

ভেদস্ত্রিধা স্বয়ং ভঙ্গ্যা স্বমাহাত্ম্য প্রকাশনং।
সখ্যাদিভি রুপালম্ভ প্রয়োগশ্চেতি কীর্ত্তিতে॥

তত্র স্বমাহাত্ম্যপ্রকাশনং যথা।

বিদগ্ধ মাধবে।

চঞ্চলমীনবিলোচনাসি কমঠোৎকৃষ্টস্তনী গচ্ছতা
ক্রোড়েন স্ফুরতা তবায় মধুরঃ প্রহ্লাদ সম্বর্দ্ধনঃ
মধ্যোহসৌ বলিবন্ধনোন্মুখরুচা রামাস্তানির্জ্জিতা
লক্ষ্মা শ্রীঘনতাদ্যমানিনিমস্তুঙ্গী কৃতাকল্কিতা॥

সখ্যাদিভি রুপালম্ভ যথা।

কর্ত্তুং সুন্দরী শঙ্খচূড়মথনেনাস্মিন্নুপেক্ষাচিতা।
সর্ব্বেবামভয়প্রদান পদবী বদ্ধব্রতে প্রেয়সী॥

অথ দানং।

ব্যাজেন ভূষণাদীনাং প্রদানাং দান মুচ্যতে।

অথ নতি ৪ ॥

কেবলং দৈন্যমালম্ব্য পাদপাতোনতির্ম্মতা।

অথ উপেক্ষা ৫।

সম্মানোক্তু পরীক্ষিণে স্যাদুপেক্ষারথীরণং।
উপেক্ষা কথাতে কশ্চিৎ তুষ্ণীং ভাবতয়া স্থিতিঃ।

তদ্দ্বয়ং যথা।

ব্রজেন্দ্রনন্দন বীরাগ্রণী গোপীনাথ। কন্দর্প কোটি
বিজয়ী রূপে বিরাজিত ॥ কৃষ্ণতা বিস্তার করে মঞ্জুল মা
রূপে। চঞ্চমন যাইতেছে কি যুক্তি করিবে ॥

অথ রসান্তরং।

আরম্ভ ভয়াদীনাং প্রস্তুতিঃ স্যাৎরসান্তরং।
যাদৃচ্ছিক বুদ্ধি পূর্ব্বমিতি দেধাকুচ্যতে ॥

তত্র যাদৃচ্ছিকং।

উপস্থিতমকস্মাৎ যৎ তৎযাদৃচ্ছিক মুচ্যতে।
যথা। নামাদি উপায় নাহি ভাঙ্গে মান মুদ্রা। মেঘ
নাদে ভীতে হরি আলিঙ্গয়ে ভদ্রা ॥

অথ বুদ্ধি পূর্ব্বং।

বুদ্ধি পূর্ব্বন্তু কান্তেন প্রত্যুৎপন্নধিয়া কৃতং।
যথা। পঞ্চমুখ দুষ্ট ক্রমী দংশিল হস্তেতে। ছলে কৃষ্ণ
চক্ষু কুণয় বক্রমধ্যে স্থিতি ॥ রোষত্যাগি কিকি বলি ব্যা
কুলিত হয়। স্মিতযুক্ত মুখে কৃষ্ণ রাধিকা চুম্বয় ॥

দেশকালবলে নৈব মুরলীশ্রবণে নচ।
... কাপোলীয়ক্তে ব্রজশুভ্রয়াং ॥

হেতুতারতম্যে মান লঘুমধ্য মহীষ্ঠ। সুসাধ্য যত্নসাধ্য দুঃসাধ্য কথিতঃ॥

কৃষ্ণেরে যোক্তয় স্তাসাং বামোদুর্লীল শেখরঃ।
কিতবেন্দ্রোমহাধূর্ত্তঃ কঠোরোনিরপত্রপঃ॥
অভিজ্জুর্লভিজ্ঞো গোপী ভুজঙ্গোরতহিণ্ডকঃ।
গোপিককা ধর্ম্মবিধ্বংসী গোপসাধ্বী বিড়ম্বকঃ॥
কামুকেশ্ব জ্বতিজ্ঞোষঃ শ্যামাত্মায়র তস্করঃ।
গোবর্দ্ধন তটারণ্য মাটপাতস্তরাদয়ঃ॥

অথ প্রেমবৈচিত্র্যং।

প্রিয়সোন্নিকর্ষেপি প্রেমোৎকর্ষ স্বভাবতঃ।
যাবিশ্লেষভিয়ার্ত্তিস্তৎপ্রেমবৈচিত্ত্য মুচ্যতে॥
যথা। আভীরেন্দ্রসুতে স্ফুরত্যপিপুরস্তীব্রানুরাগোত্থয়াবিশ্লেষজ্বরসংপ্রদাবিবশাবীরত্যন্তমুদ্যন্নিত্যা কান্তং মে সখিদর্শয়েতি দশনৈরুদ্গীর্ণশষ্পাঙ্কুরা রাধাহন্ত তথাবাচেষ্ট তয়তঃ কৃষ্ণোপ্যভূদ্বিস্মিত॥

অথ প্রবাসঃ।

পূর্ব্বসঙ্গতয়োর্যূনোর্ভবেদেশান্তরাদিভিঃ।
ব্যবধানন্তু যৎপ্রাজ্ঞৈঃ স প্রবাস ঈতীর্য্যতে॥
তজ্জন্য বিপ্রলম্ভোঽয়ং প্রবাসত্বেন কথ্যতে।
হর্ষগর্ব্বমদব্রীড়াবর্জ্জয়িত্বা সমীরিতাঃ। শৃঙ্গার যোগ্যাঃ সর্ব্বেপি প্রবাসে ব্যভিচারিণ। স দ্বিধা বুদ্ধিপূর্ব্বঃস্যাত্তথৈবা বুদ্ধিপূর্ব্বকঃ॥

অত্র বুদ্ধি পূর্ব্বঃ।

দূরে কার্য্যানুরোধেন গমঃস্যাগু বুদ্ধি পূর্ব্বকঃ।
ক্রাগ্যং কৃষ্ণস্য কথিতং স ভক্ত প্রীণনাদিকং॥

কিঞ্চিদ্দূরে সুদূরে চ গমনাদপ্যয়ং দ্বিধা।
দৃষ্টিং নিধায় সুরভী নিকুরম্ববীথ্যাং কৃষ্ণেতি বর্ণযুগ
লাভ মনেরসজ্ঞং। শৃঙ্গকণে মুরলীনি স্বমিত
কালিচিত্রা মথে ভবনয়ত্যা হরত্যু রাধা॥

অথ দ্বিতীয়ঃ।

ভাবীভবংশ্চ ভূতেশ্চ ত্রিবিধঃ সভুকীর্ত্যতে।

তত্র ভাবী যথা উদ্ধব সন্দেশে।

ব্রজেন্দ্রের দূতে, গোকুলেতে প্রাতে, মথুরাগমন
…ঘাতে। বাম চক্ষু নাচে, মন ফুটিতেছে, না জানি কি হয়
শেষে॥

ভবন যথা ললিতমাধবে।

ভানু বিম্ব উদয়, যাত্রানান্দি পঠয়, গান্ধিনীর তনয়।
শীত্র স্ফুট হৃদয়, ক্ষৌণীপৃষ্ঠ থলয়, যাবদ্‌ঘোড়া না যায়॥

অথ ভূতো যথা।

কংসবৈরি কৃষ্ণ নিলে তাতে দুঃখ নয়। আশা থিলে
প্রাণ রোধি বাড়বানল প্রায়॥

অথ শ্রীযদুসিংহেন প্রেয়সীভিরমুষ্য চ।
প্রেষণং ক্রিয়তে প্রেম্না সন্দেশস্য পরস্পরং॥

অথ বুদ্ধিপূর্ব্বঃ।

পারতন্ত্র্যোদ্ভবো যস্তু প্রোক্তং সোঽবুদ্ধিপূর্ব্বকঃ।
দিব্যাদিব্যাদি জনিতং পারতন্ত্র্যমনেকধা॥

যথা ললিতমাধবে।

মনোরথ শতে আনি শারদ পূর্ণিমাতে শঙ্খচূড়া
বৈরি আসি হইল তাহাতে॥

চিন্তাত্র জাগরোদ্বেগৌ তানবং মলিনাঙ্গতা।
প্রলাপোব্যাধিরুন্মাদো মোহো মৃতুর্দ্দশা দশ॥
প্রবাস বিপ্রলম্ভোঽস্মিন্ দশাস্তাস্তাহরেরপি॥

ইতি বিপ্রলম্ভপ্রকরণং।

হরেলীলা বিশেষস্য প্রকটস্যানুসারতঃ।
বর্ণিতা বিরহাবস্থা গোষ্ঠবামভ্রুবামসৌ॥
বৃন্দারণ্যে বিহরতা সদা রাসাদি বিভ্রমৈঃ।
হরিণা ব্রজদেবীনাং বিরহোঽস্তি ন কর্হিচিৎ॥

অথ সম্ভোগঃ।

দর্শনালিঙ্গনাদীনামানুকুল্যান্নিষেবয়া।
যূনো রুল্লাসমারোহভাবঃ সম্ভোগ ঈরিতঃ॥
মনীষিভিরয়ং মুখ্যো গৌণশ্চেতি দ্বিধেরিতঃ।

তত্র মুখ্যা।

মুখ্যাজাগ্রদবস্থায়াং সম্ভোগঃ স চতুর্ব্বিধঃ।
তান্ পূর্ব্বরাগতো মানাৎ প্রবাসদ্বয়তঃ ক্রমাৎ॥
জাতান সঙ্ক্ষিপ্তসংকীর্ণসম্পন্নর্দ্ধিমতো বিদুঃ।

তত্র সঙ্ক্ষিপ্তঃ।

যুবানৌ যত্র সঙ্ক্ষিপ্তান্ সাধ্বসব্রীড়িতাদিভিঃ।
উপচারান্নিষেবেতে স সঙ্ক্ষিপ্ত ইতীরিতঃ॥

তত্র নায়কেন সপ্তসত্যাং।

লীলা হি তুলিয়শৈলারকথ কৈরাহিয়াখানকংশে।

হরিগোপচমসমাগমসজ্ঘসম্ভবোল্লিত্তহৃথো।॥

অথ নায়িকায়াং যথা।

মুখে পটাবৃত মুখী কুটিলাঙ্গ আলিঙ্গনে। অব্যক্ত রাগ কৌল রাধা কৃষ্ণ সুখ ভেজে॥

অথ সঙ্কীর্ণঃ।

যত্র সঙ্কীর্ণ্যমানাস্যুব্যলীকস্মরণাদিভিঃ।

উপচারাঃ স সঙ্কীর্ণঃ কিঞ্চিত্তপ্তেক্ষুপেশলঃ॥

যথা

সাসূয়জল্পিত সুখানি সমৎসরাণি মানোপরাম রমণীয় চুম্বিতানি। কংসদ্বিষঃ স্ফুরদমন্দসুখা-নানঙ্গ বিক্রীড়িতানি সহ রাধিকায়া জয়ন্তি॥

অথ সম্পন্নঃ।

প্রবাসাৎ সঙ্গতে কান্তে ভোগঃ সম্পন্ন ঈরিতঃ।

দ্বিধাস্যাৎ আগতিঃ প্রাদুর্ভাবশ্চেতি স সঙ্গঃ।

তত্রাগতিঃ।

লৌকিকব্যবহারেণ স্যাদাগমনমাগতিঃ।

যথা উদ্ধবসন্দেশে।

দিবসে বিচ্ছেদে কান্তা আইস গৃহ হতে। গোপীচিত্ত হারী কৃষ্ণ আইল অগ্রেতে॥

অথ প্রাদুর্ভাবঃ।

প্রেষ্ঠানাং প্রেমসংরম্ভ বিহ্বলানাং পুরো হরিঃ।

আবির্ভবত্যকস্মাৎ যৎপ্রাদুর্ভাবঃ স উচ্যতে॥

যথা শ্রীদশমে।

তাসামাবিরভূচ্ছৌরিঃ স্ময়মানমুখাম্বুজঃ।
পীতাম্বরধরঃ স্রগ্বী সাক্ষাৎ মন্মথমন্মথঃ॥

অথ সমৃদ্ধিমান।

দুর্ল্লভালোকয়োর্যূনোঃ পারতন্ত্র্যাদ্বিযুক্তয়োঃ।
উপভোগাতিরেকো যঃ কীর্ত্ত্যতে স সমৃদ্ধিমান্॥

যথা। কর্ম্মচ্ছেদি পীড়াবৃন্তি যার লাগি সহিনু। কালিন্দী তটক্রীড়া রঙ্গী সেই বন্ধুরে পাইনু॥

অথ গৌণঃ।

স্বপ্নে প্রাপ্তির্বিশেষোঽস্য কৈর্গৌণ ইতীর্য্যতে।
স্বপ্নো দ্বিধাত্র সামান্যো বিশেষশ্চেন কীর্ত্তিতঃ॥
সামান্যঃ সম্ভ্রমঃ পূর্ব্বং কথিতো ব্যভিচারিষু।
বিশেষস্তু জাগর্য্যা নির্ব্বিশেষো মহাদ্ভুতঃ॥
ভবেৎকৃষ্ণমায়োত্থ চতুর্দ্ধা পূর্ব্ববত্ততঃ।
অতএব হি সিদ্ধানাং স্বপ্নেপি পরমাদ্ভুতে।
প্রাপ্তানি মণ্ডনাদীনি দৃশ্যন্তে জাগরেপি চ॥

অথ বিলাসভেদাঃ।

তে তু সন্দর্শনং জল্পঃ স্পর্শনং বর্ত্মরোধনং।
রাস বৃন্দাবনক্রীড়া যমুনাদ্যম্বুকেলয়ঃ॥
নৌখেলা লীলয়াচার্য্যং ঘট্টকুঞ্জাদিলীনতা।
মধুপানং বধূবেশঃ ধৃতিকপটসুপ্ততা॥
দ্যূতক্রীড়া পটাকৃষ্টিশ্চুম্বাশ্লেষৌ নখার্পণং।
বিম্বাধর সুধাপানং সম্প্রয়োগাদয়ো মতাঃ॥
বিদগ্ধানাং মিথোলীলা বিলাসেন যথাসুখং।

ন তথা সংপ্রয়োগেন স্যাদেবং রসিকা বিদুঃ ॥

হঠেন পরিরম্ভেণ নখশিখাভিরুল্লেখনং ।

হঠাৎ অধরখণ্ডনে ভ্রূযুগেন বক্রক্রিয়াং ॥

ভ্রুকুল দমলেচ্ছিং কুবলয়েন কুর্ব্বাণয়া ।

স্তাম্বপি সুখং হরেরধিক সাধসে রাধয়া ॥

ইতি উজ্জ্বলনীলমণি চুম্বক সমাপ্তঃ ।

মাধুর্য্যকাদম্বিনী।

হৃৎক্ষেত্রে নবভক্তিশস্যবিততেঃ সঞ্জীবনী স্বাগমা
রম্যে কামতপর্ত্তু দাহদমনী বিশ্বাপগোল্লাসিনী
দূরান্মে মরুশাখিনোঽপি সরসীভাবায় ভূয়াৎ
প্রভুঃ শ্রীচৈতন্য কৃপানিরঙ্কুশ মহামাধুর্য্যকাদম্বিনী ॥

শ্রীগুরুচরণ করিয়া বন্দন যেঁহো জ্ঞানদাতা হন। যাঁহার কৃপায় তত্ত্বজ্ঞান পায় সর্ব্ব বিঘ্ন বিনাশন॥ নিরহেতু ময় গৌর কৃপা হয় যে মাধুর্য্যকাদম্বিনী। হৃদয় ক্ষেত্রেতে শস্য তাতে সেই শস্যের সঞ্জীবনী। কামের দাহন গ্রীষ্ম ঋতু হীন আগমনে নাশ হয়। উদয় অবধি বিশ্বরূপ নদী সেই নদী উল্লাসময়॥ জলশূন্য ভূমি তাহে রুক্ষ আমি আমারে সরস করে। গৌরচরণ করিয়া বন্দন সর্ব্ব বিঘ্ন যাতে হরে॥ শ্রীরূপচরণ করিয়া বন্দন শ্রীকৃষ্ণের প্রিয়জন। পূর্ব্বে নামভক্তি এবে রসব্যক্তি যাঁর দত্ত বদ্ধে হন॥ শিষ্য কহেন ভক্তির স্বরূপ কিবা হন। গুরুদেব কৃপা করি কহেন লক্ষণ॥ আনন্দময় ব্রহ্ম হতে পরাৎপর হন। ব্রহ্মপুচ্ছ প্রতিষ্ঠা এই প্রমাণাদিতে কন॥ রসোবৈ সরস এই শ্রুতিতে সূচ্যমান। অস্মনাম সনির্ম্মোকে ভাগবতে কন॥ সর্ব্ববেদান্তসার সর্ব্ব প্রমাণ চক্রবর্ত্তী।

ভাগবতে কহে যারে রসময়ী মূর্ত্তি॥ ব্রহ্মনহি প্রতিষ্ঠা এই গীতাতে কহেন। সেই এই ব্রজরাজনন্দন হয়েন॥ শুদ্ধ সত্ত্বময় নিজ নাম রূপ লীলা। পরিপূর্ণ কলাদি বপু শাস্ত্রেতে কহিলা॥ কোন হেতু অপেক্ষা নাই স্বেচ্ছাময় হয়। জনের শ্রবণাদি ইন্দ্রিয় বৃত্তিতে প্রকাশয়॥ যদু রঘু আদি বংশে কৃষ্ণ রামাদি অবতার। স্বেচ্ছাময় হন কোন হেতু নাহি তার॥ তার ন্যায় হন তার স্বরূপ শক্তি ভক্তি স্বপ্রকাশ হন আর হেতু অনপেক্ষি॥ অহৈতুকী প্রতি হতা ইত্যাদি প্রমাণ। হেতু বিনা সেই ভক্তি আবির্ভাব হন॥ যদৃচ্ছয়া মৎ কথাদৌ ইত্যাদি বচন। অনেক আ-হুব ভক্তি স্বেচ্ছাময় হন॥ যদি কহ যদৃচ্ছার অর্থ কোনই ভাগ্যেতে। প্রকাশ হয়েন ভক্তি ভক্ত হৃদয়েতে॥ তবে কহ ভাগ্যমান কাহারে কহিবে। শুভকর্ম্ম জন্য কিবা তদ জন্য হবে॥ শুভকর্ম্ম জন্য যদি সেই ভক্তি হয়। কর্ম্মপার ভক্তের স্বপ্রকাশ নাশ যায়॥ তদজন্য কহিলে ভাগ্যের না হয় নিশ্চয়। কেমনে হইবে ভক্তি হেতু কিবা হয়॥ পুনঃ শিষ্য কহে ভক্তি ভগবানের কৃপায়। ভক্তের হৃদয়ে আসি হ-য়েন উদয়॥ গুরু কহেন কেন কৃপা করেন ভগবান। তার হেতু জিজ্ঞাসিলে অনবস্থা হন॥ পুনঃ শিষ্য কহেন কৃষ্ণ হন দয়াময়। জীবের দুঃখ দেখি তার নির্হেতু কৃপা হয়॥ গুরু কহেন কৃপা হেন সর্ব্বত্রেতে নয়। কারে কৃপা কারে অকৃপা বৈষম্য দোষ হয়॥ শিষ্য কহেন কৃষ্ণের বৈষম্য দোষ আছে। দুষ্টে নিগ্রহ ভক্ত পালন শাস্ত্রেতে কহিছে॥ গুরু কহেন সেই কৃষ্ণের বৈষম্য দোষ নয়। ভক্ত

বাৎসল্য গুণ কৃষ্ণের ভূষণ অতিশয় ॥ সর্ব্ব চক্র-বর্ত্তী সর্ব্ব উপমর্দ্দক হন। অষ্টমামৃত বৃষ্টিতে হইবে ব্যাখ্যান ॥ তবে শিষ্য গুরু স্থানে নিবেদন হন। কৃপাকরি সিদ্ধান্ত কহেন গুরু ভগবান ॥ নিরুপাধি ভক্তের কৃপায় ভক্তি হয়। বিচারিলে ভক্তের বৈষম্য তাতে নয় প্রেমমৈত্রী কৃপা পেক্ষণ ইত্যাদি প্রমাণ ॥ মধ্যম ভক্তের বৈষম্য হন বিদ্যমান। ভগবান স্বভক্তের বশীভূত হন ॥ ভক্ত অনুগামি কৃপায় সর্ব্ব সমাধান ॥ পুনঃ শিষ্য কহেন যদি ভক্তের কৃপায়। ভক্তি হয় তবে স্বপ্রকাশ হানি হয় ॥ গুরু কহেন ভক্ত কৃপার হেতু হন ভক্তি। ভক্তি বিনা কৃপা করিবারে নাহি শক্তি ॥ ভক্তের হৃদয় ভক্তি তাঁর কৃপা হয়। স্বপ্রকাশ হন ভক্তি সর্ব্ব শাস্ত্রে কয়।

যঃ কেনাপ্যতিভাগ্যেন জাতোশ্রদ্ধোহস্য সেবনে।

অতি ভাগ্য হয় সেউ ভক্তের করুণে ॥ পুনঃ শিষ্য কহেন কিছু করিয়া বিনয়। প্রথমে ভক্তের কৃপা অসম্ভব হয়। ভক্তের হৃদয় কৃষ্ণ করেন প্রেরণ। তবেত ভক্তের কৃপা জীব প্রতি হন ॥ গুরু কহেন ঈশ্বর ভক্তের বশ হন কৃপাশক্তি ভক্তকে করেন সংপ্রদান ॥ ভক্তের উৎকর্ষ হেতু ভক্তে সমাপয়। শিষ্য কহেন ঈশ্বর হন সর্ব্ব অন্ত-র্য্যামী। সবার প্রেরক হন সবাকার স্বামী ॥ গুরু কন সত্য ঈশ্বর অন্তর্যামী হন। সামান্য জীবের কর্ম্ম করেন প্রেরণ ॥ কর্ম্মহীন ভক্তকে প্রসন্ন অতিশয়। কৃপাশক্তি দানাত্মক প্রসন্নতা হয় ॥ শিষ্য কহেন নিষ্কাম কর্ম্মেতে ভক্তি হয়। আপনি কহিলেন ভক্তি হন স্বেচ্ছাময় ॥

গুরু কহেন কৃষ্ণ স্বেচ্ছাময় অবতার। স্থূল দৃষ্টে কহে ভূতা র হরণ হেতু তার॥ এই মত ভক্তি হয় নিষ্কাম কর্ম্মেতে স্থূলদৃষ্টে কহে কিছু ক্ষতি নাহি তাতে॥ কিন্তু যন্নযোগে ন ইত্যাদি প্রমাণেতে কন। দান যজ্ঞাদিতে ভক্তি নাহি হন॥ পুনঃ কহেন দান ব্রতভপ হোম স্বাধ্যায়। সংযাদি বিবিধ শ্রেয়ে কৃষ্ণভক্তি হয়॥ ইত্যাদি প্রমাণে দান ব্রত হেতু কয়। সে কেবল জ্ঞানাঙ্গ ভূতাসাত্ত্বিকী ভক্তি হয়॥ নির্গুণা প্রেমাঙ্গভূতা কভু নাই হন। ভক্তের কৃপায় সেই জানিহ কারণ॥ শিষ্য কহেন দান ব্রত বিষ্ণু বৈষ্ণবে তে। ব্রত একাদশী তপ কৃষ্ণের নিমিত্তে॥ গুরু কহেন ইহাকে সাধনভক্তি কয়। সাধনভক্তি সাধ্য ভাব ভক্তি হয়॥ ভক্ত্যাসংজাতয়া ভক্ত্যা ইত্যাদি প্রমাণ। নির্হেতু হয়েন ভক্তি সর্ব্ব সমাধান॥ ভক্তিকে ঔদাস্য করি জ্ঞান সাধয়। জ্ঞান নাহি হয় আর ক্লেশ মাত্র পায়॥ ভক্তির আশ্রয় বিনা যোগের সাধন। যোগসিদ্ধ নহে আর ক্লেশ মাত্র পান॥ জ্ঞানযোগাদি নিজ ফল সিদ্ধের নিমিত্তে। অবশ্য করেন তাঁরা ভক্তির অপেক্ষে॥ ভক্তে নিজ প্রেম ফল সিদ্ধির কারণ। জ্ঞান যোগাদিরেপেক্ষা না করেন কখন॥ ভক্তি যদি জ্ঞানাদির অপেক্ষা করেন। অশুদ্ধ ভক্তিনাম সেই শাস্ত্রেতে কহেন॥ ভক্তি মহারাণী নিজ ফলের সিদ্ধিতে। সর্ব্বথা অনন্যাপেক্ষি কি কহিব তাতে॥ জ্ঞান যোগাদির ফলে ইচ্ছা যদি হয়। জ্ঞানাদির অপেক্ষা র গন্ধ না করয়॥

যত্ত কর্ম্মভি র্যৎতপসা জ্ঞানবৈরগ্যতশ্চ যৎ।

সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতেঽঞ্জসা ॥

ভক্তিহীন জনের জাতি শাস্ত্র জপ তপ। মৃতদেহে যেমন অলঙ্কারাদি সব ॥

ভগভক্তিহীনস্য জাতি শাস্ত্রং জপস্তপঃ।
অপ্রাণস্যেব দেহস্য মণ্ডনং লোকরঞ্জনং ॥

ভক্তি মহারাণীর অধীন জ্ঞান আদি হয়। সে কথা কি কব প্রমাণ অনেক আছয় ॥ কর্ম্ম যোগে কাল দেশ পাত্র দ্রব্যানুষ্ঠান। শুদ্ধ্যাদি অপেক্ষা করে স্মৃতি শাস্ত্রে কন ভক্তি মহারাণী কাল দেশাদির শুদ্ধি। অপেক্ষা না করেন নিজে হন স্বয়ং সিদ্ধি ॥

ন দেশনিয়মস্তত্র ন কাল নিয়ম স্তথা।
নোচ্ছিষ্টাদৌ নিষেধোস্তি শ্রীহরের্নাম লুব্ধক ॥

ভক্তিদেবী স্বেচ্ছাদির অপেক্ষা না করে। যেন তেন প্রকারে জপিলে ফল ধরে ॥

স কৃদপি পরিগীতং হেলয়া শ্রদ্ধয়া বা।
ভৃগুবর নরমাত্রং তারয়েৎ কৃষ্ণনাম ॥

কি আর কহিব ভক্তি স্ব শুদ্ধি পর্য্যন্ত। অপেক্ষা না করে সর্ব্ব শাস্ত্রেতে প্রসিদ্ধ ॥

শুদ্ধং বা শুদ্ধবর্ণং ব্যবহিত রহিতং তার যন্ত্রেব সত্যং।

কর্ম্মযোগেতে মন হইলে মহানর্থ হয়। অধিক কি কহিব সর্ব্ব শাস্ত্রেতে কহয় ॥ মন্ত্রের স্বর বা বর্ণের যদি হীন হয়। উচ্চারণ ব্যতিক্রমে সে অর্থ না কয় ॥ ইন্দ্র শত্রু মন্ত্রে স্বরে অপরাধ হন। সেই মন্ত্র বজ্র হঞা নাশে যজমান ॥ এই মত জ্ঞান অন্তঃকরণাদি শুদ্ধি। অপেক্ষা

করেন সর্ব্ব শাস্ত্রেতে প্রসিদ্ধি॥ নিষ্কাম কর্ম্মযোগে অন্তঃ করণ শুদ্ধ হলে। তাতে জ্ঞানের প্রবেশ হৈথে কর্ম্মাধীন বলে॥ জ্ঞানাধিকারীর দৈবাৎ দুরাচার নবে। নবৈবা স্বামি অপরূপা নিন্দাদি শুনিবে॥ কংস হিরণ্যকশিপু রাবণাদি সব। জ্ঞানাভ্যাসি বটে নাহি তত্ত্বজ্ঞানের লব ভক্তিতে রাসাদি লীলা শ্রবণ কীর্ত্তনে। কামরোগী প্রেম ভক্তি পায় ততক্ষণে॥ অপিচেৎ সুদুরাচাৎ ইত্যাদি প্রমাণ। দুরাচারি ভক্তের নিন্দা শাস্ত্রে নাই কন॥

অজামিলসা ভক্তত্বং বিষ্ণুদূতৈ র্নিরূপিতং।

সঙ্কেত ভগবন্নাম পুত্রস্নেহানুসন্ধং॥

নামাভাস বিশিষ্ট অজামিলাদির সাধক। বৈগুণ্য বাধক ভক্তি পরাণ দাহক॥ সর্ব্বথা পারতন্ত্র্য বৈগুণ্য আদি হন। যে কোন সাধনে তাহা হন নিবারণ॥ ভক্তির সাধন জ্ঞান অজ্ঞ জনে কয়। জ্ঞানের ফল মুক্তি দিয়া ভুলাইতে পারে। লুকায়েন প্রেমভক্তি না দেন কাহারে মুক্তিসিদ্ধি কোটি মধ্যে নারায়ণ পরায়ণ। একজন সুদুর্ল্লভ পুরাণেতে কন। ইন্দ্রকে প্রধান করি আপনি ছোটহন সর্ব্বথা ইন্দ্রের পুষ্টি করেন বামন॥ উপেন্দ্রের কৃপালতা বিজ্ঞ জনে জানে। ইন্দ্র হতে অপকর্ষ কভু নাহি মানে॥ এই মত জ্ঞানকে পুষ্টি করেন ভক্তি। ভক্তির অনুগ্রহ সেই জানেন সুবুদ্ধি॥ ভক্ত্যাসংজাতয়া ভক্ত্যা ইত্যাদি প্রমাণ। সাধন ভক্তির ফল প্রেম ভক্তি হন॥ সেই প্রেম পুরুষার্থের হন মৌলীরূপা। মহাশক্তিমতী ভগবানের স্বরূপা॥ সর্ব্ব ব্যাপকত্ব আর সর্ব্ব বশীকারিত্ব॥ সর্ব্বোৎক-

র্ষণ হন আর পরম স্বাতন্ত্র্য ॥ স্বপ্রকাশ হন আর সর্ব্বসুখ সীমা। কিঞ্চিৎ লিখিলাম তার অপার মহিমা ॥ মহারাণ ভক্তিবিনা অন্যত্র প্রবৃত্তি। বিজ্ঞজনের নাহি হয় ইন্দ্রিয়মনো বৃত্তি ॥ নরত্ব হইয়া কেবা নাকরে আশ্রয়। যে না করে সেই জন্তু নরপশু হয় ॥ আমি অজ্ঞ কিবা জানি ভক্তির মহিমা ব্রহ্মা আদিদেবে যাবনা জানেন সীমা ॥ শ্রীগুরুচরণপদ্ম মনে করি আশ। মাধুর্য্যকাদম্বিনীর প্রথম বৃষ্টি কহেন কৃষ্ণদাস॥

ইতি মাধুর্য্যকাদম্বিনীর সর্ব্বোৎকর্ষ নাম প্রথমামৃত বৃষ্টি।

জয় গৌর নিত্যানন্দ জয়াদ্বৈতচন্দ্র। গদাধর শ্রীবাসা-দি গৌরভক্তবৃন্দ ॥ শিষ্য কহেন কি প্রকার ভক্তিসাধন। কৃপা করি গুরুদেব কহেন লক্ষণ ॥ দ্বৈতাদ্বৈত বাদ ইথে নাহি অবকাশ। ঐশ্বর্য্যকাদম্বিনী গ্রন্থে আছয় প্রকাশ ॥ ইন্দ্রিয়ক্ষেত্রেতে ভক্তি প্রাদুর্ভাব হয়। জ্ঞান কর্ম্ম অমি-শ্রিতা শুদ্ধ নাম কয় ॥ কল্পলতা নিরস্ত অন্য ফলাভি-সন্ধান। ধৃত বৃত মধুব্রত বিজ্ঞের আশ্রয় হন ॥ সর্ব্বিষয় আনুকূল্য মূল প্রাণ হয়। স্বীয় স্পর্শ দিয়া হন স্পর্শমণি-র ন্যায় ॥ ইন্দ্রিয়বৃত্তি প্রাকৃতরূপ লৌহতা ছাড়ায়। চিন্ময় শুদ্ধ জাম্বুনদতা পাওয়ায়। কোড়কের ন্যায় হঞা ঊর্দ্ধেতে গমন। সাধনভক্তি নাম প্রথম দুই পত্র হন ॥ প্রথমা ক্লেশঘ্নী আর দ্বিতীয়া শুভদা। রাগভক্তির দুই পত্র বৈধিভক্তির দ্বিধা ॥ পাতার অন্তর লোভ প্রবর্ত্ত লক্ষ

চিকণ। যেষামহং প্রিয়ং আত্মা সুত ইত্যাদি বচন॥
ন্ধ সম্বন্ধ গন্ধ প্রাপ্ত উৎকর্ষ দেশেতে। রাগ নামে রাজা
অধিকার হন তাতে॥ বাহিরে শাস্ত্র শাসন প্রবর্ত্ত লক্ষ-
। কাঠিন্য ভাব প্রিয়াদি শব্দ সম্বন্ধ হীন॥ আপনেই
অতি স্নিগ্ধ না হয় উদয়। রাগের অপকর্ষ দেশে বৈধবা-
জা হয়॥ ক্লেশঘ্নী শুভদা দুই রাগে যেমন হবে। বৈধি-
ভক্তিতে প্রায় তেনতি জানিবে॥ ক্লেশ কহি অবিদ্যা
অস্মৃতি রাগ দ্বেষ। অভিনিবেশ আদি এই পঞ্চ মহাক্লেশ
প্রারব্ধ অপ্রারব্ধ রূঢ়বীজ পাপ আদি। রাগে যেমন নাশ
হন তেমন নাশ বৈধি॥ শুভানি কহি দুর্ব্বিষয় বৈতৃষ্ণ
জন্মন। কৃষ্ণবিষয় সতৃষ্ণা অনুকূল হয়॥ কৃপা ক্ষমা সত্য
সারল্য সাম্য ধৈর্য্য গভীর। নিন্দ অমানি সর্ব্ব শুভ-
গুণ স্থির॥ সর্ব্বেগুণৈ সূত্র সমাসেতে সুরা প্রমাণ। শুদ্ধ
ভক্তি জনেত এই সব গুণ হন॥ যেমন ভক্তি হয় তার
অনুভব তেমন। তেমনি বৈরাগ্য তিন এককালে হন॥
কোমল দৃঢ়হ পত্রের উদয় তারতম। ক্লেশনাশ শুভপ্রাপ্তি
তারতম্যে ক্রম॥ সেই পত্র জাতি সুক্ষ্ম অজ্ঞের দুর্ব্বোধ।
র্য্য দর্শন চিহ্ন জানে যে জন সুবোধ॥ ভক্তি অধিকা-
রির প্রথম শ্রদ্ধা হয়। শ্রদ্ধা কহেন শাস্ত্রার্থে দৃঢ় প্রত্যয়
ভজন ইচ্ছু জনের যত্ন এক কারণ। তদ্বিষয় এক নির্ব্বাহ
রূপ আদর স্পৃহা হন॥ সেই শ্রদ্ধা স্বাভাবিক রাগ ভক্ত
হয়। শাস্ত্র বাক্য ভয়ে বলে উৎপন্ন বৈধি ভক্ত কয়॥
গুরুচরণ আশ্রয় করি জিজ্ঞাসে সদাচার। স্বজাতীয় অভি
জ্ঞ সাধু সঙ্গ ভাগ্য তার॥ সাধু ভাগ্য হতে ভজন ক্রিয়া

হয়। অনিষ্ঠিতা নিষ্ঠিতা ভজন দুই বিধা কয়॥ প্রথমে অনিষ্ঠা ভজন ছয়মত কন। উৎসাহ ময়ীঘন তরলা ব্যূঢ় বিকল্পা হন॥ বিষয় সঙ্গরা ক্ষমা তরঙ্গরঙ্গিণী। এই ছয় সাধকের বিলম্ব কারিণী॥

তত্র উৎসাহময়ী।

প্রথমে শাস্ত্র অধ্যয়ন আরম্ভ করিবে। লোকে ব্যাখ্যা করে পণ্ডিত মানে আপনাতে॥ তার ন্যায় প্রথম যে ভজন করয়। লোকের ব্যাখ্যাতে প্রভুয় উৎসাহময়ী হয়॥

অথ ঘনতরলা।

ভক্তি অঙ্গ যাজন করে কোন দিন নিবিড়ত্ব। কোন দিন শিথিল হয় ঘনত্ব তরলত্ব॥ বটু যেমন শাস্ত্রাভ্যাসে কোন দিন সান্দ্র। কোন দিন অর্থ না বুঝে শিথিল আনন্দ

অথ ব্যূঢ়বিকল্পা।

স্বপরিবার স্ত্রী পুত্র আদি বৈষ্ণব করিয়া। কৃষ্ণের পরিচর্য্যা করে গৃহেতে থাকিয়া॥ কিবা সব পরিত্যাগ নির্ব্বিক্ষেপ হঞা। বৃন্দাবনে ধ্যেয় স্থান তথাতে বসিয়া॥ শ্রবণ কীর্ত্তন করি কৃতার্থ হইব। ভুক্ত ভোগ অন্তে কিবা এখনি ত্যাগিব॥ সংসার আপন মৃত্যু তৃণে ঢাকা কূপ। সর্ব্ব মতে অবিশ্বাস হয় সংসার সুখ॥ যো দুস্তজ্যান্ দার-সুতান্ যহৌ যুবৈব মলন্যয়ে। ইত্যাদি দৃষ্টান্তে ত্যাগে বিলম্ব না সয়॥ পুনঃ কহেন আমার মাতা পিতা বৃদ্ধা হন অজ্ঞ বালকাদির কেবা করিবে পোষণ॥ অতএব সংসার ত্যাগী সংসার হয় ধ্যান। মৃত্যু হঞা পুনঃ সেই সংসার

প্রাপ্ত হন ॥ এই বাক্যে সংসার ত্যাগে অলক্ষ বল হয়। প্রাণ ধারণ বৃত্তি করি সংসারেতে রয় ॥ মনে করে শেষে যাব শ্রীবৃন্দাবন। অষ্ট প্রহর দিবা রাত্রি করিব ভজন ॥ জ্ঞান বৈরাগ্যেতে কভু ভক্তি নাই হয়। ভক্তি হইলে জ্ঞান বৈরাগ্য আপনে জন্ময় ॥ যেযে আশ্রমে ভিক্ষুক গমন করিবে। শেষে আশ্রমের সুখ পূর্ণ আস্বাদিবে ॥ এই বাক্য মনে করি বৈরাগ্য জন্মিল। তাবৎ কারাগৃহ বাক্যে গৃহস্থ হইল ॥ গৃহস্থের বাসনা আদি সব চোর হয়। যাবৎ শ্রীকৃষ্ণচরণে না করে আশ্রয় ॥ এই বাক্য মনে করি গৃহে স্থিতি হৈল। কি প্রকার ভজন করি চিন্তিতে লাগিল ॥ কৃষ্ণনাম জপ করি কিবা কীর্ত্তন করিব। কৃষ্ণকথা শ্রবণ কিবা ভাগবত পড়িব ॥ কভু কহে করিব সদা বৈষ্ণব সেবন। অম্বরীষাদির ন্যায় বহু অঙ্গ সাধন ॥ ধ্যানের মত করিব শ্রীমূর্ত্তি সেবন। বিবিধ বিকল্প এই দ্বারা বিকল্পা হন ॥

অথ বিষয়সঙ্গরা।

বিষয়াবিষ্ট চিত্তের কৃষ্ণাবেশ দূরে। ভোগ সব বলাৎকার করি মনোহরে ॥ ভজনে শিথিল হয় ভোগের নিমিত্ত। অতএব বিষয়ভোগ ত্যাগ কথা উচিত ॥ নিন্দা করি কোন কোন বিষয় ত্যাগিল। কোন ক্রমে কোন দিন আবার ভুঞ্জিল ॥ ইহ পরলোকে কাম হয় দুঃখময়। জানে নিন্দা করে তবু ত্যাগে শক্তি নয় ॥ পূর্ব্বাভ্যাসে ভোগ হয় কখন ত্যাগ করে। কভু হারে কভু জয় বিষয় সঙ্গরে ॥

অথ নিয়মাক্ষমা।

অদ্যাবধি এত নাম গ্রহণ করিব। এত প্রণাম আর এত বৈষ্ণব সেবিব॥ কৃষ্ণ কথা বিনা না করিব উচ্চারণ। গ্রাম্য কথা যথা তথা না যাব কখন॥ প্রতি দিন প্রতিজ্ঞা করি করয় নিশ্চয়। কোন দিন অক্ষমা ইতি নিয়মাক্ষমা হয়॥ বিষয় ত্যাগের অক্ষমা বিষয় সঙ্করাতে। ভক্তি উৎকর্ষের অক্ষমা নিয়মাক্ষমাতে॥

অথ তরঙ্গরঙ্গিণী।

ভক্তির প্রভাবে যে জন ভক্তি আচরে। সর্ব্বলোক সেই জনে অনুরাগ করে॥ জনের অনুরাগে হয় সম্পদাদি যত। ঐশ্বর্য্য লাভ প্রতিষ্ঠাদি তাতে হয় রত॥ লতার যেমন উপশাখা বাড়ি যায়। তার ন্যায় অচক্সুরের তরঙ্গরঙ্গিণী হয়॥ শ্রীগুরুচরণ পদ্ম মনে করি আশ। দ্বিতীয়া বৃষ্টি ভাষা কহে কৃষ্ণদাস॥ ২॥

জয় গৌর নিত্যানন্দ জয়াদ্বৈতচন্দ্র। গদাধর শ্রীবাসাদি গৌরভক্তবৃন্দ॥ শিষ্য কহে ভজন ক্রিয়ার পর কিবা হন। গুরু কহেন শুন অনর্থ নিবৃত্তি লক্ষণ। সেই যে অনর্থ হন চারি পরকার। দুষ্কৃতোত্থা সুকৃতোত্থা অপরাধোত্থা আর॥ ভক্ত্যুত্থাদি করি এই হয় চারি মত। ক্রমে ক্রমে কহি সব করি বিস্তারিত॥

তত্র দুষ্কৃতোত্থা।

বিষয়াভিনিবেশেতে উঠে রাগ দ্বেষ। তাতে হয় ত্রিতাপাদি আর পঞ্চ ক্লেশ॥

অথ সুকৃতোত্থা।

সুকৃতিতে হয় ভোগ বিবিধ প্রকার। ভজন বিরোধি সেহ অনর্থ নাম তার॥

অথ অপরাধোত্থা।

অপরাধোত্থা সেই নামাপরাধ কয়। সেবা অপরাধ হইলে নামে নাশ হয়॥ স্তব পাঠ সদা সেবা করে বিজ্ঞজন। প্রতি দিন উপশমে অঙ্কুর না হন॥ যদি উপশম বলে অনবধান হয়। সেবা অপরাধ নাম অপরাধ কয়॥ নামোবলাদ্যস্য হি পাপ বুদ্ধি প্রমাণ। নাম উপলক্ষ করি ভক্তি মাত্র কন॥ ভক্তি অঙ্গ বলে যদি পাপে মন হয়। সেই পাপ তার নাম অপরাধ কয়॥ প্রায়শ্চিত্ত বলে করে পাপ আচরণ। সেই পাপ অক্ষয় হন ধর্ম্ম শাস্ত্রে কন॥ তবে শিষ্য গুরু অগ্রে করে নিবেদন। নষ্টঙ্গোপক্রমে ধ্বংস ভগবান কন॥ দশাক্ষর মন্ত্র জপমাত্রে সিদ্ধি কন। এই বাক্য বলে অঙ্গ না করে যাজন॥ কিম্বা কোন মতে অঙ্গের বৈকুন্যাদি হয়। তবেত এসব নাম অপরাধ কয়॥ গুরু কহেন এসব নামাপরাধ নয়। নামাপরাধ নাম বলে পাপ ইচ্ছা হয়॥ ভক্তি অঙ্গ বলে যদি পাপে হয় মন। পাপ কহি যাতে নিন্দা প্রায়শ্চিত্ত শ্রবণ। কর্ম্ম অঙ্গহীনে যেমন নিন্দাদি প্রায়শ্চিত্ত। ভক্তি অঙ্গহীনে তেমন না হন নিন্দিত॥ ভক্তি অঙ্গহীন হইলে অপরাধ না হয়। সব অঙ্গ যাজনে তার উত্তমতা কয়॥ ভগবানের প্রাপ্তি হেতু যে সব উপায়। ভাগবত ধর্ম্ম তার ভগবান কয়॥ সেই ভাগবত ধর্ম্ম আশ্রয় করিলে। অনবধান চিত্ত তার

না হয় কোন কালে ॥ নিমীলন চক্ষে যদি করয় গমন। স্খলন না হয় তাতে না হয় পতন ॥ জানি অঙ্গহীন করি করয় যাজন। দোষ নাহি হন নাহি ফলের খণ্ডন ॥ শিষ্য কহে তবে অপরাধের প্রস্থাধান। হইলেও তার অপরাধ নাহি হন ॥ গুরু কহে সেবা নাম অপরাধের সাবধান। ভাগবত ধর্ম্ম নাম তাহাকেই কন ॥

যানৈর্ব্বা পাদুকৈর্ব্বাপি গমনং ভগবদ্গৃহে।

ইত্যাদি সেবা অপরাধ নিষেধ শাস্ত্রে কহে।

হরেরপ্যপরাধান্ যঃ কুর্য্যাৎ দ্বিপাদ পাংশনঃ।

ইত্যাদি নিষেধ শাস্ত্রে কহে পুনঃ পুনঃ। সেই নাম অপরাধ পূর্ব্বে বা এখন ॥ যদি সম্যক প্রকারেতে জ্ঞাত না হইল। কিন্তু অপরাধ ফল করিবে অনুমান। চিত্তার্দ্রতা অশ্রু পুলকাদি না হইল ॥ তবে নাম অবিশ্রান্ত উচ্চারণ করিবে। ভক্তি নিষ্ঠা হইলে ক্রমে অপরাধ যাবে॥ যদি সেই অপরাধ পারেন জানিতে। তবে তার কর্ত্তব্য এই কহেন শাস্ত্রেতে ॥ সতাং নিন্দা এই দশ অপরাধের প্রধান। নিন্দা লক্ষ্য করি দ্বেষ দ্রোহা আদি কন ॥

হন্তি নিন্দন্তি বৈদ্বেষ্টি বৈষ্ণবান্নাভিনন্দ্যতে।

ক্রুদ্ধ্যতি জাতিনো হর্ষং দর্শনে পতনানিষট্ ॥

দৈবাৎ বৈষ্ণব স্থানে অপরাধ হয়। অপরাধি পামর আমার কি হবে উপায় ॥ অগ্নিতে পুড়িলে যেমন অগ্নিতে সাম্য হন। সেই বৈষ্ণবের পায় ধরি করিব প্রসন্ন ॥ বিষণ্ণ চিত্তে প্রণতি আর স্তবাদি দর্শানি। অবশ্য কর্ত্তব্য যাতে সপ্রসন্নতা হন ॥ কদাচিত তাতে যদি না হন প্রসন্ন।

বহুদিন করিব মনোভিরুচি আচরণ ॥ তাতে যদি কদাচিৎ না হয় নিবৃত্তি। ধিক্ অপরাধি আমার নরক কোটি প্রাপ্তি ॥ নির্ব্বেদ হঞা সর্ব্বত্যাগী নাম কীর্ত্তন সার। মহাশক্তি নাম কালে করিবেন উদ্ধার ॥ পুনঃ পুনঃ পায় ধরা নাহি প্রয়োজন। নামাপরাধির নাম কীর্ত্তনে মোচন ॥ এই ভাবনাতে সেই অপরাধ অক্ষয়। পুনর্ব্বার আর এক অপরাধ হয় ॥ শিষ্য কহে কৃপালু আদি পূর্ণ ধর্ম্মী বৈষ্ণব তার নিন্দা দ্বেষাদিতে হবে অপরাধ ॥ পূর্ণ ধর্ম্মী নহেন আর করেন দুরাচার। তার নিন্দায় অপরাধ না হবে কাহার ॥ গুরু কহেন এই বাক্য কভু না কহিবে। দুরাচারী ভক্তের নিন্দায় অপরাধ হবে ॥

সর্ব্বাচারবিবর্জ্জিতাঃ শঠধিয়ো ব্রাত্যা জগদ্বঞ্চকাঃ।

ইত্যাদি শাস্ত্রের বাক্য আছয় অনেক। এতাদৃশ দুরাচারী কোন মতে ভজন ॥ করিলেই শত শব্দ বাচ্য তার হন। শিষ্য কহে মহানুভাব যে-সব বৈষ্ণব ॥ নিন্দা দ্বেষ করিলে তাতে না করেন কোপ। গুরু কহেন তেঁহো কোপ না করেন যদি ॥ নিজ শুদ্ধার্থে করিবে প্রণতি স্তুতি আদি মহানুভাব তার প্রতি কোপ নাই করে। তার চরণ রেণু সেই নিন্দুকে সংহারে ॥ কৃষ্ণ কভু ভক্ত নিন্দা সহিতে না পারে। সুদর্শন চক্রে সেই নিন্দুকে সংহারে ॥ দুর্ব্বোধ চরিত্র কৃপাময় স্বচ্ছন্দ আচার ॥ মহাভাগবত তার মহিমা অপার ॥ শিবিকা বহায় আর কটু বাক্য কয়। সেই রহুগণে জড় ভরতের কৃপা হয় ॥ পাষণ্ড ধর্ম্মী হিংসার্থে আইল দৈত্য সমূহে। উপরিচর বসুর কৃপা পুরাণেতে

জ্বলন অগ্নি শুদ্ধ তেজোময় ॥ রজঃধূম স্থানি শুদ্ধ তেজের অভাব।। তমঃকাষ্ঠ স্থানিমধ্যে অগ্নি তেজ লাভ।। তমঃকার্য্য নিদ্রায় নির্ভেদ জ্ঞান সুখ হয়। ইত্যাদি বিচার তত্ত্ব করিবে নিশ্চয় ॥ অস্বতন্ত্র চৈতন্য স্বদশাভেদে দুই মত। অবিদ্যা আবৃত এক আর অনাবৃত ॥ দেব মনুষ্য পশুপক্ষ হন। অনাবৃত চৈতন্য সেই দুই মত কন ॥ ঈশ্বরের ঐশ্বর্য্য শক্ত্যা অনাবিষ্ট আবিষ্ট। অনাবিষ্ট স্থূলে সেই হয় দুই বিধি ॥ জ্ঞান ভক্তি সাধনেতে ঈশ্বরে লীন অলীন। লীন হতে অলীন শ্রেষ্ঠ মাধুর্য্য স্বাদিন ॥ আবেশ দুই চিদংশ ভূত জ্ঞান শক্তি আদি। মায়াংশ ভূত সৃষ্টি শক্তি এই দুই বিধি জ্ঞান শক্তি সনকাদি নারদে ভক্তিশক্তি। ব্রহ্মাদিতে আবেশ হয়েন সৃষ্টি শক্তি আদি ॥ বিষ্ণু শিবের অভেদ চৈতন্য এক রূপ হন। মায়ার স্পর্শ রহিত আর মায়ার স্পর্শন ॥ নির্গুণ আর স্বগুণ শিব দুই হন। নিষ্কামের উপাস্য নির্গুণ স্ব কামের স্বগুণ ॥ বিষ্ণু আর ব্রহ্মার ভেদ চৈতন্য পৃথক হয়। অভেদ কহে সূর্য্য সূর্য্যকান্তমণির ন্যায় ॥ কোন কল্পে ঈশ্বরাবিষ্ট জীব শিব হন।

কৃচিজ্জীব বিশেষত্বং হরস্যোক্তং বিধেরিব প্রমাণ।
যস্তু নারায়ণং দেবং ব্রহ্ম রুদ্রাদি দৈবতৈঃ ॥
সমত্বে নৈব মন্যেত স পাষণ্ডি ভবেৎ ধ্রুবং।

এ বচন ব্রহ্মার ন্যায় জীবশিবে হন। ভেদ অভেদ এইমত করিবে বিবেচন ॥ সাধু সঙ্গ নাহি নাহি এই তত্ত্বজ্ঞান। বিষ্ণুকে ঈশ্বর মানে শিব ঈশ্বর নন ॥ কেহ কহে শিব ঈশ্বর বিষ্ণু ঈশ্বর নয়। কেহ কহে বিষ্ণু শিব এক

মাত্র হয়॥ ইত্যাদি বিবাদ করি অপরাধ হয়। কভু যদি বিজ্ঞজন তারে প্রবোধয়॥ বিষ্ণু হতে অভেদ শিব হইলে প্রতীতি। তাপ করি নাম কীর্ত্তনে অপরাধ শান্তি॥ বেদ শাস্ত্র আদি কর্ম্ম জ্ঞান যোগ কয়। ভক্তি না কহেন কেবল বহির্ম্মুখ হয়॥ এই মত শ্রুতি নিন্দা যে মুখে করয়। সেই মুখে পুনঃ বেদজ্ঞেরে প্রশংসয়॥ শ্রুতিকে বন্দনা করে উচ্চনাম কীর্ত্তন। শ্রুতি নিন্দা অপরাধের হইবে মোচন॥ শিষ্য কহে শ্রুতি করেন কর্ম্মাদি স্থাপন। ইহাতে শ্রুতির নিন্দা কেন নাই হন॥ গুরু কহেন শ্রুতি হন পরম করুণ। স্বেচ্ছাচারী লোক বিষয় লোভে অন্ধ হন॥ ভক্তিতে অনধিকারীর পথে মাত্র স্থিতি। কর্ম্ম উপদেশ দেন করুণা ময়ী শ্রুতি॥ স্ত্রীর লোভে পুরুষ যেমন অতিশয় মোহ। তারে উপদেশ দেন করহ বিবাহ॥ তার পরে রমণেকে পর্ব্বের নিষেধি। ঋতু রক্ষা একদিন তার পরবিধি॥ ক্রমে ক্রমে কামাদি করেন নিবারণ। এই মত শ্রুতি পরম কারুণিক হন॥ বিজ্ঞজন হতে এই বোধ যবে হবে। শ্রুতি শাস্ত্র নিন্দা অপরাধ যাবে তবে॥ এই চারি কহিলাম আর হয় হয়। উদ্ভব নিবৃত্তি তার এই মত কয়॥

অথ ভক্ত্যুত্থা।

ভক্তিতে ধনাদি লাভ প্রতিষ্ঠাদি পায়। তাতে সাধকের চিত্ত উপরজঃ করয়॥ উপশাখার বৃদ্ধিতে মূল শাখার যেমন। প্রতিষ্ঠাদি হইলে ভক্তি কুণ্ঠ হন তেমন॥ চারি প্রকার অনর্থ পঞ্চ প্রকারে নিবৃত্তি। এক দেশবর্ত্তিনী আর বহু দেশবর্ত্তী॥ প্রায়িকী নিবৃত্তি আর পূর্ণা আত্যন্তিকী।

এই পঞ্চ প্রকার হন অনর্থ নিবৃত্তি॥ গ্রামদগ্ধ পটোভগের ন্যায় ভজন ক্রিয়ার শেষে। অপরাধোত্থ অনর্থের নিবৃত্তি একদেশ॥ নিষ্ঠা উৎপন্ন হইলে হয় বহু দেশবর্ত্তী। ভাবভক্তি উদয়েতে প্রায়িকী নিবৃত্তি॥ প্রেমভক্তি উদয়েতে হন পূর্ণা নিবৃত্তি। কৃষ্ণচরণ প্রাপ্ত হইলে হন আত্যন্তিকী॥ শিষ্য তবে গুরু আগে করে নিবেদন। প্রেম প্রাপ্তি চিত্রকেতুর অনর্থ কেন হন॥ গুরু কহে চিত্রকেতুতে না সহে অপরাধ। সে কেবল প্রতীত মাত্র না হয় বাস্তবী॥ দুর্গা শাপ দেন তাতে বৃত্রাসুর হন। বৃত্রাসুরে পাষদত্তে বিশিষ্ট না কন॥ জয় বিজয়ের অপরাধ প্রেমের কারণ। নারায়ণের সুখ হেতু স্বেচ্ছায় গ্রহণ॥

কোন দিন নারায়ণের যুদ্ধ ইচ্ছা হন। তাহা জানি জয় বিজয় নারায়ণে কন॥ হে প্রভুবর দেবাদি দেব নারায়ণ। তোমার সনে যুদ্ধ করে কেবা হেন জন॥ কোন মতে আমা দোঁহে প্রতিকূল করি। যুদ্ধ সুখ কর যুদ্ধ বিশেষ বিস্তারি॥ সনকাদি শাপ দেন তাদের প্রার্থনাতে। কোন কল্পে সেহ নহে সকলি কল্পেতে॥ কেহ কহে দুষ্কৃতোত্থা অনর্থ যে গণি। ভজন ক্রিয়ার পর হয় এক দেশ বর্ত্তিনী॥ নিষ্ঠাতে পূর্ণা রুচিতে আত্যন্তিকী হন। বিচারিয়া দেখ ইহা কি প্রকারে কন॥ পুনঃ শিষ্য গুরু আগে করে নিবেদন। এক নামাভাসে পাপাদি সব নাশ হন॥

যন্নাম সকৃৎ শ্রবণাৎ পুক্কশোপি বিমুচ্যতে সংসারাৎ॥

ইত্যাদি প্রমাণ শত অজামিলাদি আখ্যান। এক নামা

ভাসে সর্ব্ব অনর্থ নাশ হন ॥ ভগবানের চরণে প্রেম ভক্তি প্রাপ্ত। ভক্তে অনর্থ নিবৃত্তি আদি না হয় সঙ্গত ॥ গুরু কহেন যে কহিলে পুরাণ বাক্য এই। নামের এতাদৃশ শক্তি নাহিক সন্দেহ ॥ অপরাধি জনে নাম প্রসন্ন না হন স্বশক্তি প্রকাশ না করেন কদাচন ॥ সর্ব্ব শক্তি পূর্ণ নাম পরম করুণ। অপ্রসন্ন হন ভক্তের দুষ্টতা কারণ ॥ শিষ্য কহেন নাম যাকে অপ্রসন্ন হবে ॥ তবে সেই ভক্তে যম অধিকার করিবে ॥ গুরু কহে ভক্তা ক্রমে যমের নহি শক্তি।

ন তে যমং পাশ ভৃত্যশ্চ তদ্ভটান্ স্বপ্নেপি পশ্যন্তি।

ভক্ত কভু স্বপ্নে যমদূত নাহি দেখে। ইত্যাদি প্রমাণ শাস্ত্রে আছে লাখে লাখে ॥

ন বিদ্যতে তস্য যমৈর্হি শুদ্ধি প্রমাণ।

যম যমরাজা নহে যোগাঙ্গ যম নিয়ম। অর্থ এই যে-জন নাম অপরাধী হন ॥ যোগাঙ্গ যম নিয়মে কভু শুদ্ধ নন। পরম সমর্থ ধনবান রাজা হন ॥ অপরাধি ভৃত্যে যদি না করেন পালন। রাজার ঔদাস্যে দুঃখ দরিদ্রাদি হন ॥ তার দণ্ড অনুগ্রহে না হন অন্য জন। পুনঃ পুনঃ করে রাজার মনোমত সেবন ॥ ক্রমে রাজার প্রসন্নে দুঃখাদি নাশ হন। তেন ভক্ত শাস্ত্র গুরু অমায়া সেবন ॥ ক্রমে নাম প্রসন্ন হন অনর্থ নাশ জান ॥ আমার কোন অপরাধ নাই যদি কহ। ফলের কারণ অপরাধ অনুমান করহ ॥ বহু নাম কীর্ত্তনে প্রেম না হয় উদয়। নাম অপ-রাধ আছে জানিহ নিশ্চয় ॥

যদুক্তং।

তদশ্মসারং হৃদয়ং বতেদং যদ্গৃহ্য মাণৈ র্হরি নামধেয়ৈঃ। ন বিক্রিয়েতাথ যদা বিকারো নেত্রে জলং গাত্ররুহেষু ইতি॥

তবে শিষ্য গুরু আগে কম্প সহ কয়। অপরাধের শক্তি শুনি আমার হইল বিস্ময়॥ তবে গুরু কৃপা করি শিষ্য প্রতি কন। নাম অপরাধের ফল পুরাণ বচন॥

কেতেঽপরাধা বিপ্রেন্দ্র নাম্নোভগবতঃ কৃতাঃ।
বিনিঘ্নন্তি নৃণাং কৃত্যং প্রাকৃতং হ্যানয়ন্তিহীতি॥

কৃষ্ণনাম গুণ যশ শ্রবণ কীর্ত্তনে। প্রবর্ত্ত মাত্রে পুলক-যাদি সিদ্ধি তত্ক্ষণে॥ কৃষ্ণ নিবেদিত ঘৃত দুগ্ধ তাম্বূলাদি সেবন মাত্রে সর্ব্বেন্দ্রিয়ের তরঙ্গ নিবৃত্তি॥ হেনমহাপ্রসাদাদি পুনঃ পুনঃ সেবন করিলে। তাহাতে কোন ফল নাহি হন॥ কৃষ্ণ নামাদি প্রসাদাদি সকল চিন্ময়। যে অপরাধে এ সকল প্রাকৃতের ন্যায়॥ কে সেই ভগবান্নাম অপরাধ হয়। এই সব উৎকম্প সহ বিস্ময় প্রশ্ন কয়॥ পুনঃ শিষ্য কহে নাম অপরাধি যে জন। ভগবানের বহির্ম্মুখ উচিত ফল হন॥ নিরন্তর বৈষ্ণবেরে অল্প বুদ্ধি করিবে। গুরু সেবা ভজনাদি তার না সম্ভবে॥ গুরু কহেন যে কহিলে সে সত্য বচন। ভজনে অরুচি বৈষ্ণবে তুচ্ছ অপরাধ লক্ষণ মহা জ্বরাদিতে যেমন অন্নাদি অরুচি। যাতে ব্যাধি বাড়ে তাতে সদাই প্রবৃত্তি॥ এই মত নামাপরাধ গাঢ় হয় যার। শ্রবণ কীর্ত্তন ভজনে রুচি নাহি তার॥ বিষয় রোগে বাড়ে

যাতে বৈষ্ণবে দ্বেষ হন। ইহাতে সন্দেহ নাহি পুরাণ বচন ॥ কিন্তু অর মৃদু কিবা পুরাতন যার। অনাদিতে কিঞ্চি ন্মাত্র রুচি হয় তার ॥ অপরাধ অল্পে কিবা বহু দিন ভোগেতে। ক্ষীণ হইলে কিঞ্চিৎ রতি ভজনেতে ॥ অল্প জ্বরে জীর্ণজ্বরে কিঞ্চিৎ ভোজন। অল্পপুষ্টি করে গ্লানি কৃশ নাই জান ॥ তৎ ঔষধ পথ্য সেবন যদি হয়। পুষ্টি হয় আপ গ্লানি কৃশ যায় ॥ এই মত উপায় করে অপরাধ নাশ। ভজনে প্রগাঢ় রুচি প্রেমের প্রকাশ ॥ আদৌ শ্রদ্ধা ততঃ সাধু সঙ্গোথ ভজন। ততোহনর্থ নিবৃত্তি এই গোস্বামির বচন ॥ কীর্ত্তনাদি করে ভক্ত প্রেম নাহি হয়। আর পাপে প্রবৃত্তি কেবল অপরাধ ফল নয় ॥ ব্যবহারে বহু দুঃখ ভক্তেতে দেখিবে। প্রারব্ধ পাপের ভোগ সবেনা মানিবে ॥ নিরপরাধ নির্দ্ধারিত অজামিল হন। পুত্র নামে প্রতি দিন কহে নারায়ণ ॥ প্রেমাভাব আর দাসী সঙ্গাদি পাপেতে প্রবৃত্তি। প্রারব্ধ অভাবে বহু দুঃখ যুধিষ্ঠিরাদি ॥ ফলবান ব্রহ্ম প্রায় সময় কালে ফলে। নিরপরাধে প্রসন্ন নাম ফল দেন কালে ॥ পূর্ব্বাভ্যাসে ক্রিয়মান পাপরাশি করয়। বিষদাঁত ভাঙ্গা সাপের দংশনের ন্যায় ॥ রোগ শোক আদি দুঃখ প্রারব্ধ ফল নয়। কোন নিমিত্তে হয় সেই কৃষ্ণের ইচ্ছায় ॥ কৃষ্ণ কহেন যাকে আমি অনুগ্রহ করি। তার ধন আদি সব ক্রমে ক্রমে হরি ॥ নির্ধনী দেখিয়া ত্যাগ করে তার জন। নিধনত্ব মহারোগ মদনুগ্রহ লক্ষণ ॥ ভক্ত হিতকারি কৃষ্ণ দৈন্য বাড়াইতে। ভক্তে দুঃখ দেন নাহি কর্ম্ম ফল তাতে ॥ প্রারব্ধ অভাব হন যুধিষ্ঠিরাদিতে

প্রেম বৃদ্ধি হেতু সেই কৃষ্ণের ইচ্ছাতে ॥ শ্রীগুরুচরণ পদ্ম মনে করি আশ। তৃতীয়ামৃতবৃষ্টি ভাষা কহে কৃষ্ণদাস ॥

ইতি মাধুর্য্যকাদম্বিন্যাং সর্ব্বগ্রহপ্রশমনী নাম তৃতীয়ামৃতবৃষ্টি ॥ ৩ ।

—

জয় গৌর নিত্যানন্দ জয়াদ্বৈতচন্দ্র। গদাধর শ্রীবাসাদি গৌরভক্তবৃন্দ ॥ শিষ্য কহে ইহার পর কি হয় সাধন। কৃপাকরি গুরু কহেন নিষ্ঠার লক্ষণ ॥ পূর্ব্বে যা অনিষ্ঠা নিষ্ঠা ভজন দুই উক্তা। অনিষ্ঠা ভজন সেই ষড়্বিধা লক্ষিতা নিষ্ঠা না কহিয়া পরে অনর্থ নিবৃত্তি। চতুর্থ বৃষ্টিতে এবে কহি নিষ্ঠাভক্তি ॥

যদুক্তং।

শৃণ্বতাং স্বকথাঃ কৃষ্ণঃ পুণ্য শ্রবণকীর্ত্তনঃ।
হৃদ্যন্তঃস্থোহ্যভদ্রাণি বিধুনোতি সুহৃৎ সতাং ॥
শৃণ্বতাং স্বকথাঃ কৃষ্ণঃ পুণ শ্রবণকীর্ত্তনঃ।
এই অর্দ্ধ শ্লোকে কহেন অনিষ্ঠা ভজন।
হৃদ্যন্তঃস্থোহ্যভদ্রাণি বিধুনোতি সুহৃৎ সতাং।
এই অর্দ্ধ শ্লোকে অনর্থ নিবৃত্তি কথিতা ॥
নষ্ট প্রায়েষ্বভদ্রেষু নিত্যং ভাগবত সেবয়া।
ভগবত্যুত্তমশ্লোকে ভক্তি ভবতি নৈষ্ঠিকী ॥

ভাগবতে এই শ্লোকে কহে নিষ্ঠা ভক্তি। নষ্ট প্রায়ে কহে অনর্থের কোন ভাগে স্থিতি ॥ অতএব এবে কহি নিষ্ঠিতা ভজন। ভক্তিতে নৈশ্চল্য এই নিষ্ঠার লক্ষণ ॥ লয় বিক্ষেপ অপ্রতিপত্তি কষায় রসাস্বাদ। এই পঞ্চ বিঘ্ন হয়

নিষ্ঠা ভক্তির বাদ ॥ অনর্থ দশাতে এই পঞ্চ বিঘ্ন হয়। এই পঞ্চ নিবৃত্তি প্রায় নিষ্ঠা ভক্তি কয় ॥ কীর্ত্তনাদি আধিক্যে নিদ্রোদ্গম নয়। গ্রাম্য কথায় ভক্তি বাদ বিক্ষেপ নাম কয় ॥ কীর্ত্তনাদি অসামর্থ অপ্রতিপত্তি হয়। ক্রোধ লোভ গর্ব্বাদির সংস্কার কষায় ॥ বিষয়-সুখোদয় কালে কীর্ত্তনাদিতে। মন প্রবেশ না হয় রসাস্বাদ নাম তাতে ॥

ভক্তির্ভবতি নৈষ্ঠিকী। তদা রজস্তমোভাবা কাম-
লোভাদয়শ্চ যে। চেতএতৈরনাবিদ্ধং স্থিতং
সত্বে প্রসীদতি ॥

এই শ্লোকেতে কহেন ভাবভক্তি পর্য্যন্ত। অবাধক রূপে হন বিঘ্ন আদি স্থিত। সেই ভক্তিনিষ্ঠা পুনঃ দুই বিধা গণি। সাক্ষাৎ ভক্তিবর্ত্তিনী আর অনুকূলবর্ত্তিনী ॥ সাক্ষাৎ ভক্তিবর্ত্তিনী স্থূলে তিন পরকার। কায়িক বাচিক চেষ্টা মানসচেষ্টা আর ॥ প্রথম কায়িকচেষ্টা পরে মানস নিষ্ঠা হবে। কেহ এই মত কহে সেহ না সম্ভবে ॥ কায়িকাদি শক্তি ভক্তে তারতম্যে স্থিতি। কারো কায়িক শক্তি বাচিক কারো মানসশক্তি ॥ অমানি মানদ দম মৈত্রী দয়াদিনী। তাতে নিষ্ঠা হয় অনুকূল বস্তুবর্ত্তিনী ॥ শমাদি স্বভাব ভক্তিনিষ্ঠা না হইতে। শম দম আদি যদি প্রকাশে হয় তাতে ॥ কোন ভক্তে নিষ্ঠা হইলে শমাদি না দেখিবে। নিষ্ঠা যথা শম দমাদি তথাই মানিবে ॥ ভক্তি অনিষ্ঠাতে শম দমাদি দৃশ্য হয়। বহির্দৃশ্য অজ্ঞ প্রতীতি বাস্তব সে নয় ॥ ভক্তি র্ভবতি নৈষ্ঠিকী ইত্যাদি প্রমাণ। কাম লোভাদি অনাবিদ্ধ চিত্ত কৃষ্ণে প্রসন্ন হন ॥

শ্রবণ কীর্ত্তনাদিতে যত্নশৈথিল্যগাঢ়তা।
দুস্ত্যজো সংভবে ভক্তি অনিষ্ঠা নিষ্ঠিতা তথা॥
শ্রীগুরুচরণপদ্ম মনে করি আশ॥ চতুর্থামৃত বৃষ্টি
চাষ; কহে কৃষ্ণদাস॥ ৪॥

ইতি মাধুর্য্যকাদম্বিন্যাং নিষ্যন্দবঙ্কুরা নামামৃত
বৃষ্টি চতুর্থী॥ ৪॥

জয় গৌর নিত্যানন্দ জয়াদ্বৈতচন্দ্র। গদাধর শ্রীবা-
সাদি গৌরভক্ত বৃন্দ॥ শিষ্য কহে ইহার পর কি হবে
সাধন। কৃপা করি গুরু কহেন রুচির লক্ষণ॥ ভক্তি কাঞ্চন
মুদ্রা সেই অভ্যাস রূপ অগ্নিতে। উজ্জ্বল রূপ রুচি হন ভক্ত
হৃদয়েতে॥ শ্রবণ কীর্ত্তনাদি পূর্ব্ব হতে বিলক্ষণ। রোচকত্ব
হন তাতে রুচি নাম কন॥ যে রুচি উৎপন্ন হইলে পূর্ব্ব
দশার ন্যায়। মুহুঃ অনুশীলনেতে শ্রমগন্ধ নাহি হয়॥
যে রুচিতে কীর্ত্তনাদি স্বাভাবিক হন। গৃহস্থের স্বভাবিক
গৃহ কর্ম্ম যেমন॥ শাস্ত্র পড়ে বটু যেমন শাস্ত্রার্থ প্রবেশে
রুচির উৎপন্ন নাহি শ্রমগন্ধ লেশে॥ পিত্ত রোগে দুষিত
জিহ্বা মিশ্রি অরোচক। সেই মিশ্রি হয় পিত্ত রোগের
নাশক॥ সেই মিশ্রি পুনঃ পুনঃ করয় সেবন। পিত্তরোগ
নষ্ট হইলে রোচকত্ব হন॥ এই মত অবিদ্যা দুষিত জীবা-
ন্তঃকরণ। শ্রবণাদি ভক্তি তাতে রুচি নাই হন॥ পুনঃ
পুনঃ করে যদি শ্রবণ কীর্ত্তন। অবিদ্যা নাশ হইলে হয়
রুচির উৎপন্ন॥ সেই রুচি হইলে পুনঃ দুই বিধা গণি।
বস্তু বৈশিষ্ট্যাপেক্ষিণী আর তদনপেক্ষিণী॥ বস্তু ভগব

নাম রূপ লীলা আদি গুণ। সুন্দর সুর রাগাদি বিশিষ্ট কীর্ত্তন॥ ধ্বনি অলঙ্কার যুক্ত কৃষ্ণ-চরিত্র বর্ণন। দেশ পাত্র দ্রব্য আদি সদ্ভাব লক্ষণ॥ এসব অপেক্ষা বস্তু বৈশিষ্ট্যা পেক্ষিণী। কি কি ব্যঞ্জন আছে যেমন মন্দ ক্ষুধার দাণী॥ প্রথম অন্তঃকরণের কিঞ্চিৎ দোষ লেশে। কীর্ত্তনাদি বৈশিষ্ট্যাপেক্ষা করণ দোষাভাবে॥ অনপেক্ষি যথা তথা নাম রূপ আদি। কীর্ত্তনাদি উপক্রমে রুচি বলবতী কীর্ত্তনাদি বৈশিষ্ট্যে রুচি গাঢ়ত্ব বিশেষ। এ রুচিতে নাহি মনের বৈগুণ্য গন্ধ লেশ॥ হে সখে কৃষ্ণ নামামৃতের ত্যাগী আস্বাদন। যোগক্ষম বিষয়েতে কেন নিমগন॥ তোমাকে বা কি বলিব ধিক্ আমি অন্ধ। গুরুপ্রসাদে লব্ধ রত্ন অঞ্চলে নিবদ্ধ॥ অপ্রাপ্ত হওয়া ভ্রমণ করি এত কাল গেল। অন্য ব্যাপার পারাবার কত না করিল॥ মিথ্যা সুখ লেশ ফুট কড়ি অন্বেষণে। বৃথা আয়ু খোওয়াইনু যেন অজ্ঞজনে॥ ভক্তির যে কোন নীত না করি অঙ্গীকার শক্তির অভাব প্রকাশ করি বার বার॥ সেই আমি কপটী সেই আমার জিহ্বায়। মিথ্যা কটু গ্রাম্য প্রলাপ অমৃতের ন্যায়॥ কৃষ্ণ নাম গুণ কীর্ত্তনে আলস্য হয় কত। কৃষ্ণ কথা শ্রবণারম্ভে নিদ্রা হয় প্রাপ্ত॥ সেই কালে গ্রাম্য কথা যদি কেহ কন। উর্দ্ধ কর্ণ করি হয় লব্ধ জাগরণ॥ কলঙ্ক করিনু সকল সাধুর সভাতে। কি কি উদ্যম না করিনু জঠর নিমিত্তে॥ না জানি কোন নরকে অপরাধ ফল। ভোগ করি বাস মোর হবে চিরকাল॥ হেনকালে নির্জ্জনেতে কল্পবল্লী সার। কৃষ্ণ চরিতামৃতাস্বাদ করে বার

বার ॥ প্রণামাদি মুহু মুহু সংলাপ সাধুতে। প্রবেশ করি সেবানিষ্ঠা ভগবদ্ধামেতে ॥ উন্মনা উন্মনা দেখে বহি মুখ জন। ভক্তজন দেখে ভজনানন্দ নিত্য অধ্যয়ন ॥ রুচি নর্ত্তকী দুই হাতে ধরিয়া নাচায় ॥ না জানিবা কোন মহানন্দ প্রাপ্তি হয় ॥ ভাব প্রেমকালে আসি ইহায় না চাহিবে। কোন বা সুখের রাজ্যে বিরাজ করাইবে ॥ শ্রীগুরুচরণপদ্ম মনে করি আশ। পঞ্চমামৃত বৃষ্টি ভাষা কহে কৃষ্ণদাস ॥

ইতি মাধুর্য্যকাদম্বিন্যাং উপলব্ধাস্বাদ নাম পঞ্চমামৃত বৃষ্টি।

জয় গৌর নিত্যানন্দ জয়াদ্বৈতচন্দ্র। গদাধর শ্রীবাসাদি গৌরভক্ত বৃন্দ ॥ শিষ্য কহে রুচির পর কিবা নাম হন। কৃপা করি গুরু কহেন আসক্তি লক্ষণ ॥ সেই ভজন বিষয় রুচি প্রগাঢ়ত্ব হয়। ভজনীয় কৃষ্ণে যদি করেন বিষয় ॥ তবে সেই রুচির আসক্তি নাম হয়। শ্রীকৃষ্ণের নাম গুণে মন ডুবি যায় ॥ যে আসক্তি ভক্তি কল্পলতার স্তবক। ভাব প্রেমপুষ্প ফল শীঘ্র হবে ব্যক্ত ॥ ভজনে অত্যন্ত প্রতি রুচি নাম কয়। কৃষ্ণরূপ গুণে প্রীত আসক্তি নাম হয় ॥ বস্তুতঃ দুয়ের প্রীত দুয়েতে আছয়। অপ্রৌঢ়ত্ব প্রৌঢ়ত্ব মাত্র এই ভেদ হয় ॥ আসক্তিতে অন্তঃকরণ দর্পণ মার্জ্জন। হঠাৎ কৃষ্ণপ্রতিবিম্ব যাতে দৃশ্য হন ॥ বিষয়াসক্তি চিত্ত মোর ধরিব কৃষ্ণেতে। ভক্তের এই ইচ্ছার পর বিষয় হইতে ॥ আকর্ষিয়া চিত্ত নিয়া কৃষ্ণেতে ধরিত। পূর্ব্ব দ-

রোগ নাশ হয় আমার অরিষ্ট শীঘ্র যাতে প্রাপ্ত হন॥ সাশ্রুয়াচমান তার কৃপা লোক মধুর বচন পানে। হৃষ্ট আনন্দিত তার পরিচর্য্যা করে পাঁচ ছয়দিনে॥ সরস গমনে কোন দিন বনে কৃষ্ণ সার দেখি ফুল। যদি কৃষ্ণ কৃপা আমা প্রতি হয় এ দিগে কর গমন॥ নহে পিছুকর স্বভাব মৃগের পশু পক্ষী চেষ্টা যত। তাতে অনুগ্রহ লক্ষণ জানিয়া আনন্দিত হন কত॥ গ্রামের নিকট ব্রাহ্মণ বালক খেলে সনকাদি মত। তাসবারে কহে ব্রজেন্দ্র কুমারে আমি কি হইব প্রাপ্ত॥ তাদের উত্তর মহাত্মকা ক্ষর দুর্বোধার্থ হয় তায়। সুবোধ করিয়া পরামৃষ্ট করি কত আনন্দিত হয়॥ গৃহ মধ্যে বসি মহাধনলোভী কৃপণ বণিক যেন। কোথা আমি যাব কিবা বা করিব স-দাই চিন্তিত হন॥ কোন বা ব্যাপারে মনোভীষ্ট বস্তু হস্তগত হবে আসি। মলিন বদন চিন্তা সর্ব্বক্ষণ শয়ন গমনে বসি॥ পরিজন যত কারণ জিজ্ঞাসে তাতে হন যেন বোবা। কোন দিন কার কোনমত কহে তাহা বুঝিবেক কেবা॥ সংপ্রতি এজন বুদ্ধি ছন্ন হৈল কহে পরিজন সকলে স্বভাবেতে জড় জানি চিরকাল প্রতিবাসী অজ্ঞে বলে॥ ব্যাকরণি যত তারা কহে মূর্খ তার্কিকেরা কহে নাই। অদৃষ্ট অধীন কহে মীমাংসক বেদান্তিরা ভ্রান্তি কই॥ কর্ম্মি কহে ভ্রষ্ট সার বস্তু প্রাপ্ত অভক্ত অজ্ঞেতে কহে। অপরাধী কহে দাম্ভিক এজন এইমত নিন্দা হয়ে॥ মান অপমান বিচার না জানে ভগবদাসক্তি নদী। তাহার প্র-বাহে পতিত হইয়া চেষ্টা হয় নানা বিধি॥ শ্রীল বিশ্ব-

নাথ চক্রবর্ত্তী গুরু তাঁহার চরণ ধ্যানে। ষষ্ঠম অমৃত বৃষ্টি তার ভাষা দীন কৃষ্ণদাসে ভণে ॥

ইতি মাধুর্য্যকাদম্বিন্যাং মনোহারিণী নামামৃত বৃষ্টি ষষ্ঠী ॥

জয় গৌর নিত্যানন্দ জয়াদ্বৈতচন্দ্র। গদাধর শ্রীবাসাদি গৌরভক্তবৃন্দ ॥ শিষ্য কহে ইহার পর কি হবে সাধন। কৃপা করি গুরু কহেন ভাবের লক্ষণ ॥ সেই যে আসক্তি পরম পরিপাক পায়। রতি এক নাম আর ভাব নাম হয় ॥ যে ভাব সচ্চিদানন্দ কৃষ্ণের স্বরূপ শক্তি। নিত্য জ্ঞানানন্দ তার বৃত্তি ভাব প্রাপ্তি ॥ ভক্তিকল্পলতার পুষ্প হন সেই ভাব। যার বাহ্য প্রভা সর্ব্ব জনের সুদুর্ল্লভ ॥ যাহার স্ফুরৎ প্রভা মোক্ষ লঘু করে। যার পরমাণু এক মন তন্ময় হয়ে ॥ যার সৌগন্ধ বিস্তার মধুসূদনেরে। নিমন্ত্রণ করি আনে ভক্তের গোচরে ॥ যে সৌগন্ধে বাসিত চিত্তবৃত্তি তিস্র যত। দ্রবীভূত হওয়া হন তৈল রূপ প্রাপ্ত ॥ সেই তৈল ভগবানের সকল অঙ্গেতে। মাখায়েন পুনঃ পুনঃ ভক্তে আহ্লাদিতে ॥ যে ভাব উদয় হওয়া স্বাধারস্থ পাত্রের ব্রহ্মা আদি দেবতার নমস্যত্ব করে ॥ যে ভাব উদয় কৃষ্ণের অঙ্গের শ্যামল বরণ কিবা। কৃষ্ণের অধর নয়ন অম্বর কেমন সে অরুণিমা ॥ কৃষ্ণের বদনে মন্দ হাস্য চন্দ্র তাহার ধবলি মানে। বসন ভূষণ সে পীত বরণ কবে সে হেরিব নয়নে ॥ দর্শন সময়ে যেন নিকট হয় অধিক উৎকণ্ঠা বাড়ে। ভক্তের নয়নে অশ্রু বরিষণে দেহ অভিষেক করে

কৃষ্ণের বাঁশীর গান মনোহর চরণে নূপুর ধ্বনি। কণ্ঠের সুস্বর মধুর মধুর চরণে নিদেশ বাণী॥ এচারি রতন করিতে ভূষণ ভক্তের শ্রবণ দুই। খুঁজে স্থানে স্থানে প্রতি ক্ষণে ক্ষণে উর্দ্ধ হওয়া স্থির হই॥ কৃষ্ণের অভয় কর কিশলয় তাহার পরশ কেমন। ইহা ভাবি মন যেন স্পর্শ পান রোমাঞ্চিত গাত্র হন॥ অঙ্গের সৌরভ কেমন সেসব আমার নাসা কি পাবে। যেমন পাইয়া প্রফুল্ল হইয়া নিশ্বাস টানিছে তবে॥ কৃষ্ণাধরামৃত পরম অমৃত না জানি কি স্বাদ বটে। যেন পাই স্বাদ রসনা উন্মাদ সে ওষ্ঠ অধর চাটে॥ কোন দিন স্ফূর্ত্তি যেন সাক্ষাৎ প্রাপ্তি আনন্দ হইল কত। মাধুর্য্য আস্বাদ করিয়া উন্মাদ পুনঃ না দেখি বিষাদ॥ নির্ব্বেদাদি করিয়া সঞ্চারি ভাব যত। সাত্ত্বিকাদি অলঙ্কার দেহের শোভিত॥ ইষ্টবস্তু প্রাপ্তি হবে এই বুদ্ধি নিশ্চয়। জাগ্রত স্বপ্ন নিদ্রাতে আছে পথে রয়॥ অহঙ্কাচ সেবা যোগ্য সিদ্ধি দেহে প্রাপ্তি। সাধক শরীর প্রায় হন ত্যাগ মত॥ মমতা শ্রীকৃষ্ণপাদপদ্ম মকরন্দে। মধু করি হইবারে হইল নির্ব্বন্ধে॥ প্রাপ্ত মহারত্ন কৃপণ বণিকের ন্যায়। লোকের নিকট ভাব গোপন করয়॥ ক্ষান্তি অব্যর্থ কালত্ব বিরক্তি আদি যত। ভাবভক্তির লক্ষণ হইবেক ত॥

নগ ললাটমেবাস্তর্ধনং কথয়তি ন্যায়ে।

তদ্বিজ্ঞ সাধু সভাতে বিদিত সে হয়। অন্য জনে দেখে ক্ষিপ্ত উন্মত্ত জড়প্রায়॥ প্রাকৃত বুদ্ধি থাকিতে গোর কারো নয়। সেই ভাব ভক্তি পুনঃ দুই মত হয়॥ র

ভক্তি উত্থ আর বৈধি ভক্তি উত্থ ॥ আদ্যো জাতি প্রমাণে হন আধিক্যতা। মহিমা জ্ঞান অমর্দার মমতাধিক্যে সান্দ্রতা ॥ দ্বিতীয় জাতি প্রমাণের কিঞ্চিৎ ন্যূনতা। ঐশ্বর্য্য জ্ঞান বিদ্ধ মমতা বন্ধ অসান্দ্রতা ॥ দ্বিবিধ ভাব ভক্তের বিবিধ চিত্তাসন্না হৃদয়। বিবিধ স্ফুরণ হঞা বিবিধ রস হয় ॥ জল যেন আম্র কাঠাল ইক্ষ্বাদি বৃক্ষেতে। প্রবিষ্ট হইয়া নানা রস হয় তাতে ॥ সেই ভাব শান্ত দাস্য সখ্য আর পিতা। প্রেয়সী ভাববন্তাদি হন পঞ্চ বিধা ॥ শান্তে শান্তি দাস্যে প্রীতি সখ্যে সখ্য রতি। পিতাতে বাৎসল্য রতি প্রিয়তা প্রেয়সীতি ॥ পুনঃ স্বশক্তি আবির্ভাব বিভাবাদি যত। রাজার ন্যায় স্থায়ী নাম বিশিষ্টতা প্রাপ্ত শান্ত রস দাস্য রস সখ্য রস হন। বাৎসল্য রস উজ্জ্বল রস পঞ্চ বিধ কেন ॥ অবতারে এই রস যদ্যপি সম্ভবে ব্রজেন্দ্রনন্দনে পূর্ণ তমতা লভিবে ॥ নদ নদী তড়াগাদিতে জলনিধিত্ব সংভবে। পরিপূর্ণ জলনিধিত্ব সমুদ্রের হবে ॥ যে রস ভাবের প্রথম পরিণতিতে উৎপন্ন। প্রেমোদয়ে মূর্ত্তিমান দেখে ভক্ত জন ॥ শ্রীগুরুচরণপদ্ম মনে করি আশ। সপ্তমামৃত বৃষ্টি ভাষা কহে কৃষ্ণ দাস ॥

ইতি মাধুর্য্যকাদম্বিন্যাং পরমানন্দনিবান্দনী নাম
সপ্তমামৃত বৃষ্টি ॥ ৭ ॥

জয় গৌর নিত্যানন্দ জয়াদ্বৈতচন্দ্র। গদাধর শ্রীবাসাদি গৌরভক্তবৃন্দ ॥ শিষ্য কহেন গুরুদেবের চরণেতে ধরি ইহার পর কি সাধন কহ কৃপা করি ॥ গুরুভক্তি কল্প

লতার সাধন অবস্থাতে। পূর্ব্বে যেই দুই পত্র হইল লক্ষিতে॥ এবে অতি চিকণ শ্রবণ কীর্ত্তনাদি ময়। ভাব পুষ্প অনভাবাদি বহু পত্র হয়॥ যে কীর্ত্তনাদি ভাব পুষ্পের পরিণাম পওয়ায়। পুনঃ তার প্রেম নাম ফল যে আনয় ভক্তি কল্পলতার এই আশ্চর্য্য চরিত্র। পত্র স্তবক পুষ্প ফল পরিণতি প্রাপ্ত॥ তথাপিহ নিজ নিজ স্বরূপ না ত্যজে নিত্য নব নব হঞা সকলে বিরাজে॥ ভক্ত জনের আত্মীয় গৃহ বৃত্তাদিতে। শত সহস্র হঞা যেই চিত্তবৃত্তি তাতে॥ মমতা রজ্জুতে বদ্ধ পূর্ব্বেতে আছিল। গৃহবৃত্তি হতে তাহা মোচন করিল॥ সেই সব চিত্তবৃত্তি যাবিকী আছিল স্পর্শ মণির ন্যায়ে তাদের নিজ স্পর্শ দিল॥ স্বাকার চিদানন্দ জ্যোতির্ম্ময়ী করি। গৃহবৃত্তি হতে তাহা সকল আহরি॥ স্বশক্তিতে চিত্তবৃত্তি তাদৃশ করিয়া। কৃষ্ণ রূপ গুণ মাধুর্য্যে দিলেন বান্ধিয়া॥ সেই এই প্রেমা মহা কিরণ মালীর ন্যায়। উদয় হইলে পুরুষার্থ নক্ষত্র বিলায়॥ সান্দ্রানন্দ বিশেষাত্মা ফল রূপ জানি। তাহার পৌষ্টিকী শক্তি শ্রীকৃষ্ণাকার্ষণী॥ যেই প্রেমাস্বাদারম্ভে বিঘ্ন না গণয়। ধর্ম্মাধর্ম্ম লোকাপেক্ষা দেহাপেক্ষা নয়॥ মহাশূর দস্যু যেমন লোভী হঞা ধনে। অত্যাবেশে লপ্ত বিচার দেহ নাহি গণে। পরম স্বাদু চতুর্ব্বিধ অপরিমিত অন্ন। রাত্রি দিবা প্রতিক্ষণ করিয়া ভোজন॥ তথাপি যদি ক্ষুধার উপশম নয়। তার ন্যায় উৎকণ্ঠা হয় সূর্য্য তাপ ন্যায়॥ সেই কালে স্ফূর্ত্তিতে কৃষ্ণ আবির্ভাব হন। রূপ গুণ মাধুর্য্যাদি করান আস্বাদন॥ কোটি চন্দ্র সম শীতল

সূর্য্য কোটি তাপ। একে কালে হয় প্রেমের আশ্চর্য্য প্রতাপ॥ যে প্রেম বৃদ্ধিতে কৃষ্ণকে দেখিতে অধিক উৎকণ্ঠা বাড়ে। স্ফূর্ত্তিতে দেখিলে কৃষ্ণ রূপ লীলা মাধুর্য্যে ডুবিয়া পড়ে॥ যতেক বান্ধব নির্জ্জনান্ধকূপ ভবন কণ্টক বন। যে কিছু আহার সে যেন প্রহার সদা শূন্য ময় মন॥ স্বজন প্রশংসা যেন সর্প নিত্য কৃত্য মৃত্যু শেষ। অঙ্গ প্রত্য হারা যেন মহাভারা সুহৃদ্ শাস্তন। বিষ সদাই জাগর তাপের সাগর নিদ্রা প্রাণ নিস্ত্রাবন। আপনার দেহ ভগবন্নিগ্রহ মূর্ত্তিমতী যেন শম॥ আপনার প্রাণ যেন ভাজা ধান অগ্নিতে তাপিত যেন। পূর্ব্বে যে অভীষ্ট সেই সে নির্জ্জন মহা উপদ্রব হন॥ কৃষ্ণের চিন্তন দেহচ্ছেদ যেন সদাই নয়ান ঝরে। প্রেমচুম্বকমণি কৃষ্ণ লোহা আনি ভক্তের গোচর করে॥ সৌন্দর্য্য সৌরভ স্বস্বর কোমল সুরস দাতা করাণ। এই স্বীয় সগুণ স্বরূপ ভুক্ত কলাপ গুণ॥ ভক্তের ইন্দ্রিয় নয়ন আদিতে শ্রীকৃষ্ণ প্রদান করে। পরম মধুর নিত্য নব নব ভক্তের আস্বাদ ভরে॥ প্রেমের বৃদ্ধিতে প্রতিক্ষণে ক্ষণে মহোৎকণ্ঠা বাড়ি যায়। ভক্তের ইন্দ্রিয়ে কত যে আনন্দ মহোদধি প্রকাশয়॥ আস্বাদ করিয়া যে আনন্দ হয় তাহা কে কহিতে জানে। কবি গণের বাণী ন কুটিতে সাপি নহে তার পরিমাণে॥ অতি সে নিবিড় বিটপের দল প্রবলিত মহাবট। সেই বট শত চৌদিগে বেষ্টিত তাহাতে শীতল স্থান। গ্রীষ্ম ঋতুকালে তপ্তপথে পথিক তাহার আশ্রয়ে যেন॥ বনে মত্তগজ চিরকাল দাবা অনলেতে দগ্ধ হন। মেঘ

মত আদি বৃষ্টিধারা বর্ষে তার অভিষেকে যেন ॥ মহা রোগ শত্রু তাহাতে পীড়িত সদাই শরীর যার। সুধা প্রাপ্ত হঞা আস্বাদ করিয়া তাঁতে যে আনন্দ তার ॥ এসব আ-নন্দ দিগদরশন তাহার উপমা দিয়ে। নহিলে প্রাকৃত বুদ্ধের গোচর কোন মতে নাহি হয়ে ॥ প্রথমে মাধুর্য্য অপার চমৎকার ময়। ভক্তের নয়নে কৃষ্ণ প্রকাশ করয় সে মাধুর্য্য সর্ব্বেন্দ্রিয় লোচনময়ী ভাবে। স্তম্ভ কম্প বাষ্প আদি বিঘ্ন করে সবে ॥ আনন্দ কৃত মূর্চ্ছা ভক্তের হইল তখন। তারে প্রবোধিতে কৃষ্ণ করেন যতন ॥ দ্বি-তীয় সৌরভ্য ভক্তের ঘ্রাণে প্রবেশয়। ঘ্রাণময়ী ভাবে ভক্ত দ্বিতীয় মূর্চ্ছা হয় ॥ কৃষ্ণ কহেন ভক্ত আমি তোমার সম্পদ। বিহ্বল না হও কর যথেষ্ট আস্বাদ। তৃতীয় সময় কর্ণ ইন্দ্রিয়ের গ্রহণ। মধুর মধুর কহেন সস্নেহ বচন ॥ সে বচনে সর্ব্বেন্দ্রিয় লোচনময়ী ভাবে। আনন্দে তৃতীয় মূর্চ্ছা হইল উপক্রমে ॥ পাদপদ্ম হস্তপদ্ম তার বক্ষঃস্থল। স্পর্শ দিয়া অনুভব করান শীতল ॥ দাস্য ভক্তের মস্তকে চরণ স্পর্শ দেন। সখা ভক্তের দুই হস্তে হস্তের স্পর্শন ॥ বাৎসল্য ভক্তের করতলে অশ্রু মার্জ্জন। মধুর ভক্তের বক্ষঃস্থলে দেন আলিঙ্গন ॥ শীতল স্পর্শে মহানন্দে চ-তুর্থ মূর্চ্ছারম্ভে। অধর সম্বন্ধি সুরস প্রকাশে পঞ্চমে ॥ মধুর ভক্তের জিহ্বেন্দ্রিয়ে করেন প্রদান। অন্য ভক্তে যথা যোগ্য সর্ব্ব ভক্তে নন ॥ পূর্ব্ব হতে নিবিড় মূর্চ্ছা জিহ্বা-ময়ী ভাবে। প্রবোধ করিতে কৃষ্ণ না পারেন তবে ॥ ষষ্ঠুম ঔদার্য্য কৃষ্ণ করেন বিস্তারিত। সৌন্দর্য্যাদি সর্ব্বে

ন্দ্রিয়ে একে কালে ব্যক্ত ॥ কৃষ্ণের ইঙ্গিতে প্রেম অতি বৃদ্ধি হয়। তার অনুরূপ তৃষ্ণা অধিক বাড়য় ॥ সেই ভক্তে স্বয়ং কৃষ্ণচন্দ্র রূপ হঞা। একে কালে আনন্দ সমুদ্র শত বাড়াইয়া ॥ তাহার লহরী শত ঘূরণী নির্ম্মাণ। আপনি সাকার মন অধিদেব হন ॥ এতাদৃশ কৃপা করি শক্তি বিস্তারয়। একে কালে সর্ব্বাস্বাদ নির্ব্বিবাদে হয় অনেকাগ্র মনে সৌন্দর্য্যাদি আস্বাদিবে। নিবিড়ত্ব নাহি হয় ইহা না কহিবে ॥ সৌন্দর্য্য সুস্বর আদি ইন্দ্রিয় সকলে শ্রবণী নয়নী ভাব হয় একে কালে ॥ নয়নে সৌন্দর্য্যা-স্বাদ কর্ণেতে সুস্বর। নাসাতে সুগন্ধ আর সুরস জিহ্বারে ॥ অঙ্গেতে শীতল শীতলাস্বাদ হয় একে কালে। অলৌ-কিক অচিন্ত্য অদ্ভুত শক্তি বলে ॥ সর্ব্বেন্দ্রিয়ে সর্ব্বস্বাদ নিবিড়ত্ব হয়। লৌকিক বুদ্ধিতে কভু অনুভব নয় ॥ অ-চিন্ত্য যে ভাব তাহা তর্কে নায়োজীবে। ইত্যাদিক শাস্ত্র বাক্য বিশ্বাস করিবে ॥ সৌন্দর্য্য সুস্বর আদির মাধুর্য্য যা-নন্ত। আস্বাদ করিতে ইচ্ছা নাহি পান অন্ত ॥ চাতকের ঠোটে সব মেঘের জল যত। ধরিতে না পারে কভু ভক্ত এই মত পরম দয়ালু কৃষ্ণ দাতা শিরোমণি। কৃপা করি ভক্তপ্রতি কহেন মধুর বাণী ॥ এতাবৎ সৌন্দর্য্য আদি কেন বা ধরিল। আমার ভক্তের যদি আস্বাদ নহিল ॥ ইহা কহি সৌন্দর্য্যাদি করাইতে আস্বাদন। সপ্তম কারণ্য ভক্তে করেন প্রদান ॥ সর্ব্ব শক্তি কদম্বের পরমাধ্যক্ষ হয়। আগমাদি শাস্ত্রেতে যে প্রসিদ্ধ আছয় ॥ বিমলোৎকর্ষিণী আদি অষ্টাদিগ্দলেতে। বর্ত্তমান হয়েন স্বরূপ শক্তি তাতে

কণিকাতে মহারাজ চক্রবর্ত্তী ন্যায়। অনুগ্রহ নাম কৃপা শক্তি স্থিতি হয়॥ কৃষ্ণের নয়নপদ্মে প্রকাশ যে হয়। সেই কৃপা শক্তি দাসাদিতে বিলাসয়॥ দাসাদিতে দাস্য সখা আদিতে সমতা। পিতা আদিতে বাৎসল্য শান্তে কারুণ্যতা॥ প্রিয়াদিতে চিত্তদ্রব হইয়া সদয়। কোথাও সে অনুকম্পা নানা মতে উদয়॥ যে কৃপা শক্তিতে সর্ব্বব্যাপি ইচ্ছা শক্তি। সাধু সকলেতে সুন্দর রূপে হন স্থিতি॥ আত্মারাম সকলেরে চমৎকার ভূমি। আরোহণ করা যেন সর্ব্ব শক্তি স্বামী॥ যে কৃপা শক্তিতে কৃষ্ণের ভক্ত বাৎসল্য গুণ। স্বরূপভূতা সত্য শৌচ আদির শাসন॥ মোহতন্দ্রাদি জীবে অষ্টাদশ দোষ হয়। কৃষ্ণের তনুতে নাহি জানিহ নিশ্চয়॥ রাম কৃষ্ণে কোন কোন দোষ স্থিতি হয়। যার অনুরোধে ভক্ত মহা গুণ কয়॥ তাঁরে সর্ব্ব সৌন্দর্য্যাদি কৃষ্ণ প্রকাশয়। আস্বাদ করিতে ভক্ত লব্ধ বল হয়॥ আস্বাদন করি করি চমৎকার সীমা আরোহন করি করি অশ্রুত মহিমা॥ ভগবানের ভক্ত বাৎসল্য যে শুনিল। সেই এই আজি আমি সাক্ষাৎ দেখিল॥ মনে মনে ইহা কহি দ্রবীভাব হয়। কৃপাময় কৃষ্ণ তবে ভক্তপ্রতি কয়॥ ওহে আমার ভক্ত বহু জনমে জনমে। আমার নিমিত্তে কত করেছ ভ্রমণে॥ দারাগার ধনাদিক সব পরিত্যাগী। মোর পরিচর্য্যা অর্থে হইলে বৈরাগী॥ শীত বাত ক্ষুধা তৃষ্ণা ব্যথা সয় যত। বহু ক্লেশ সহিয়াছ আমার নিমিত্ত॥ জনে অপমান করে তাহা না গণিলে। ভিক্ষুচর্য্য করি উদর ভরণ করিলে॥ কিছু

দিতে শক্তি নাই কেবল ঋণধারি। সার্ব্বভৌম আদি পদ তোমায় দিতে নারি॥ পারমেষ্ঠী যোগ সিদ্ধাদি তোমার যোগ্য নয়। পশুর ভোগ্য ঘাস তৃণ মনুষ্যে কেবা দেয় অজিত আমার নাম ত্রিভুবনে হয়। সংপ্রতি আমারে তুমি করিয়াছ জয়॥ তোমার সৌশীল্যলতা আমার আলম্বন। কৃষ্ণ বাক্য শুনি ভক্ত অতি স্নিগ্ধ হন॥ কৃষ্ণের সুন্দর বচন মধুর অমিলিত স্নিগ্ধবর্ণ। কর্ণের ভূষণ করিয়া তখন কৃষ্ণ আগে ভক্ত কন॥ ওহে প্রভুবর কৃপার পারাবার পরম দয়ালু তুমি। সংসার নরকে ক্লেশ কীট চক্রে সদাচর্ব্যমান আমি॥ স্ত্রী পুত্র বান্ধব বিষয়াক্ত সব তাদের অধীন হএগ। ধনের উদ্দিশে ফিরি দেশে দেশে কুসঙ্গে প্রবেশ যাএগ॥ আমারে দেখিয়া করুণা উদয় দ্রবীভূত চিত্ত হন। দয়াতে গলিত যেন নবনীত লোকাতীত ভগবান॥ গুরু রূপধারি অবিদ্যা বিদারী স্বদর্শন সুদর্শনে। ক্লেশ কীট তাতে তার দন্ত হতে রক্ষ করি এই জনে॥ আপন যুগল চরণ যুগল দাসী ইচ্ছা করি মোরে। মন্ত্র বর্ণ বিথী মোর কর্ণ বিথী প্রবেশিল বলাৎকারে॥ নিবারী আমারে করি বারে বারে নাম গুণ লীলা শ্রবণে। কীর্ত্তন স্মরণ আদি যে ভজন শুদ্ধ করি এই জনে॥ আমারে লইয়া ভক্ত সঙ্গ দিয়া নিজ সেবা আদি বুঝালে। তথাপি দুর্ম্মেধ এই সে অধম তার কিছু নাহি করিলে॥ এক দিন কভু না সেবিনু প্রভু কদর্য্য চর্য্য এজন। দণ্ড যোগ্য হয় প্রত্যুত আমায় দিলে নিজ দরশন॥ মাধুরী আপন করাইয়া পান কহিলে আমি যে ঋণী। এই যে বচনে প্রভু

র চরণে বিড়ম্বিত মাত্র জানি ।। কি বলিব পঞ্চ সপ্ত লক্ষ কোটি জন্মে। অপরাধ করিয়াছি কতেক কুকর্ম্মে ।। তাহা ক্ষমাইতে হয় খার্ষ্টের অবধি। পরার্দ্ধ হইতে অধিক আমি অপরাধি ।। শেষে অপরাধি অতি প্রবল চিরন্তনা ভুক্তভোক্তব্য কলাবর্ত্ত কহিব কত না ।। সংপ্রতি পূর্ব্ব দিব সে নীরদে নীলপদ্মে। নীলমণি সহ তুলনা করিল শ্রীঅঙ্গে ।। চন্দ্র মসাসহ শ্রীমুখের তুলনা। নব পল্লবের সহ চরণের উপমা ।। পোড়া অর্দ্ধ সর্ষে সহ সোণার পর্ব্বত। ছোলা সহ চিন্তামণি তুলনা যেমত ।। শৃগালের সহ যেমন সিংহের তুল্যতা। মশকের সহ যেন গরুড় সমতা ।। এসব তুলনা হয় বড়ই দুর্ব্বুদ্ধি। এবে সে জানিনু আমি স্পষ্ট অপরাধি ।। মোনে মানি প্রভুর এই করিলাম স্তব। পাণ্ডিত্য প্রকাশ করি অজ্ঞানত্ব সব ।। সাক্ষাৎ দেখিল এবে শ্রীমূর্ত্তি বৈভবে। ত্যজ্যমানা ধৈর্য্য রহিত বাক্য গুরু সবে সৌন্দর্য্য কণা তার উপমা দশনে। দোষ দিতে শক্তি আর নহিব কখনে ।। এইমত বহু বিধ কহিলেন ভক্ত। প্রসন্ন হইয়া তবে সর্ব্ব লোকনাথ ।। পুনরপি প্রেয়সী ভাব বিশিষ্ট ভক্তেরে। যতেক অভীষ্ট তার আছিল অন্তরে ।। সেই সব দেখাইতে ভক্তেরে লইয়া। শ্রীবৃন্দাবন দেখাইলেন কৃপাতে করিয়া ।। এই দেখ কল্পবৃক্ষ এই যোগপীঠ। শরণ করিতে সদা মনের অভীষ্ট ।। গোপী গণ মধ্যে মুখ্যা বৃষভানুসুতা। যার নাম উচ্চারণে সতত কান্দিতা ।। সখীগণ যত তার ললিতা প্রধান। এই দেখ সেবাপরা মঞ্জরীর গণ ।। প্রণাম করহ ভক্ত এ সবার চরণে।

সর্ব্বাভীষ্ট সিদ্ধি হয় ইহাদের শরণে॥ তোমরা প্রসন্ন হও ইহায় কৃপা করি। বহু দিনের ইচ্ছা আছে হবে অনুচারী॥ এই দেখ সুবলাদি সখা গণ যত। আমার পালিত দেখ কামধেনু কত॥ এই দেখ যমুনা আর এই ত পুলিন। সর্ব্ব লীলা শ্রেষ্ঠ রাসলীলা যথা হন॥ তবে গোবর্দ্ধনে লঞা যত লীলা স্থান। সব দেখাইলেন কৃপায় ভগবান॥ ভাণ্ডীরাদি বন পরে নন্দীশ্বর গিরি। অতি মনোরম যথা আপনার পুরী॥ মাতার চরণে নিয়া ভক্ত সমর্পিল। ভক্তের মস্তকে মাতা চরণ ধরিল॥ তবে পিতা ভ্রাতা বন্ধু দাস আদি যত। সব দেখাইল ভক্তে মন অভিমত॥ ক্রমোৎকর্ষে ব্রজবাসি সব দেখাইয়া। মহানন্দ তরঙ্গে সেই ভক্তে ডুবাইয়া॥ সপরিবার সহ কৃষ্ণ অন্তর্দ্ধান হৈল। আনন্দ সাগরে ভক্ত মূর্চ্ছাতে রহিল॥ কতক্ষণ পরে ভক্ত লব্ধ বোধ হয়। কৃষ্ণ দেখিবারে পুনঃ চক্ষু প্রকাশয়॥ ইতস্ততঃ দৃষ্টি করি কৃষ্ণ না দেখিল। অশ্রুজলে নিজদেহ অভিষিক্ত কৈল॥ কিবা আমি স্বপনেতে দেখিনু এসব। তাহা নহে চক্ষু আদি শয্যালস্যভাব॥ কিবা কার মায়া বুঝি দেখিলাম তবে। তাহা নহে এআনন্দ মায়া না সম্ভবে॥ কিবা চিত্তের ভ্রমময়ী বৃত্তি এই সব। তাহা নহে নয় বিক্ষেপাদির অভাব॥ কিবা মনোরথ পরিপাক বস্তুপ্রাপ্ত। তাহা নহে এ আনন্দ মনের অচিন্ত্য॥ কিবা স্ফূর্ত্তি ভগবান সাক্ষাৎ কার হন। নহে২ শরণীয়ের অতি বৈলক্ষণ॥ ইত্যাদি সংশয় করি ধুলায় ধুসর। যাহা হকু

দরশন চাহি পুনর্ব্বার ॥ এই আশা করি পুনঃ না পান দর্শন। খেদ করি ভূমে লুটি গাত্রে ব্রণ হন ॥ উঠে বসি রড়ারড়ি যেন উনমত্ত। ক্ষণে স্থির ক্ষণে মৌন নিত্য ক্রিয়ালুপ্ত ॥ ভ্রষ্টাচার ন্যায় ক্ষণে অসম্বন্ধ বচন। কতই কহিছে গৃহী গৃহস্থ যেমন ॥ ভক্তজন বন্ধু স্নেহ জিজ্ঞাসা করিল। নিজ অনুভব যত তাহারে কহিল ॥ তেঁহ কহেন শুন ওহে ভাগ্যবান। তোমার সাক্ষাৎকার হইল ভগবান ॥ তাব যুক্তি প্রশংসাতে হর্ষ হঞা কন। তবে কেন পুনঃ নাহি পাই দরশন ॥ কোন মহা অনুভাব চূড়ামণি ভাগবত। তাহার কৃপায় এই হয় পরিণত ॥ দুর্ভাগা অধমের কৃষ্ণ পরিচারণ। ঘুণাক্ষরে ন্যায় বুঝি কোন দিন হন ॥ নিষ্কেতব হয় তার ফল বুঝি এহ। কিবা ক্ষুদ্র আ-মাতে নির্হেতু অনুগ্রহ ॥ কোনবা ভাগ্যেতে নিধি স্বয়ং হস্ত প্রাপ্ত। কোনবা মহাপরাধে পুনঃ হস্তচ্যুত ॥ নিচেতন আমি ইহার নিশ্চয় কি করিব। এদুঃখে দুঃখিত আমি কোথায় বা যাব ॥ কি করিব কি উপায় কারেবা জিজ্ঞাসি। মহামূঢ় ন্যায় নিরর্থক নিজে বাসি ॥ নিশ্চরণ যেন দগ্ধ হয় দাবানলে ॥ ত্রিভুবনে অবলোকে যেন আসি গিলে ॥ অতএব লোভ হতে হয়ে নিঃসরণ। ক্ষণেক নির্জনে প্রাণ করিয়ে ধারণ ॥ নির্জ্জনে যাইয়া স্থির নহে হিয়া করেছে বাউল পারা। হে প্রভু সুন্দর মুখপদ্মবর মাধুরিক সুধা ধারা ॥ ভাবিত বাসিত বনমালা যত শ্রীবিগ্রহ পরিমল। তাহাতে সকল চল বনমাল চটুলিত অলিজাল ॥ পুনঃ একক্ষণ দেখিব চরণ এই আশা মোর মনে। স্বাদিত

মাধুরী আস্বাদন করি এই মোর নিবেদনে ॥ এই বিলাপন স্বপন লুণ্ঠন ক্ষণে মূর্চ্ছা হঞা থাকে। উন্মত্ত হইয়া ইতস্ততঃ যাঞা, প্রতি দিগে কৃষ্ণ দেখে ॥ হর্ষ আলি শুন হাসন নাচন লুণ্ঠন গায়ন কত। পুনঃ অদর্শন অনু তাপ রোদন অলৌকিক চেষ্টা যত ॥ আশংসি যাপন কৃষ্ণলীলা গুণবৃত্তি শ্রীঅঙ্গেতে। নিজ দেহ আছে কিবা গিয়াছে নাহি অনুরোধ তাতে ॥ পরেতে সময়ে দেহ ভঙ্গ হয়ে তাহা কিছু না জানিয়া। মোর প্রার্থনায় করুণা আলয় আমার প্রত্যক্ষ হঞা ॥ সাক্ষাৎ সেবায় মোরে নিযুক্ত করয়ে দেন প্রাপ্ত। এইমাত্র জানি অনুগত মানি কৃতকৃত্য হন ভক্ত ॥

আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোহথ ভজনক্রিয়া।
ততোনর্থ নিবৃত্তিঃস্যাত্ত নিষ্ঠারুচি স্ততঃ ॥
অথাশক্তি স্ততোভাব স্ততঃপ্রেমাভ্যুদঞ্চতি ইত্যর্থঃ।

সাধুনিষ্ঠ উত্তর উত্তর বস্তু বৈশিষ্ট স্নেহ মান। প্রণয় রাগানুরাগ মহাভাব হন ॥ ভক্তি কল্পলতার ঊর্দ্ধ ঊর্দ্ধ পত্র ফল। অন্যাস্বাদ সংসর্গ সহ উষ্ণ শীতল ॥ সাধক দেহেতে তাহা প্রকট না হয়। অতএব বিস্তার তাহা না কৈনু এথায় ॥ কিন্তু ইহা রুচি আসক্তি ভাব প্রেম লক্ষণ। সাক্ষাৎ অনুভাব গোচর করাইল প্রাপণ ॥ ভাগবতে আছে ইহার অনেক প্রমাণ। তাহা না দিলাম দিলে কঠিনত্ব হন ॥ অপেক্ষা করেন যদি সে সব প্রমাণ। তস্মিন স্তদালব্ধ রুচি ইথে রুচি কন ॥

গুণেষ সক্তং বন্ধায় রতং বা পুংসিমুক্তয়ে।

আসক্তির প্রমাণাদি এই শ্লোকে কয় ॥ প্রিয় শ্রবস্যঙ্গ মমাভবদ্রতি রতি নাম। প্রেমাতিভর নির্ভিন্ন পুলকাঙ্গোক্তি প্রেম ॥

তাস্বেপি বক্ত্যা বিতবেো নুপগাঢ ধ্রুবৈ।

স্তাম্বস্পৃশ স্ত্র্যাশনতৃড্ভয়শোকমোহঃ ॥

এই শ্লোকে রুচির অনুভাব উক্তি। গায়ন বিলজ্জোবিচ রেদসঙ্গ অনুভাব আসক্তি ॥

যথা ভ্রাম্যত্যয়ো ব্রহ্মন্ স্বয়মাকর্ষসন্নিধৌ।

তথা মে ভ্রাম্যতে চেতশ্চক্রপাণে র্যদৃচ্ছয়েতি ॥

এই শ্লোকে ভাবভক্তির অনুভাব কয়। এবং ব্রত শ্লোকে প্রেমের অনুভাব হয় ॥

আহূত ইব মে শীঘ্রং দর্শনং যাতিচেতসি।

এই শ্লোকে সাধকের হয় কৃষ্ণ স্ফূর্ত্তি। পশ্যন্তি মেরুচিরাণ্যম্বসন্ত শ্লোকে। সাক্ষাৎ দর্শন ইথে ভাগবতে লিখে ॥

তৈর্দর্শনীয়াবয়বৈরুদার বিলাসহাসেক্ষিত বাম-

এই শ্লোকে লব্ধ দর্শনের স্বভাব কই। বাস যথা পরিহৃতং মদিরামদান্ধ। এই শ্লোকে হয় প্রেমের চেষ্টার নির্ব্বন্ধ ॥ ইত্যাদি প্রমাণ অনুসন্ধান করিবে। অনেক প্রমাণাদি পুরাণে মিলিবে ॥ অহঙ্কারের দুই বৃত্তি অহংঅমমতা তার জ্ঞানে লয় হএয়া হয়েন মোক্ষতা ॥ এদুই দেহগেহাদি বিষয়ে বদ্ধ হন। আমি প্রভুর জন আমার সেব্য ভগবান। সপরিকর রূপ গুণ মাধুরী মহোদধি। পার্ষদ রূপ বিগ্র-

হাদি বিষয়ত্বে প্রেমা সিদ্ধি॥ সেই প্রেম পুরুষার্থ চূড়ামণি হন। সর্ব্ব শাস্ত্রে পুরাণেতে পুনঃ পুনঃ কন॥ অহং তামায় ব্যবহারে গাঢ় বৃত্তি॥ হইলে তাহার হয় সংসার বন্ধ প্রাপ্তি॥ আমি বৈষ্ণব আমার সেব্য প্রভু ভগবান। মহন্তের কৃপায় যদি শ্রদ্ধা কণিকা হন॥ তার বৃত্তি পরমার্থে গন্ধে ভক্তি অধিকার। সাধু সঙ্গে পরমার্থে গন্ধ গাঢ় তার॥ তার পর অনিষ্ঠিতা ভজন ক্রিয়ায়। পরমার্থে একদেশ ব্যাপিবৃত্তি হয়॥ ব্যবহারে অহং তামমতা পূর্ণা গণি। নিষ্ঠা হইলে পরমার্থে বহু দেশ ব্যাপিনী॥ ব্যবহারেতে অহংতা মমতা প্রায়িকী। রুচি উদয়ে পরমার্থে আত্যন্তিকী বৃত্তি॥ ব্যাবহারে আভাসময়ী বাধি তান বৃত্তি। প্রেমোদয়ে পরমার্থে পরমাত্যন্তিকী॥ অহংতা মমতা ব্যবহারে নাহি রহে। ভাগবতে সাধকের এই ক্রম কহে॥ ভজন ক্রিয়াতে ভগবানের ধ্যান হয়। বার্ত্তান্তর গন্ধি তাতে ক্ষণিক মাত্র রয়॥ নিষ্ঠাতে কৃষ্ণ ধ্যান বার্ত্তান্তরাভাস হন। রুচি বার্ত্তান্তর রহিত বহুকাল ধ্যান॥ আসক্তিতে কৃষ্ণ ধ্যান অতি সান্দ্রবৃত্তি। ভাবে ধ্যান মাত্রে হয় ভগবান স্ফূর্ত্তি॥ প্রেমে স্ফূর্ত্তি বৈলক্ষণ্য শ্রীকৃষ্ণ দর্শন। সাধকের এই ক্রম পুরাণেতে কন॥ মাধুর্য্য সমুদ্রের রস গৌর উদ্ধারিল। মাধুর্য্য কাদম্বিনী তাতে জগৎ সুখী কৈল। মাধুর্য্য-কাদম্বিনী গ্রন্থে জগৎ কৈল ধন্য। চক্রবর্ত্তি মুখে বক্তা আপনি শ্রীকৃষ্ণ চৈতন্য॥ কেহ কহেন চক্রবর্ত্তি রূপে অবতার। কঠিন যে তত্ত্ব শরল করিতে প্রচার॥ ওহে গুণনিধি শ্রীবিশ্বনাথ

চক্রবর্ত্তি। কি জানিব তোমা গুণ মুই মূঢ়মতি॥ তোমার গ্রন্থ ভাষা করিল প্রচারে। অশুদ্ধ অযথার্থ যা ক্ষমিবা আমারে॥ ওহে সাধুগণ মোর এই নিবেদন। অশুদ্ধ থাকে তাহা করিবে শোধন॥ শ্রীগুরুচরণপদ্ম মনে ধরি আশ। মাধুর্য্যকাদম্বিনী অষ্টমামৃত ভাষা কহে কৃষ্ণদাস॥

ইতি মাধুর্য্যকাদম্বিন্যাং পূর্ণমনোরথনামাষ্টমামৃত বৃষ্টিঃ।

রাগবর্ত্ম চন্দ্রিকা।

জয় গৌর নিত্যানন্দ অদ্বৈতচন্দ্র। গদাধর শ্রীবাসাদি গৌরভক্ত বৃন্দ ॥ শ্রীরূপ বাক্য সুধাস্বাদি চকোর গণে নমঃ। যাঁহাদের কৃপায় দেখি রাগপথ ক্রম ॥ শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তি রসামৃতের বিন্দু কৈল। তাতে রাগানুগা ভক্তি সংক্ষেপে কহিল ॥ সেই রাগানুগা ভক্তি বিস্তার কারণ। রাগবর্ত্ম চন্দ্রিকা গ্রন্থ করিলেন পুনঃ ॥ তাহার কৃপাতে সেই গ্রন্থ ভাষা করি। রাগানুগা ভক্তিপথ কহিযে বিস্তারি ॥ মনুষ্য দেহ ধরি যদি হরি নাহি ভজে। স্বধর্ম্ম করি যাও রৌরবেতে মজে ॥ ইত্যাদিক শাস্ত্র বাক্য অনেক আছয়। হরি না ভজিলে লোক অধঃপাত হয় ॥ এই সব বাক্য বলে ভজনে প্রবৃত্তি। যেই জনে হয় তারে কহি বৈধিভক্তি ॥ শ্রীকৃষ্ণের রূপ মাধুর্য্যভাবাদি শ্রবণে। যার লোভ হয় আমি পাইব কেমনে ॥ শ্রীকৃষ্ণ মাধুর্য্য লোভে ভজনে প্রবৃত্তি। শাস্ত্রযুক্তি প্রেক্ষা নারে রাগানুগা ভক্তি ॥ শ্রীরূপ গোস্বামি লোভের লক্ষণ করিল। তাহাতেই লোভ তত্ত্ব সকলে জানিল ॥ তত্তদ্ভাবাদি মাধুর্য্য শ্রুতেধীর্যদপেক্ষতে।

নাত্র শাস্ত্রং ন যুক্তিঞ্চ তৎ লোভোৎপত্তিলক্ষণং।

অস্যার্থঃ।

ব্রজলীলা পরিকরস্থ ভাব মাধুর্য্য শুনে। কেমনে পা-ইব এই লোভ জন্মে মনে॥ লোভ উৎপত্ত কালে শাস্ত্র যুক্তি প্রেক্ষা না হয়। অপেক্ষা হইলে সেই লোভ সিদ্ধ নয়॥ শাস্ত্র দেখি কোন জন লোভ নাহি করে। লোভ হইলে আপনাকে অযোগ্য না বিচারে॥ লোভনীয় বস্তু দেখি অথবা শ্রবণে। আপনেই লোভ আসি জন্মে তার মনে॥ কৃষ্ণ কৃপা ভক্ত কৃপা ভাগ্য নাহি হয়। আপনেই লোভ তার মনেতে জন্মায়॥ ভক্তের কৃপা সেই হয় দুই মত। পূর্ব্ব জন্মে পায় কেহ এই জন্মে প্রাপ্ত॥ লোভ হ-ইয়া গুরুচরণ আশ্রয় যে করে। নিশ্চয় জানিহ পূর্ব্ব জন্মে কৃপা তারে॥ গুরুচরণ আশ্রয় করিয়া লোভ হয়। এই জন্মে কৃপা তারে জানিহ নিশ্চয়॥ কৃষ্ণ আর ভক্তের করুণায় লোভ হয়। পুষ্টিতা হইলে তারে রাগানুগা কয়॥ লোভ হইলে সেই বস্তু পাপ্তির উপায়। শাস্ত্র যুক্তির অপেক্ষা অবশ্য করয়॥ শাস্ত্র বিধি আর শাস্ত্র সম্মত যুক্তি। এই দুই মতে সেই বস্তু হয় প্রাপ্তি॥ দুগ্ধ ভোজনে কার লোভ জন্মে মনে। সেই জন জিজ্ঞাসা করয় কোন জনে॥ সেই কহে গুরু কেন দেহ ঘাস জল। দোহন প্রকারাদি শিখহ সকল॥ তাহার উপদেশ বাক্য অপেক্ষা না করিলে। আপনার বুদ্ধে তার দুগ্ধ নাহি মিলে॥ কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণে অগ্নির উৎপত্তি। দোহনাদি প্রকারেতে দুগ্ধ হয় প্রাপ্তি॥ কূপাদি খননে হয় ধনের উৎপন্ন॥ যোগ সাধন করিলে পরমাত্মা প্রাপ্তি

হয়। মায়াগুণ বিচারিলে নশ্বর জানয়॥ এইমত শাস্ত্র যুক্তি মত আচরিবে। লোভনীয় বস্তু তার অবশ্য মিলিবে॥ সেই লোভ গুরুপদ আশ্রয় অবধি। অভীষ্ট বস্তু প্রাপ্তি সময় হয় ব্যাপ্তি॥ সাধন করিলে ক্রমে চিত্ত শুদ্ধি হন। সেই কথা আপনে কহেন ভগবান॥ আমার লীলা কথা শ্রবণ কীর্ত্তনে। যেমন যেমন চিত্ত হয়ত মার্জ্জনে॥ তেমনি তেমনি সূক্ষ্ম বস্তু দেখিবারে পায়। অঞ্জন সংযোগে যেন চক্ষু প্রকাশয়॥ ভক্তি সাধন করিলে প্রতি দিনে দিনে। অধিক অধিক চিত্ত হয়ত মার্জ্জনে॥ তাদৃশ লোভ ভক্তের উদয় হইলে। শাস্ত্র দৃষ্টে তদ্ভাব প্রাপ্তি উপায় মিলিলে॥ আচার্য্য চৈত্তব পুনঃ উদ্ধব কহেন। চৈত্ত রূপ গুরু কৃষ্ণ আপনে হয়েন॥ আচার্য্য রূপ গুরু কিম্বা সাধুর কৃপায়। ভক্তি মার্জ্জন চিত্তবৃত্তে আপনে স্ফুরয়॥ ক্রমেতে চিত্তের হয় উল্লাস অতিশয়। কামার্থি জনের যেমন কামের উপায়॥ শাস্ত্র শ্রীমৎ ভাগবত সর্ব্ব বেদ সার। আগম পুরাণাদি যত আছে আর॥ ভক্তি রসামৃত আদি ভাগবত প্রতিপন্ন। তাতে এই তিন শ্লোক ভক্তির সাধন॥

যথা।

কৃষ্ণং স্মরন্ জনঞ্চাস্য প্রেষ্ঠং নিজ সমীহিতং।
তত্তৎ কথারতশ্চাসৌ কুর্য্যাদ্বাসং ব্রজে সদা॥
সেবা সাধকরূপেণ সিদ্ধরূপেণ চাত্র হি।
তদ্ভাব লিপ্সুনা কার্য্য ব্রজলোকানুসারতঃ॥
শ্রবণোৎকীর্ত্তনাদীনি বৈধিভক্ত্যাদি তানি তু।
জান্যঙ্গানি চ তান্যত্র বিজ্ঞেজানি মণীষিভিঃ॥

অস্যার্থ।

এই তিন শ্লোকের অর্থ কামানুগা পক্ষে। ব্যাখ্যান করিব আমি করিয়া সংক্ষেপে॥ কৃষ্ণ আর কৃষ্ণপ্রিয়াজনের শরণ। রাগানুগার হয় এই শ্রেষ্ঠ সাধন॥ নিজ ভাবো চিত লীলা বিলাসনাগর। নব কৈশোর নটবর বৃন্দাবনেশ্বর॥ শ্রীরাধিকা ললিতাদি যত সখীগণ। শ্রীরূপমঞ্জরী আদি কৃষ্ণের প্রিয়জন॥ সাধকে অতি প্রিয় সেব্যবস্তু হন। অনুগত হঞা সদা করিবে সেবন॥ ব্রজে বাস অসমর্থে মনেতে করিবে। সিদ্ধি দেহে অনুগত সেবাদি চিন্তিবে॥ সাধক শরীর এই অবস্থিত দেহ। সিদ্ধ শরীর মনের চিন্তিত হন যেঁহ॥ রাধা কৃষ্ণ সেবা সাক্ষাৎ সেই দেহে হন। অনুগত রূপে সদা করিবে চিন্তন॥ শ্রীরূপ গোস্বামি আদি সাধক রূপে ব্রজ জন। সিদ্ধি রূপে শ্রীরূপ মঞ্জরী আদি হন॥ এরূপ আচরি প্রাপ্ত হইল বহু জন। চন্দ্রকান্তি দণ্ডকারণ্যবাসি মুনি গণ॥ শ্রুতি গণ এই মত সাধন করিয়া। ব্রজ অনুসারি ভক্তি প্রাপ্ত হন যাঞা॥ শরণ ব্রজে বাস তৎ তৎ কথা রত। সাধক সিদ্ধ রূপে সেবা দুই শ্লোকে ব্যক্ত॥ শ্রবণ কীর্ত্তন আদি ভক্তির অঙ্গ যত। গুরু পদাশ্রয় আদি আক্ষেপ হয় প্রাপ্ত॥ তাহা বিনা ব্রজ অনুগত সিদ্ধ নয়। বিচার করিয়া সবে বুঝহ হৃদয়॥ স্বীয় ভাব সমুচিত অঙ্গ আচরিবে। বিরুদ্ধ যে অঙ্গ তাহা কভু না করিবে॥ অর্চ্চন ভক্তির অঙ্গ অহংগ্রহ উপাসন। ন্যাসমুদ্রা দ্বারকা ধ্যান রুক্মিণ্যাদি পূজন॥ আগম শাস্ত্র বিধি হইলেও কার্য্য নয়। ব্রজ উপাসকের এই বিরুদ্ধ অঙ্গ হয়॥

পূজার অঙ্গহীন হইলে দোষ না হইবে। জানাস্থায় শ্লোক তাহা বিচারি জানিবে॥ অঙ্গ হীনে দোষ নহে কহেন ভগবান। অঙ্গহীনে দোষ হয় জানিহ কারণ॥

শ্রুতিস্মৃতিপুরাণাদি পঞ্চরাত্রি বিধিং বিনা।
ঐকান্তিকি হরের্ভক্তিরুৎপাতায়ৈব কল্পতে॥

এই বাক্য বলে যদি ত্যাগ না করিবে। দ্বারকাতে মহিষীর গণপ্রাপ্ত হবে॥ রমণ ইচ্ছা করি কেবল বিধি মার্গে সেবে। দ্বারকাতে মহিষীর গণ প্রাপ্ত হবে॥ কেবল বিধি মার্গ সেবি দ্বারকাপ্রাপ্ত হন। রাগ মিশ্রা বৈধিতে মথুরায় যান॥ মথুরায় কুব্জার গণে হয যুদ্ধ। একথা কহিলে এক দোষ হয় ব্যক্ত॥ কেবল বৈধিভক্তি হতে মিশ্রার কনিষ্ঠ। এই কথা কহিতে কভু নহে ইষ্ট॥ রামা নিরুদ্ধ প্রদ্যুম্ন রুক্মিণী সহিতে। মথুরায় আছেন দেখে গোপাল আপনিতে॥ অতএব মিশ্রাতে রুক্মিণী পরিজন। মথুরাতে প্রাপ্ত হন না জানে সর্ব্বজন॥ রাধা কৃষ্ণ উপাসনা যেজন করিবে। কুব্জা বা রুক্মিণীর গণে সেই প্রাপ্ত হবে॥ লোভে প্রবর্ত্ত হঞা বিধিমার্গ সেবন। রাগমার্গ ভক্তি জান তার নাম হন॥ বিধি প্রবর্ত্ত হঞা বিধি মার্গ সেবন। বিধিমার্গ ভক্তি জান তার নাম কথন॥ শাস্ত্র বিধি বিনা ভজন যেজন করিবে। শ্রুতি স্মৃতি বাক্যে তার উৎপাত পড়িবে॥ শ্রীগুরুচরণপদ্ম মনে করি আশ। রাগবর্ত্ম চন্দ্রিকা ভাষা কহে কৃষ্ণদাস॥

ইতি প্রথম খণ্ড সমাপ্তঃ।

রাগানুগা ভক্তিমার্গে সাধন অঙ্গ যত। অন্য সাধনাঙ্গ যত কোন কোন মত॥ কীদৃশ কি স্বরূপ কি তার কর্ত্তব্য। ইহা বিচারিব আর কিবা অকর্ত্তব্য॥ চতুঃষষ্টি প্রকার সেই ভক্তিঅঙ্গ হয়। তার মধ্যে কোন কোন অঙ্গ স্বাভীষ্ট ভাবময়॥ কোন কোন অঙ্গ স্বাভীষ্ট ভাব সম্বন্ধি। স্বাভীষ্ট ভাব অনুকূল আর ভাব বিরুধি॥ কোন কোন অঙ্গ স্বাভীষ্ট ভাবের বিরুদ্ধ। বিভাগ করিয়া কহি এই পঞ্চ বিধ॥ পুনঃ সেই চৌষট্টি অঙ্গ পঞ্চ বিধি কয়। কোন কোন অঙ্গ সাধ্য সাধন রূপ হয়॥ কোন কোন অঙ্গ প্রেমের প্রতি উপদান। আর কোন কোন অঙ্গ নিমিত্ত কারণ॥ প্রেমের প্রতি উপকার কোন অঙ্গ হয়। কোন কোন অঙ্গ প্রেমের অপকার কয়॥ আর কোন কোন অঙ্গ তটস্থ করিয়ে। এই পঞ্চ বিধ কহি বিভাগ করিয়ে॥ দাস্য সখ্য আদি অঙ্গ স্বাভীষ্ট ভাবময়। সাধ্য সাধন রূপা জানিহ নিশ্চয়॥ গুরু পদাশ্রয় মন্ত্র জপ ধ্যান আদি। প্রেমের উপদান আর ভাব সম্বন্ধি॥ শ্রীরাধিকাদি এই মন্ত্র সদাই জপন। অষ্টাদশ অক্ষর মন্ত্র সর্ব্ব শ্রেষ্ঠ হন॥ এই মন্ত্রে করে সদা কৃষ্ণ আকর্ষণ। অতএব প্রেমের প্রতি উপদান কারণ॥ স্বীয় ভাব উচিত নাম রূপ লীলাদি শরণ। কীর্ত্তন শ্রবণ আদি প্রেমের উপদান॥ প্রেমের সম্বন্ধি আর নিত্যকৃত্য হন। গায়ন বিলজ্জ বিচরেৎ ইত্যাদি প্রমাণ॥ যদ্যপি রাগানুপথে শরণ প্রধান। তথাপি কীর্ত্তনাধীন হয়েন শরণ॥ এই যুগে অধিকারী হয়েন কীর্ত্তন। সর্ব্ব ভক্তিমার্গে সর্ব্ব শাস্ত্রেতে প্রধান॥ তপ করি শ্রুতি গণ প্রেমে পূর্ণ হঞা॥

কৃষ্ণ প্রাপ্তি হন ব্রজে গোপীদেহ পাঞা ।। কলিযুগে অন্য তপ নিন্দিত যে হন। কৃষ্ণার্থে যেই ব্রত তারে তপ কন ।। মৎ প্রাপ্ত্যর্থ যদ্ব্রত তপ তার নাম। আমার ভক্তের মাত্র কহেন ভগবান ।। একাদশী অষ্টম্যাদি তপ রূপ হন। ভাব সম্বন্ধি আর নিমিত্ত কারণ ।। শরণাদি করিবে না তাতে উপদান হন। নিত্যকৃত্য অকরণে দোষাদি শ্রবণ ।। মাতৃহত্যা পিতৃহত্যা গুরুহত্যা যত। একাদশী না করিলে সেই পাপ প্রাপ্ত ।। ব্রহ্মহত্যা সুরাপান গুরুপত্নী হরে। এ সকলের নিষ্কৃতি আছয় শাস্ত্রান্তরে ।। একাদশীতে অন্নভোজীর নিষ্কৃতি না হয়। পুনঃ পুনঃ এই কথা সর্ব্ব শাস্ত্রে কয় ।। পরম আপদে কিবা হর্ষ প্রাপ্তি হয়। একাদশী না ছাড়িলে তারে বৈষ্ণব কয় ।। বিষ্ণুতে সকল অর্পণ বৈষ্ণব তাকে কন। একাদশীতে ভুঞ্জিলে বৈষ্ণব না হন ।। যদি বল বৈষ্ণবেতে মহাপ্রসাদ খাবে। একাদশী দিনে তাহা নিষেধ জানিবে ।। কার্ত্তিকী ব্রত তপ অংশে নিমিত্ত কারণ শ্রবণ কীর্ত্তনাদি অংশে হন উপদান ।। শ্রীরূপ গোস্বামি শাস্ত্রে পুনঃ পুনঃ কন। কার্ত্তিকী দেবী ভুর্য্য দেবী শ্রীরাধিকা হন ।। কার্ত্তিকী ব্রত করিলে রাধিকার চরণ প্রাপ্ত। অতএব আবশ্যক হন কার্ত্তিকী ব্রত ।। শ্রীমৎ ভাগবত শ্রবণ নিত্যকৃত্য হয়। ইহার প্রমাণ সর্ব্ব শাস্ত্রেতে আছয় ।। নির্মাল্য ধারণ আর তুলসী সেবন। পরিচর্য্যা প্রমাণাদি অনুকূল হন ।। গো অশ্বত্থ ধাত্রী আদি ব্রাহ্মণ সম্মান ভাবের অবিরুদ্ধ আর উপকার হন ।। বৈষ্ণব সেবাতে

উক্ত সর্ব্ব লক্ষণ কয়। অনন্য বৈষ্ণব সেবা সর্ব্বাভীষ্ট হয়॥ কৃষ্ণ হতে যেমন কৃষ্ণের পোষক দ্রব্যেতে। শ্রীযশোদা মাতার হন অধিক যত্ন তাতে॥ ক্ষুধা নাই ভাঙ্গে কৃষ্ণ আছেন স্তনপানে। তাঁরে রাখি মাতা যান দুগ্ধ উত্তারণে॥ তেমতি শ্রবণ কীর্ত্তনাদি অঙ্গ হতে। অধিক যত্ন করিবেন সাধুসঙ্গাদিতে॥ অহং গ্রহ বাসনা ন্যাস মুদ্রা দ্বারকার ধ্যান স্বাভীষ্ট ভাব বিরুদ্ধ আর অপকার হন॥ পুরাণান্তর কথা শ্রবণ তটস্থ কহয়। ক্বচিৎ কোন ভক্তের তাতে উপদানাদি হয়॥ কুর্ম্বিতর্ক হয় সেই ভক্তের হৃদয়। তটস্থ উপাদানাদির নিশ্চয় না হয়॥ স্নেহাদি ছয় ভাব যেমন বিলাস শব্দে কন। বিভাবাদি শব্দ যেমন সুখ বোধ হন। উপাদানাদি শব্দ জানিবে তেমন। অতএব মোরে ক্ষমা কর সাধুগণ॥ শ্রীগুরুচরণপদ্ম মনে করি আশ। রাগবর্ত্মের দ্বিতীয় প্রকাশ কহেন কৃষ্ণদাস॥ ২॥

কৃষ্ণকান্তাগণ হন ত্রিবিধ প্রকার। লক্ষ্মী গণ মহিষীগণ গোপীগণ আর॥ তার মধ্যে সর্ব্ব শ্রেষ্ঠ হন গোপীগণ। সৌন্দর্য্য মাধুর্য্য আদি অসংখ্য গুণগান॥ যাদের গুণ গণি কৃষ্ণ না পায়েন পার। তাদের গুণ গণিবেক জীব কোন ছার॥ সর্ব্বেন্দ্রিয় কৃষ্ণের আকর্ষে যাদের গুণে। দিবা নিশি বেহার করেন বৃন্দাবনে॥ হানি গ্লানি নাহি জানেন গৃহকৃত্য ব্যাপার। লোকভয় রাজভয় যমভয় আর॥ ক্ষুধা তৃষ্ণা রোগাদির ভয় নাহি জানে। কেবল বেহার মাত্র করেন গোপী সনে॥ গোপী প্রেমে মুগ্ধ হঞা বিহরে নিরন্তর। অন্যক্ষেত্রে অবধান নাহিক তাঁহার॥

তবে নানা দিগে অনন্ত রাগানুগা ভক্ত। পরিচর্য্যা করে তাহা কে করে স্বীকৃত॥ বিজ্ঞপ্তি স্তব পাঠাদি কে করে শ্রবণ। যদি কহ অংশের দ্বারে করেন গ্রহণ॥ তবে তাদের সমাধি আদি সম্যগ্ দুঃখ হয়। তাদৃশ রাগানুগা ভক্তের কি হবে উপায়॥ উদ্ধবের বাক্যে এই কথার সমাধান। জরাসন্ধ বধ মন্ত্রে কৃষ্ণের প্রতি কন॥ জরাসন্ধ বধে রাজসূয়েতে গমন। আমারে জিজ্ঞাসা প্রভু মন্ত্রণা কারণ॥ অখণ্ড পরিপূর্ণ সদা জ্ঞানশক্তি যুক্ত। এমন হঞা জিজ্ঞাস যেন মুগ্ধ জনের মত॥ মুগ্ধ সর্ব্বজ্ঞ এক কালে ব্যাপি রয়। ইহাতেই আমার অত্যন্ত মোহ হয়॥ মুগ্ধের ন্যায় হন কৃষ্ণ মুগ্ধ কভু নয়। উদ্ধব মোহের ন্যায় মোহ নাহি হন॥ একথায় পুরাণ বাক্য অসঙ্গতি হবে। কর্ম্মাণ্যানীহস্য ভব ভবস্য বাক্য কেমনে রাখিবে॥ অত এব কৃষ্ণ মুগ্ধ উদ্ধব মোহ হয়। মুগ্ধ সর্ব্বজ্ঞ ব্যাপি এক কালে রয়॥ মুগ্ধ সর্ব্বজ্ঞ কৃষ্ণের দ্বারকা লীলায়। বৃন্দাবন লীলায় তৈছে মুগ্ধ সর্ব্বজ্ঞ হয়॥ গোপী গণের প্রেম মুগ্ধ সদা ব্রজে হন। অন্য ভক্তের পরিচর্য্যাদি করেন গ্রহণ॥ অচিন্ত্য শক্তি কৃষ্ণের অচিন্ত্য প্রভাব। বুদ্ধি মনের গোচর নাই হয় এই সব॥ মুগ্ধ সর্ব্বজ্ঞ কৃষ্ণের সর্ব্ব স্থানে হন। পুরাণাদিতে আছে আর লীলা শুক কন॥ সর্ব্বজ্ঞতা শক্তি কৃষ্ণের ঐশ্বর্য্য হন। মাধুর্য্য লীলা নাম তারণাদি কন॥ ঐশ্বর্য্য রহিত কেবল নরলীলায় মুগ্ধ হন। তাহাকে মাধুর্য্য কহেন স্থূল বুদ্ধি জন॥ তবে সামান্য নর বালক মাধুর্য্য হন। অতএব মাধুর্য্যের আমি কহি যে লক্ষণ॥ ঐ-

শ্বর্য্য প্রকাশ কিবা অপ্রকাশ হন। নর লীলা স্থির থাকে মাধুর্য্য নাম কন ॥ স্তনপানে পুতনার প্রাণের হরণ। দশ দিনের বালক কৃষ্ণ নরলীলা হন ॥ মহা কঠোর শকট ভঞ্জনে কমল চরণ। তিন মাসের বালক কৃষ্ণ উত্তান শয়ন ॥ মহা দীর্ঘরজ্জুতে কৃষ্ণ বন্ধনা হইলা। মায়ের ভয়ে কম্প হঞা কান্দিতে লাগিলা ॥ ব্রহ্ম বলদেব মোহে সর্ব্ব জবৎ সচারণ। ঐশ্বর্য্য প্রকাশ কৃষ্ণের এই স্থানে হন ॥ দধি ননী চুরি গোপ শ্রীদাম্পট্য দিতে। ঐশ্বর্য্যের প্রকাশ নাই এসব লীলাতে ॥ ঐশ্বর্য্য বিনা কেবল মুগ্ধ মাধুর্য্য প্রাকৃত বালকে তবে মাধুর্য্য প্রাশর্য্য ॥ নর লীলার অন পেক্ষ ঐশ্বর্য্য আবিষ্কার। কৃষ্ণের ঐশ্বর্য্য লীলা নাম হয় তার ॥ জন্ম কালে কৃষ্ণ হন দৈবকীর ক্রোড় গত। চতুর্ভুজ শঙ্খচক্র গদাপদ্ম যুক্ত ॥ কহিলেন এই রূপ দিলাম দরশন। কংসের ভয় তোমার না হবে কখন ॥ সহসা চতুর্ভুজ রূপ ব্রহ্মারে দেখা দিলা। অর্জ্জুনের নিকট কৃষ্ণ বিশ্বরূপ হৈলা ॥ এইসব স্থানে কৃষ্ণের ঐশ্বর্য্য লীলা হন। ভক্ত নিষ্ঠা ঐশ্বর্য্যের শুনহ লক্ষণ ॥ ঈশ্বর জ্ঞান হইলে কৃষ্ণে হৃৎকম্প হয়। নিজ ভাবের শৈথিল্য ঐশ্বর্য্য ভক্ত কয় ॥ ঈশ্বর জ্ঞানে বসুদেব করেন উত্তর। পুত্র নহতো মারা তুই পরম ঈশ্বর ॥ ঈশ্বর জ্ঞানে কৃষ্ণকে অর্জ্জুন স্তব করে। সখা মানি যে কহিনু ক্ষমা কর মোরে ॥ এ সকল কৃষ্ণের ঐশ্বর্য্য ভক্ত হন। মাধুর্য্য ভক্তের এবে শুনহ লক্ষণ ॥ ঈশ্বর জ্ঞানে হৃৎকম্পের গন্ধ নাই হয়। স্বীয় ভাব অতি গাঢ় মাধুর্য্য ভক্ত কয় ॥ ব্রহ্মা ইন্দ্র নারদাদি ব্র-

জেতে আসিয়া। স্তব গানে পুজে কৃষ্ণে উপহার দিয়া ॥ তাহা দেখি সুবলাদির সখ্যতা বাড়িল। তাহা শুনি গোপী গণের ভাব গাঢ় হৈল ॥ ব্রজরাজের বাক্যে বাৎসল্য বাড়ে যশোদার। ধন্যোবাহং যস্য মম পুত্র পরমেশ্বর ॥ সামান্য বালক যদি পৃথীশ্বর হয়। তার মায়ের বাৎসল্য যেমন অধিক বাড়য় ॥ সখাগণ প্রেয়সীগণের ভাব গাঢ় হয়। এই সব কৃষ্ণের মাধুর্য্য ভক্ত কহয় ॥ সংযোগে ঈশ্বর জ্ঞান সম্যগ না স্ফুরয়। শীতল চন্দ্রাতপ তুল্য সংযোগ কহয় ॥ বিরহে ঐশ্বর্য্য জ্ঞান সম্যক্ দীপ্তি হয়। উষ্ণ সূর্য্যাতপ তুল্য বিরহ ভাষয় ॥ হৃৎকম্প সম্ভ্রমাদি তাতে নাহি হয়। যদি হয় তবে তারে ঐশ্বর্য্য ভক্ত কয় ॥ কৃষ্ণ মথুরা গেলে গোপী উদ্ধবের সাক্ষাতে। ঈশ্বর জ্ঞান হঞা কৃষ্ণে লাগিল ভৎসিতে ॥ পবে এই কৃষ্ণ হইল রাম অবতার। ব্যাধের ন্যায় হঞা কৈল বালিকে সংহার ॥ তাহাতে ব্যাধের ধর্ম্ম হইল রহিত। বানর নাহি মারে ব্যাধ মাস অবিক্রীত ॥ কাম অভিলাষী হঞা সূর্পণখা আইল। স্ত্রীর বশ হঞা তার নাক কাণ কাটিল ॥ তার পূর্ব্বে বামন রূপে ব্রাহ্মণ হইল। বলির সর্ব্বস্ব নিয়া তাহাকে বান্ধিল ॥ এবে আমা সব বধি মথুরায় গেল। মথুরা নাগরী পাঞা আনন্দে রহিল ॥ সখ্যতা না হয় কভু কালার সঙ্গেতে। কিন্তু তার কথা আমরা না পারি ছাড়িতে ॥ গোবর্দ্ধন ধারণের পূর্ব্বে ব্রজবাসী যত। কৃষ্ণকে ঈশ্বর জ্ঞান কভু না হইত ॥ গোবর্দ্ধন ধারণ বরুণলোক গমনের পর। ব্রজবাসী সবে জানেন শ্রীকৃষ্ণ ঈশ্বর ॥ বরু-

গের বাক্যে আর উদ্ধব বচনে। সাক্ষাৎ ঈশ্বর কৃষ্ণ ব্রজ-রাজের জ্ঞানে॥ তোমরা আমার পুত্র নহ বসুদেব কন। ব্রজরাজের মনে এমন না হয় কখন॥ সম্ভ্রমাদি ভাবের শৈথিল্য নাই হন। শুদ্ধ মাধুর্য্য পূর্ণ ব্রজবাসির জ্ঞান। দ্বারকাতে ঐশ্বর্য্য জ্ঞান মিশ্র মাধুর্য্য হন। ঐশ্বর্য্য মাধুর্য্যের এই কহিল বিবরণ॥ শ্রীগুরুচরণপদ্ম মনে করি আশ। রাগবর্ত্ম তৃতীয় প্রকাশ কহে কৃষ্ণদাস॥

ইতি তৃতীয় প্রকাশঃ।

দ্বারকাতে কৃষ্ণ যেমন বসুদেবের নন্দন। নরলীলা করিয়াও ঈশ্বর অভিমান॥ ব্রজভূমে কৃষ্ণ যেমন নন্দের নন্দন। আপনারে ঈশ্বর জ্ঞান হন কি না হন॥ যদি বল আপনাকে ঈশ্বর বলি জানে। মায়ের ভয়ে ক্রন্দনাদি হইবে কেমনে॥ যদি কহ ক্রন্দন নহে অনুকরণ মাত্র। মূর্খ জনে কহে পণ্ডিত সম্মত॥ এ কথার সমাধান কুন্তীর বচনে। মোহ হঞা শ্রীকৃষ্ণকে কহেন আপনে॥ ননী চুরি হেতু তোমায় যশোদা বান্ধিল। অশ্রু ধৌত অঞ্জন তোমার সম্ভ্রম চক্ষু হইল॥ মুখ নম্র করি ভয় ভাবনায় স্থিত। সেই সব ভাবে আমি হইনু মোহিত॥ যার নামে ভয় আদি সবে ভয় পায়। সে তুমি ক্রন্দন কর তোমার কারে ভয়॥ মোহের ন্যায় হন কুন্তী মোহ কভু নন। এই কথা কহিতে অযোগ্য জাতি হন॥ ভয় ভয় পায় ইতে ঐশ্বর্য্য জ্ঞান হয়। ভয় ভাবনা স্থিত কৃষ্ণ কুন্তীর অভি-প্রায়॥ যদি কহ কৃষ্ণ করেন বালক অনুকরণ। তাহা

হইলে কুন্তীদেবীর মোহ নাই হন ॥ যদি কৃষ্ণ আপনাকে ঈশ্বর নাহি জানে। তবে নিত্য জ্ঞানানন্দ আর কোন জনে এই কথার সিদ্ধান্ত শুন দিয়া মন। দৃষ্টান্ত দিয়া কহি যাতে বুঝে সর্ব্বজন॥ মায়ার বৃত্তি অবিদ্যা জীবে দুঃখ দিতে। জ্ঞান আবরিয়া ফেলেন সংসার বন্ধেতে॥ শ্রীনন্দ মহারাজাদি কৃষ্ণের পরিবার। চিদানন্দ নিত্যসিদ্ধা সব মায়া পার॥ মহা মধুর কৃষ্ণ লীলা সুখ দিবার তরে। চিচ্ছক্তির বৃত্তি যোগ মায়া নাম ধরে॥ শ্রীনন্দাদি সবার জ্ঞান আবরণ করি। সুখের সমুদ্র মাঝে ফেলান সবারি আনন্দ রূপ কৃষ্ণ তাকে আনন্দ অতিশয়। দিবার তরে চিচ্ছক্তির বৃত্তি প্রেম হয়॥ জ্ঞানময় কৃষ্ণ তার জ্ঞান আব রিয়া। মহাসুখ অনুভব করায়েন যাঞা॥ প্রেমতার স্বরূপ শক্তি তাকে আবরণ। করেন ইহাতে কিছু দোষ নাই হন॥ অবিদ্যার বৃত্তি মমতা জীবে দুঃখ দিতে। মন বান্ধি দেন যেমন সংসার বন্ধেতে॥ দণ্ডনীয় জনে বান্ধে রজ্জু শৃঙ্খলেতে। মান্য জনে বাধে সূক্ষ্ম জামা পাগাদিতে॥ এই মত অবিদ্যা অধীন জীব দুঃখী। প্রেমাধীন কৃ[illegible] হন অতিশয় সুখী॥ কৃষ্ণের প্রেমা আবরণ সুখ বিশেষ হন কোমল কোষে হন যেমন ভ্রমর আবরণ॥ ভক্তের হৃদয় পদ্মে প্রেমের রজ্জুতে। বান্ধা আছেন কৃষ্ণ কোথা না পান যাইতে॥ যার যেমন অবিদ্যা তেমন জ্ঞান আবরণ। জ্ঞান আবরণ যেমন তেমন দুঃখ হন॥ যার যেমন প্রেম তেমন ঐশ্বর্য্য আবরণ। ঐশ্বর্য্য আবরণ যেমন সুখ ভোগ তেমন॥ বিষয় আশ্রয়ের জ্ঞানৈশ্বর্য্য আবরণ। তারতম্যে

হয়েন সুখের তারতম ॥ ব্রজবাসির প্রেম যেমন বিষয় আশ্রয়। মমতা রজ্জুতে বান্ধি বশীভূত হয় ॥ জ্ঞানৈশ্বর্য্যা বরণাধিকে সুখাধিক নয়। দৈবকী আদির প্রেম তেমন সুখাধিক নয় ॥ যশোদার বাৎসল্য প্রেম কৃষ্ণ মুগ্ধ হন। আপনাকে ঈশ্বর জ্ঞান না হয় কখন ॥ নানা দানব দাবানলাদি উৎপাত সময়। লীলা শক্তি দ্বারে কৃষ্ণের সর্ব্বজ্ঞ স্ফুরয় ॥ মুগ্ধ সময় সাধকের পরিচর্য্যা গ্রহণ। সর্ব্বজ্ঞতা কৃষ্ণের অচিন্ত্য শক্তি হন ॥ বৈধ রাগানুগার এই কহিল বিবরণ। ইহার সিদ্ধ হইলে ঐশ্বর্য্য মাধুর্য্য হন ॥ স্বকীয়া পরকীয়া বিচার উজ্জলনীলমণি। বিস্তার করিয়া তাহা করিল ব্যাখ্যানি ॥ বৈধি মার্গেতে রাধা কৃষ্ণের ভজন। পরব্যোমস্থ গোলোকে স্বকীয়া প্রাপ্ত হন ॥ মধুর ভাব লোভী হঞা বিধিমার্গে ভজন। দ্বারকাতে সত্যভামায় পরিকর হন ॥ ঐশ্বর্য্য জ্ঞান মিশ্রমাধুর্য্য জ্ঞানময়। স্বকীয়া ভাব মহিষীগণে প্রাপ্ত হয় ॥ রাগমার্গ ভজনে রাধার পরিকর হন। পরকীয়া ভাবময় শুদ্ধ মাধুর্য্য জ্ঞান ॥ শ্রীরাধিকা শ্রীকৃষ্ণের আহ্লাদিনী শক্তি। তত্ত্ব বিচারিলে কৃষ্ণের স্বীয়া হন ব্যক্তি ॥ কিন্তু দুয়ের উপাসনা লীলার সহিতে। লীলা রহিত উপাসনাশ্রদ্ধা কহে শাস্ত্রেতে ॥ কোন শাস্ত্রে ব্রজলীলায় স্বকীয়া না কন। প্রকট অপ্রকটে দুয়ের পরকীয়া হন ॥ শ্রীগুরুচরণপদ্ম মনে করি আশ। রাগবর্ত্মচন্দ্রিকার চতুর্থ প্রকাশ কহেন কৃষ্ণদাস ॥

ইতি চতুর্থ প্রকাশ।

এবে রাগানুগা ভক্তের অনর্থ নিবৃত্তি। নিষ্ঠা রুচি আসক্তি ক্রমে হয় ভাবভক্তি ॥ প্রেম প্রাপ্তি হঞা সাক্ষাৎ প্রাপ্তির প্রকার। তেমত হইবে তাহা শুনহ বিস্তার ॥ ব্রজভাবে বদ্ধ রাগ সাধনে রত হঞা। তৎ যোগ্য অনুরাগ সমূহ পাইঞা ॥ উৎকণ্ঠার অনুসারে এক দুই তিনে ব্রজে আসি গোপী হঞা জন্মে ক্রমেং ॥ ভজনের উৎকণ্ঠা তাকে অনুরাগ কয়। স্থায়ী অনুরাগ সাধক দেহেতে না হয় ॥ অবতার কালে নিত্য প্রিয়ার কন্যাদির ন্যায়। সাধন সিদ্ধা গোপ গর্ভে আবির্ভাব হয় ॥ মহা ভাববতী গোপীর সঙ্গ মহিমাতে। দর্শন শ্রবণ আর কীর্ত্তনাদি হতে ॥ স্নেহ মান প্রণয় রাগ অনুরাগ মহাভাব। গোপী দেহে উৎপন্ন হয় এই সব ॥ পূর্ব্ব জন্মে সাধক দেহে এসব না হয়। সাধক দেহে প্রেমভক্তি পর্য্যন্ত উদয় ॥

গোপিনাং পরমানন্দ আসীৎ গোবিন্দ দর্শনে।
ক্ষণং যুগশতমিব যাসাং যেন বিনা ভবেৎ ॥

অস্যার্থঃ।

গোপীর পরমানন্দ গোবিন্দ দর্শনে। ক্ষণে যুগ শত হয় কৃষ্ণ অদর্শনে ॥ ক্রুটি যুগায়তেত্বাম পশ্যতা বচন। ক্ষণে শতযুগ মহাভাবের লক্ষণ ॥ দরশনে শতযুগ হন ক্ষণ প্রায়। একক্ষণ অদর্শনে যুগশত হয় ॥ কেহ কহেন সাধক দেহে প্রেমপ্রাপ্ত হঞা। সাধক দেহে ভঙ্গে অপ্রকট প্রকাশেতে যাঞা ॥ গোপীগর্ভে জন্ম বিনা গোপী দেহ পাবে। নিত্যসিদ্ধ গোপীর সঙ্গে মহাভাবাদি হবে এই কথা মহাজনের না হয় অভিপ্রায়। গোপীগর্ভে জন্ম

বিনা নর লীলা সিদ্ধ নয় ॥ কার কন্যা কার বধূ স্ত্রী বা কাহার । জন্ম বিনা না হয় সিদ্ধ এসব ব্যবহার ॥ তেঁহ কহেন অপ্রকট প্রকাশ জন্ম হবে । এসব ব্যবহার সিদ্ধ যোগমায়ার প্রভাবে ॥ এ কথায় সিদ্ধ ভূমির নিন্দা বহু হয় । কেবল সিদ্ধভূমিতে জন্ম কভু নয় ॥ প্রপঞ্চের অগোচর যে বৃন্দাবন প্রকাশ । সাধক আর প্রপঞ্চ লোকের না হয় প্রবেশ ॥ কেবল সিদ্ধভূমি হেতু স্নেহ আদিভাব । স্বীয় সাধনেতে তথা নহে লাভ ॥ অতএব যোগমায়া জাত প্রেমভক্তে । প্রপঞ্চের গোচর বৃন্দাবন প্রকাশেতে ॥ কৃষ্ণাবতার সময় গোপিকার গর্ভে । জন্মাইবেন মহাভাবাদি সিদ্ধির নিমিত্তে ॥ কর্ম্মি প্রভৃতি আর সাধক ভক্ত গণে । সিদ্ধভক্ত আদির প্রবেশ প্রকট বৃন্দাবনে ॥ সিদ্ধ সাধক ভূমি হন প্রকট বৃন্দাবন । অতএব সবার প্রবেশ ইহাতেই হন ॥ শ্রীগুরুচরণপদ্ম মনে করি আশ । রাগবর্ত্ম পঞ্চম প্রকাশ কহে কৃষ্ণদাস ॥

ইতি পঞ্চম প্রকাশ ।

কৃষ্ণপ্রাপ্তি হবেন সাধক অবতার সময় । ভয় পাঞা সাধক পুনঃ জিজ্ঞাসা করয় ॥ ব্রহ্মার এক দিন পরে অবতার হবে । এতদিন সাধক সিদ্ধ কোথায় থাকিবে ॥ গোসাঞি কহেন কেহ ভয় না করিবে । সাধন সিদ্ধ হইলে প্রাপ্তির বিলম্ব না হবে ॥ সাধক দেহ ভঙ্গ কালে প্রেমবত ভক্তে । চিরকাল উৎকণ্ঠা আছেন সেবাদি করিতে ॥ কৃপা করি ভগবান সহ পরিকরে । একবার দরশন দিবেন তাহারে ॥ চিদানন্দময়ী গোপী তনু দি-

বেন তারে। পূর্ব্বে যৈছে দরশন দিলেন নারদেরে ॥ সেই তনু যোগমায়া প্রকট প্রকাশেতে। কৃষ্ণ পরিকর প্রাদুর্ভাব সময়েতে ॥ গোপিকার গর্ভ হতে উদ্ভব করান। অতএ কালি বিলম্বের গন্ধ নাহি হন ॥ প্রকট লীলার অবিচ্ছেদ ব্রহ্মাণ্ডান্তরেতে। সাধন সিদ্ধার দেহ ভঙ্গ সমকালে তাতে ॥ অতএব প্রকট লীলা সর্ব্বকাল হন। যে ব্রহ্মাণ্ডে প্রকট লীলা সাধক তথা যান ॥ ভোভো উৎকণ্ঠা যুক্ত অনুরাগি ভক্ত। না করিহ প্রাপ্তির নাহিক বিলম্ব ॥ লীলা বিলাসে ভক্তিমঞ্জরীর ভ্রমর। মুঞি সর্ব্বজ্ঞ নিধি কৃষ্ণে নমস্কার ॥ দদামি বুদ্ধি যোগং তং শ্রীমুখ বাক্যেতে। প্রার্থনা করিয়া আমি মনের বাঞ্ছিতে ॥ গোপীকুচে অলঙ্কৃত হও তুমি যবে। যাহা যাতে হয় সেই বুদ্ধি মোরে দিবে ॥ রাগানুগা ভক্তি সদা সর্ব্ব প্রকারে ॥ শাস্ত্র বিধি অতিক্রান্ত সেই জন বলে ॥ শাস্ত্র বিধি ত্যাগী যেবা যজে শ্রদ্ধান্বিতে। বিধি হীন অষ্টাঙ্গ নিন্দিত গীতাতে ॥

শ্রুতিস্মৃতি পুরাণাদি পঞ্চরাত্র বিধিং বিনা।
ঐকান্তিকী হরের্ভক্তি রুৎপাতায়ৈব কল্পতে ॥

শ্রুতি স্মৃতি বাক্যে তার উৎপাত পড়িবে। অনুভব করিতেছেন আর পরে হবে ॥ রাগানুগা বর্ত্ম দেবের দুর্দ্দর্শ যে হয়। সবিশেষ জানিবেন এই ভক্তি চন্দ্রিকায় ॥ বিশ্বনাথ চক্রবর্ত্তী রাগবর্ত্ম প্রকাশিল। তাহার কৃপাতে অল্প সংক্ষেপে কহিল ॥ শ্রীগুরুচরণপদ্ম মনে করি আশ। রাগবর্ত্ম ষষ্ঠ প্রকাশ কহে কৃষ্ণদাস ॥ ৬ ॥

ইতি রাগবর্ত্মচন্দ্রিকা ভাষা সমাপ্তঃ।

২৬

বি
কা
কে
যে
হয়
চর
হয়
গা
প্রে
কৃষ্ণ
বাদি
পদে
সাধ
ইহাতে
পঞ্চ

হ
সাধব
ভার
গোন
ইলে।
প্রেম
রিতে
মরণ